ব্রজপুর-বনিতার, চরণ আশ্রয় সার,
কর মন একান্ত করিয়া।
অন্য বোল গণ্ডগোল, না শুনহ উতরোল,
রাখ প্রেম হৃদয়ে ভরিয়া ॥ ৬৭ ॥
পাপ পুণ্যময় দেহ, সকলি অনিত্য এহ,
ধন জন সব মিছা ধন্দ।
মরিলে যাইবে কোথা, ইহাতে না পাও ব্যথা,
তবু নিতি কর কার্য্য মন্দ ॥ ৬৮ ॥
রাজার যে রাজ্যপাট, যেন নাটুয়ার নাট,
দেখিতে দেখিতে কিছু নয়।
হেন মায়া করে যেই, পরম ঈশ্বর সেই,
তাঁরে মন! সদা কর ভয় ॥ ৬৯ ॥
পাপ না করিহ মন! অধম সে পাপীজন,
তারে মুই দূরে পরিহরি।
পুণ্য যে সুখের ধাম, তার না লইহ নাম,
পুণ্য মুক্তি দুই ত্যাগ করি ॥ ৭০ ॥
প্রেমভক্তি সুধানিধি, তাহে ডুব নিরবধি,
আর যত ক্ষারনিধি প্রায়।

নিরন্তর সুখ পাবে, সকল সন্তাপ যাবে,
পরতত্ত্ব কহিনু উপায় ॥ ৭১ ॥
অন্যের পরশ যেন, নাহি হয় কদাচন,
ইহাতে হইবে সাবধান।
রাধাকৃষ্ণ নাম গান, এই সে পরম ধ্যান,
আর না করিহ পরমাণ ॥ ৭২ ॥
কর্ম্মীজ্ঞানী মিছাভক্ত, না হবে তাতে অনুরক্ত,
বিশুদ্ধ ভজন কর মন।
ব্রজজনের যেই রীত, তাহাতে ডুবাও চিত,
এই সে পরম তত্ত্বধন ॥ ৭৩ ॥
প্রার্থনা করিব সদা, শুদ্ধভাবে প্রেমকথা,
নাম মন্ত্রে করিয়া অভেদ।
নৈষ্ঠিক করিয়া মন, ভজ রাঙ্গা শ্রীচরণ,
পাপগ্রন্থি হবে পরিচ্ছেদ ॥ ৭৪ ॥
রাধাকৃষ্ণ সেবন, একান্ত করিয়া মন,
চরণ কমল বলি যাঁউ।
দোঁহার নাম গুণ শুনি, ভক্তমুখে পুনিপুনি,
পরম আনন্দ সুখ পাঁউ ॥ ৭৫ ॥
হেম-গৌরী-তনু-রাই, আঁখি দরশন চাই,
রোদন করিব অভিলাষে।

জলধর ঢর ঢর, অঙ্গ অতি মনোহর,
রূপেতে ভুবন পরকাশে ॥ ৭৬ ॥
সখীগণ চারিপাশে, সেবা করে অভিলাষে,
যে সেবা পরম সুখ ধরে।
এই মনে আশা মোর, ঐছে রসে হঞা ভোর,
নরোত্তম সদাই বিহরে ॥ ৭৭ ॥
রাধা কৃষ্ণ কর ধ্যান, স্বপনে না বল আন,
প্রেম বিনা আর নাহি চাও।
যুগলকিশোর-প্রেম, যেন লক্ষবান-হেম,
আরতি পিরীতি রসে ধ্যাও ॥ ৭৮ ॥
জল বিনু যেন মীন, দুঃখ পায় আয়ুহীন,
প্রেম বিনু এই মত ভক্ত।
চাতক জলদগতি, এমতি একান্ত রীতি,
যেই জানে সেই অনুরক্ত ॥ ৭৯ ॥
লুবধ ভ্রমর যেন, চকোর চন্দ্রিকা তেন,
পতিব্রতাজন যেন পতি।
অন্যত্র না চলে মন, যেন দরিদ্রের ধন,
এই মত প্রেম ভক্তি রীতি ॥ ৮০ ॥
বিষয় গরলময়, তাতে মান সুখচয়,
সে না সুখ দুঃখ করি মান।

গোবিন্দ-বিষয়-রস সঙ্গ কর, তাঁর দাস,
প্রেম ভক্তি সত্য করি জান ॥ ৮১ ॥
মধ্যে মধ্যে আছে দুষ্ট, দৃষ্টি করি হয় রুষ্ট,
গুণহিঁ বিগুণ করি মানে।
গোবিন্দ-বিমুখজনে, স্ফূর্ত্তি নহে হেন ধনে,
লৌকিক করিয়া সব জানে ॥ ৮২ ॥
অজ্ঞান-অভাগা যত, নাহি লয় সত্ মত,
অহঙ্কারে না জানে আপনা।
অভিমানী ভক্তিহীন, জগমাঝে সেই দীন,
বৃথা তার অশেষ ভাবনা ॥ ৮৩ ॥
আর সব পরিহরি, পরম ঈশ্বর হরি,
সেব মন! প্রেম করি আশ।
এক ব্রজরাজপুরে, গোবিন্দ রসিকবরে,
করহ সদাই অভিলাষ ॥ ৮৪ ॥
নরোত্তমদাস কহে, সদা মোর প্রাণ দহে,
হেন ভক্ত সঙ্গ না পাইয়া।
অভাগ্যের নাহি ওর, মিছা মোহে হৈনু ভোর,
দুঃখ রহু অন্তরে জাগিয়া ॥ ৮৫ ॥
বচনের অগোচর, বৃন্দাবন হেন স্থল,
স্বপ্রকাশ প্রেমানন্দঘন।

যাহাতে প্রকট সুখ, নাহি জরা মৃত্যু দুখ,
কৃষ্ণলীলারস অনুক্ষণ ॥ ৮৬ ॥
রাধাকৃষ্ণ দুঁহু প্রেম, লক্ষবান যেন হেম,
যাহার হিল্লোল রসসিন্ধু।
চকোর নয়ন-প্রেম, কাম রতি করে ধ্যান,
পিরীতি সুখের দুঁহু বন্ধু ॥ ৮৭ ॥
রাধিকা প্রেয়সীবরা, বাম দিকে মনোহরা,
কনক-কেশর-কান্তি ধরে।
অনুরাগে রক্ত সাড়ী, নীলপট্ট মনোহারী,
মণিময় আভরণ পরে ॥ ৮৮ ॥
করয়ে লোচন পান, রূপ-লীলা দুঁহু গান,
আনন্দে মগন সহচরী।
বেদবিধি অগোচর, রতন-বেদীর পর,
সেব নিতি কিশোর কিশোরী ॥ ৮৯ ॥
দুর্লভ জনম হেন, নাহি ভজ হরি কেন ?
কি লাগিয়া মর ভববন্ধে।
ছাড় অন্য ক্রিয়া কর্ম্ম, নাহি দেখ বেদধর্ম্ম,
ভক্তি কর কৃষ্ণপদদ্বন্দ্বে ॥ ৯০ ॥
বিষয় বিষম গতি, নাহি ভজ ব্রজপতি,
কৃষ্ণচন্দ্র-চরণ-সুখসার।

স্বর্গ আর অপবর্গ, সংসার নরক ভোগ,
সর্ব্বনাশা জনম বিকার ॥ ৯১ ॥
দেহে না করিহ আস্থা, মরিলে যে যম শাস্তা,
দুঃখের সমুদ্র কর্ম্মগতি।
দেখিয়া শুনিয়া ভজ, সাধু শাস্ত্র মত যজ,
যুগল চরণে কর রতি ॥ ৯২ ॥
জ্ঞান-কাণ্ড, কর্ম্ম-কাণ্ড, কেবলি বিষের ভাণ্ড,
অমৃত বলিয়া যেবা খায়।
নানা যোনি সদা ফিরে, কদর্য্য ভক্ষণ করে,
তার জন্ম অধঃপাতে যায় ॥ ৯৩ ॥
রাধাকৃষ্ণে নাহি রতি, অন্য দেবে বলে পতি,
প্রেমভক্তি-রীতি নাহি জানে।
নাহি ভক্তির সন্ধান, ভরমে করয়ে ধ্যান,
বৃথা তার এ ছার জীবনে ॥ ৯৪ ॥
জ্ঞান, কর্ম্ম করে লোক, নাহি জানে ভক্তিযোগ,
নানা মতে হইয়া অজ্ঞান।
তার কথা নাহি শুনি, পরমার্থ তত্ত্ব জানি,
প্রেমভক্তি ভক্তগণ-প্রাণ ॥ ৯৫ ॥
জগৎ ব্যাপক হরি, অজ ভব আজ্ঞাকারী,
মধুর মুরতি লীলাকথা।

এই তত্ত্ব জানে যেই, পরম রসিক সেই,
তার সঙ্গ করিব সর্ব্বথা ॥ ৯৬ ॥
পরম নাগর কৃষ্ণ, তাহে হও অতি তৃষ্ণ,
ভজ তাঁরে ব্রজভাব লৈয়া।
রসিক ভকত সঙ্গে, রহিব পিরীতি-রঙ্গে,
ব্রজপুরে বসতি করিয়া ॥ ৯৭ ॥
শ্রীগুরু ভকত জন, তাঁহার চরণে মন,
আরোপিয়া কথা অনুসারে।
সখীর সর্ব্বথা মত, হইয়া তাহার যূথ,
সদা বিহরিব ব্রজপুরে ॥ ৯৮ ॥
লীলারস সদা গান, যুগলকিশোর প্রাণ,
প্রার্থনা করিব অভিলাষে।
জীবনে মরণে এই, আর কিছু নাহি চাই,
কহে দীন নরোত্তম দাসে ॥ ৯৯ ॥
আন কথা না বলিব, আন কথা না শুনিব,
সকলি করিব পরমার্থ।
প্রার্থনা করিব সদা, লালসা অভীষ্ট কথা,
ইহা বিনা সকলি অনর্থ ॥ ১০০ ॥
ঈশ্বরের তত্ত্ব যত, তাহা বা কহিব কত,
অনন্ত অপার কেবা জানে।

ব্রজপুর প্রেম সত্য, এই সে পরম তত্ত্ব,
ভজ সদা অনুরাগ মনে ॥ ১০১ ॥
গোবিন্দ গোকুলচন্দ্র, পরম আনন্দকন্দ,
পরিবার গোপ-গোপী সঙ্গে।
নন্দীশ্বর যাঁর ধাম, গিরিধারী যাঁর নাম,
সখী সঙ্গে তাঁরে ভজ রঙ্গে ॥ ১০২ ॥
প্রেমভক্তি-তত্ত্ব এই, তোমারে কহিনু ভাই,
আর দুর্ব্বাসনা পরিহরি।
শ্রীগুরু-প্রসাদে ভাই, এ সব ভজন পাই,
প্রেমভক্তি সখী অনুচরী ॥ ১০৩ ॥
সার্থক ভজন পথ, সাধুসঙ্গে অবিরত,
স্মরণ ভজন কৃষ্ণ-কথা।
প্রেমভক্তি হয় যদি, তবে হয় মনশুদ্ধি,
তবে যায় হৃদয়ের ব্যথা ॥ ১০৪ ॥
বিষয় বিপত্তি জান, সংসার স্বপন মান,
নরতনু ভজনের মূল।
অনুরাগে ভজ সদা, প্রেমভাবে লীলাকথা,
আর যত হৃদয়ের শূল ॥ ১০৫ ॥
রাধিকা-চরণ-রেণু, ভূষণ করিয়া তনু,
অনায়াসে পাবে গিরিধারী।

রাধিকাচরণাশ্রয়, যে করে সে মহাশয়,
তারে মুই যাই বলিহারি ॥ ১০৬ ॥
জয় জয় রাধানাম, বৃন্দাবন যার ধাম,
কৃষ্ণসুখ বিলাসের নিধি।
হেন রাধা-গুণ-গান, না শুনিল মোর কাণ,
বঞ্চিত করিল মোরে বিধি ॥ ১০৭ ॥
তার ভক্তসঙ্গে সদা, রসলীলা প্রেমকথা,
যে কহে সে পায় ঘনশ্যাম।
ইহাতে বিমুখ যেই, তার কভু সিদ্ধি নেই,
না শুনিয়ে যেন তার নাম ॥ ১০৮ ॥
কৃষ্ণনাম গানে ভাই, রাধিকা-চরণ পাই,
রাধানাম-গানে কৃষ্ণচন্দ্র।
সঙ্ক্ষেপে কহিনু কথা, ঘুচাও মনের ব্যথা,
দুঃখময় অন্য কথা ধন্দ ॥ ১০৯ ॥
অহঙ্কার অভিমান, অসৎ সঙ্গ অসৎ জ্ঞান,
ছাড়ি ভজ গুরুপাদপদ্ম।
কর আত্মনিবেদন, দেহ, গেহ, পরিজন,
গুরুবাক্য পরম মহত্ত্ব ॥ ১১০ ॥
শ্রীকৃষ্ণচৈতন্যদেব, রতি মতি তাঁরে সেব,
প্রেম কল্পতরুবরদাতা।

ব্রজরাজনন্দন, রাধিকার প্রাণধন,
অপরূপ এই সব কথা ॥ ১১১ ॥
নবদ্বীপে অবিতরি, রাধা-ভাব অঙ্গীকরি,
তাঁর কান্তি অঙ্গের ভূষণ।
তিন বাঞ্ছা অভিলাষী, শচীগর্ভে পরকাশি,
সঙ্গে সব পারিষদগণ ॥ ১১২ ॥
গৌরহরি অবতরি, প্রেমের বাদর করি,
সাধিলা মনের নিজ কাজ।
রাধিকার প্রাণপতি, কি ভাবে কান্দয়ে নিতি,
ইহা বুঝে ভকতসমাজ ॥ ১১৩ ॥
গুপতে সাধিব সিদ্ধি, সাধন নবধা ভক্তি,
প্রার্থনা করিব দৈন্যে সদা।
করি হরি সঙ্কীর্ত্তন, সদাই আনন্দ মন,
কৃষ্ণ বিনা আর সব বাধা ॥ ১১৪ ॥
এ সংসার-বাটুয়ারে, কাম-পাশে বান্ধি মোরে,
ফুকারে কহয়ে হরিদাস।
করহ ভকত সঙ্গ, প্রেমকথা রস রঙ্গ,
তবে হয় বিপদ বিনাশ ॥ ১১৫ ॥
স্ত্রী পুত্র বান্ধব যত, মরি যায় কত শত,
আপনারে হও সাবধান।

মুই যে বিষয়হত, না ভজিনু হরিপদ,
মোর আর নাহি পরিত্রাণ ॥ ১৬ ॥
রামচন্দ্র কবিরাজ, সেইসঙ্গে মোর কাজ,
তাঁর সঙ্গ বিনা সব শূন্য।
যঁদি জন্ম হয় পুনঃ, তার সঙ্গ হয় যেন,
তবে নরোত্তম হয় ধন্য ॥ ১১৭ ॥
আপন ভজন কথা, না কহিব যথা তথা,
ইহাতে হইব সাবধান।
না করিহ কেহ রোষ, না লইহ কেহ দোষ,
প্রণমহ ভক্তের চরণ ॥ ১১৮ ॥
শ্রীগৌরাঙ্গপ্রভু মোরে যে বলান বাণী,
তাহা বিনা ভাল মন্দ কিছুই না জানি।
লোকনাথ প্রভুপদ হৃদয়ে বিলাস,
প্রেমভক্তিচন্দ্রিকা কহে নরোত্তমদাস ॥ ১১৯ ॥
ইতি শ্রীনরোত্তমদাস ঠাকুর মহাশয় বিরচিত
শ্রীপ্রেমভক্তিচন্দ্রিকা
সমাপ্ত।

প্রার্থনা।

(১)

সংপ্রার্থনাত্মিকা।

গৌরাঙ্গ বলিতে হবে পুলক শরীর।
হরি হরি বলিতে নয়নে ব'বে নীর॥
আর কবে নিতাইচাঁদ করুণা করিবে।
সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হবে॥
বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হবে মন।
কবে হাম হেরব শ্রীবৃন্দাবন॥
রূপ রঘুনাথ বলি হইবে আকুতি।
কবে হাম বুঝব সে যুগল পিরীতি॥
রূপ-রঘুনাথ-পদে রহু মোর আশ।
প্রার্থনা করয়ে সদা নরোত্তম দাস॥

(২)

দৈন্যবোধিকা।

হরি! হরি! কি মোর করম অতি মন্দ।
ব্রজে রাধাকৃষ্ণ পদ, না ভজিনু তিল আধ,
না বুঝিনু রাগের সম্বন্ধ॥

স্বরূপ সনাতন রূপ, রঘুনাথ ভট্টযুগ,
ভূগর্ভ শ্রীজীব লোকনাথ।
ইঁহা সবার পাদপদ্ম, না সেবিনু তিল আধ,
কিসে মোর পূরিবেক সাধ॥
কৃষ্ণদাস কবিরাজ, রসিক-ভকত-মাঝ,
যেঁহো কৈল চৈতন্যচরিত।
গৌর-গোবিন্দ লীলা, শুনিতে গলয়ে শিলা,
তাহাতে না হৈল মোর চিত॥
সে সব ভকত-সঙ্গ, যে করিল তার সঙ্গ,
তার সঙ্গে কেনে নৈল বাস।
কি মোর দুঃখের কথা, জনম গোঙানু বৃথা,
ধিক্ ধিক্ নরোত্তম দাস॥

(৩)

সম্প্রার্থনাত্মিকা।

রাধাকৃষ্ণ! নিবেদন এই জন করে।
দোঁহ অতি রসময়, সকরুণ হৃদয়,
অবধান কর নাথ! মোরে॥
হে কৃষ্ণ গোকুলচন্দ্র! গোপীজন-বল্লভ!
হে কৃষ্ণপ্রেয়সী-শিরোমণি!

হেমগৌরী শ্যাম-গায়, শ্রবণে পরশ পায়,
গুণ শুনি জুড়ায় পরাণী ॥
অধম দুর্গতিজনে, কেবল করুণা মনে,
ত্রিভুবনে এ যশ খেয়াতি ।
শুনিয়া সাধুর মুখে, শরণ লইনু সুখে,
উপেক্ষিলে নাহি মোর গতি ॥
জয় রাধে ! জয় কৃষ্ণ ! জয় জয় রাধে ! কৃষ্ণ !
কৃষ্ণ ! কৃষ্ণ ! জয় জয় রাধে !
অঞ্জলি মস্তকে করি, নরোত্তম ভূমে পড়ি,
কহে দোঁহে পূরাও মন সাধে ॥

(৪)

স্বাভীষ্ট লালসা ।

হরি ! হরি ! হেন দিন হইবে আমার ।
দুঁহু অঙ্গ নিরখিব, দুঁহু অঙ্গ পরশিব,
সেবন করিব দোঁহাকার ॥
ললিতা বিশাখা সঙ্গে, সেবন করিব রঙ্গে,
মালা গাঁথি দিব নানা ফুলে ।
কনকসম্পুট করি, কর্পূর তাম্বুল ভরি,
যোগাইব অধর যুগলে ॥

রাধাকৃষ্ণ বৃন্দাবন, এই মোর প্রাণধন,
এই মোর জীবন উপায়।
জয় পতিতপাবন, দেহ মোরে এই ধন,
তোমা বিনা অন্য নাহি ভায়॥
শ্রীগুরু করুণাসিন্ধু, অধম জনার বন্ধু,
লোকনাথ লোকের জীবন।
হা! হা! প্রভু কর দয়া, দেহ মোরে পদছায়া,
নরোত্তম লইল শরণ॥

(৫)

দৈন্যবোধিকা।

হরি! হরি! বিফলে জনম গোঙাইনু।
মনুষ্য জনম পাইয়া, রাধাকৃষ্ণ না ভজিয়া,
জানিয়া শুনিয়া বিষ খাইনু॥
গোলোকের প্রেমধন, হরি নাম সঙ্কীর্ত্তন,
রতি না জন্মিল কেনে তায়।
এ সংসার বিষানলে, দিবানিশি হিয়া জ্বলে,
জুড়াইতে না কৈনু উপায়॥
ব্রজেন্দ্রনন্দন যেই, শচীসুত হইল সেই,
বলরাম হইল নিতাই।

দীন হীন যত ছিল, হরি নামে উদ্ধারিল,
তার সাক্ষী জগাই মাধাই ॥
হা হা প্রভু নন্দসুত ! বৃষভানুসুতাযুত,
করুণা করহ এইবার ।
নরোত্তম দাস কয়, না ঠেলিহ রাঙ্গাপায়,
তোমা বিনে কে আছে আমার ॥

(৬)

সাধকদেহোচিতলালসা

"হরি ! হরি !" কবে মোর হইবে সুদিন ।
ভজিব সে রাধাকৃষ্ণ হৈঞা প্রেমাধীন ॥
সুযন্ত্রে মিশাঞা গাব সুমধুর তান ।
আনন্দে করিব দুঁহার রূপগুণ গান ॥
'রাধিকা গোবিন্দ' বলি কান্দিব উচ্চৈঃস্বরে ।
ভিজিবে সকল অঙ্গ নয়নের নীরে ॥
এইবার করুণা কর রূপ সনাতন ।
রঘুনাথদাস মোর শ্রীজীব জীবন ॥
এইবার করুণা কর ললিতা বিশাখা ।
সখ্যভাবে মোর প্রভু সুবলাদি সখা ॥

সবে মিলি কর দয়া পূরুক মোর আশ।
প্রার্থনা করয়ে সদা নরোত্তম দাস॥

(৭)

দৈন্যবোধিকা

প্রাণেশ্বর! নিবেদন এইজন করে।
গোবিন্দ গোকুলচন্দ্র, পরম আনন্দকন্দ,
গোপীকুলপ্রিয় দেখ মোরে॥
তুয়া প্রিয় পদসেবা, এই ধন মোরে দিবা,
তুমি প্রভু করুণার নিধি।
পরম মঙ্গল যশে, শ্রবণ পরশ রসে,
কার কিবা কার্য্য নহে সিদ্ধি॥
দারুণ সংসার গতি, বিষম বিষয় মতি,
তুয়া বিস্মরণ শেল বুকে।
জর জর তনু মন, অচেতন অনুক্ষণ,
জীয়ন্তে মরণ ভেল দুখে॥
মো বড় অধম জনে, কর কৃপা নিরীক্ষণে,
দাস করি রাখ বৃন্দাবনে।
শ্রীকৃষ্ণচৈতন্য নাম, প্রভু মোর গৌরধাম,
নরোত্তম লইল শরণে॥

(৮)

দৈন্যবোধিকা

গোবিন্দ! গোপীনাথ! কৃপা করি রাখ নিজ পদে।
কাম ক্রোধ ছয় জনে, লয়ে ফিরে নানা স্থানে,
বিষয় ভুঞ্জায় নানামতে।
হইয়া মায়ার দাস, করি নানা অভিলাষ,
তোমার স্মরণ গেল দূরে।
অর্থ লাভ এই আশে, কপট বৈষ্ণববেশে,
ভ্রমিয়া বুলিয়ে ঘরে ঘরে॥
অনেক দুঃখের পরে, লয়েছিলে ব্রজপুরে,
কৃপাডোর গলায় বান্ধিয়া।
দৈব মায়া বলাৎকারে, খসাইয়া সেই ডোরে,
ভবকূপে দিলেক ডারিয়া॥
পুনঃ যদি কৃপা করি, এ জনার কেশে ধরি,
টানিয়া তুলহ ব্রজধামে।
তবে সে দেখিয়ে ভাল, নহে বোল ফুরাইল,
কহে দীন দাস নরোত্তমে॥

(৯)

দৈন্যবোধিকা

মোর প্রভু মদন গোপাল।

গোবিন্দ গোপীনাথ,

দয়া কর মুঞি অধমেরে।

সংসার-সাগর মাঝে, পড়িয়া রয়েছি নাথ,

কৃপাডোরে বান্ধি লহ মোরে ॥

অধম চণ্ডাল আমি, দয়ার ঠাকুর তুমি,

শুনিয়াছি বৈষ্ণবের মুখে।

এ বড় ভরসা মনে, লৈঞা ফেল বৃন্দাবনে,

বংশীবট যেন দেখি সুখে ॥

কৃপা করি আগুসরি, লহ মোরে কেশে ধরি,

শ্রীযমুনা দেহ পদছায়া।

অনেক দিনের আশ, নহে যেন নৈরাশ,

দয়া কর না করহ মায়া ॥ ২ ॥

অনিত্য এ দেহ ধরি, আপন আপন করি,

পাছে পাছে শমনের ভয়।

নরোত্তম দাস ভনে, প্রাণ কান্দে রাত্রিদিনে,

পাছে ব্রজ প্রাপ্তি নাহি হয় ॥

(১০)

স্বনিষ্ঠা।

ধন মোর নিত্যানন্দ, পতি মোর গৌরচন্দ্র,
প্রাণ মোর যুগলকিশোর।
অদ্বৈত আচার্য্য বল, গদাধর মোর কুল,
নরহরি বিলসই মোর॥
বৈষ্ণবের পদধূলি, তাহে মোর স্নান কেলি,
তর্পণ মোর বৈষ্ণবের নাম।
বিচার করিয়া মনে, ভক্তিরস আস্বাদনে,
মধ্যস্থ শ্রীভাগবত পুরাণ॥
বৈষ্ণবের উচ্ছিষ্ট, তাহে মোর মন নিষ্ঠ,
বৈষ্ণবের নামেতে উল্লাস।
বৃন্দাবনে চবুতারা, তাহে মোর মন ঘেরা,
কহে দীন নরোত্তম দাস॥

(১১)

মনঃশিক্ষা।

নিতাই পদকমল, কোটি চন্দ্র সুশীতল,
যে ছায়ায় জগত জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই, রাধাকৃষ্ণ পাইতে নাই,
দৃঢ় করি ধর নিতাই-পায়॥

সে সম্বন্ধ নাহি যার, বৃথা জন্ম গেল তার,
সেই পশু বড় দুরাচার।
নিতাই না বলিল মুখে, মজিল সংসার সুখে,
বিদ্যাকুলে কি করিবে তার ॥
অহঙ্কারে মত্ত হৈঞা, নিতাই পদ পাসরিয়া,
অসত্যেরে সত্য করি মানি।
নিতাইয়ের করুণা হবে, ব্রজে রাধাকৃষ্ণ পাবে,
ধর নিতাই-চরণ দুখানি ॥
নিতাইয়ের চরণ সত্য, তাঁহার সেবক নিত্য,
নিতাই-পদ সদা কর আশ।
নরোত্তম বড় দুখী, নিতাই মোরে কর সুখী,
রাখ রাঙ্গাচরণের পাশ।

(১২)

মনঃশিক্ষা

অরে ভাই! ভজ মোর গৌরাঙ্গচরণ।
না ভজিয়া মৈনু দুঃখে, ডুবি গৃহ-বিষ কূপে,
দগ্ধ হৈল এ পাঁচ পরাণ ॥
তাপত্রয় বিষানলে, অহর্নিশি হিয়া জ্বলে,
দেহ সদা হয় অচেতন।

রিপুবশ ইন্দ্রিয় হৈল, গোরা পদ পাসরিল,
বিমুখ হইল হেন ধন ॥
হেন গৌর দয়াময়, ছাড়ি সব লাজ ভয়,
কায়মনে লহরে শরণ।
পামর দুর্ম্মতি ছিল, তারে গোরা উদ্ধারিল,
তারা হৈল পতিতপাবন ॥
গোরা দ্বিজ নটরাজে, বান্ধহ হৃদয় মাঝে,
কি করিবে সংসার শমন।
নরোত্তম দাস কহে, গোরা সম কেহ নহে,
না ভজিতে দেন প্রেমধন ॥

(১৩)

শ্রীগৌরভক্ত মহিমা।

গৌরাঙ্গের দুটি পদ, যার ধন সম্পদ,
সে জানে ভকতি-রস-সার।
গৌরাঙ্গ-মধুর লীলা, যার কর্ণে প্রবেশিলা,
হৃদয় নির্ম্মল ভেল তার ॥
যে গৌরাঙ্গের নাম লয়, তার হয় প্রেমোদয়,
তারে মুঞি যাই বলিহারি।
গৌরাঙ্গ-গুণেতে ঝুরে, নিত্য লীলা তারে স্ফুরে,
সে জন ভকতি অধিকারী ॥

গৌরাঙ্গের সঙ্গিগণে, নিত্য সিদ্ধ করি মানে,
সে যায় ব্রজেন্দ্রসুত-পাশ।
শ্রীগৌড়মণ্ডল-ভূমি, যেবা জানে চিন্তামণি,
তার হয় ব্রজভূমে বাস॥
গৌরপ্রেম-রসার্ণবে, সে তরঙ্গে যেবা ডুবে,
সে রাধামাধব অন্তরঙ্গ।
গৃহে বা বনেতে থাকে, হা গৌরাঙ্গ! ব'লে ডাকে,
নরোত্তম মাগে তার সঙ্গ॥

(১৪)

পুনঃপ্রার্থনা।

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু দয়া কর মোরে।
তোমা বিনা কে দয়ালু জগৎ সংসারে॥
পতিত পাবন হেতু তব অবতার।
মো সম পতিত প্রভু না পাইবে আর॥
হা হা প্রভু নিত্যানন্দ! প্রেমানন্দ সুখী।
কৃপাবলোকন কর আমি বড় দুঃখী॥
দয়া কর সীতাপতি অদ্বৈত গোসাঞি।
তব কৃপাবলে পাই চৈতন্য নিতাই॥
হা হা স্বরূপ সনাতন রূপ রঘুনাথ।
ভট্টযুগ শ্রীজীব হা প্রভু লোকনাথ॥

দয়া কর শ্রীআচার্য্য প্রভু শ্রীনিবাস।
রামচন্দ্র সঙ্গ মাগে নরোত্তম দাস ॥

(১৫)

সপার্ষদ-ভগবদ্বিরহজনিত বিলাপঃ

যে আনিল প্রেমধন করুণা প্রচুর।
হেন প্রভু কোথা গেল আচার্য্য ঠাকুর ॥
কাঁহা মোর স্বরূপ রূপ কাঁহা সনাতন।
কাঁহা দাস রঘুনাথ পতিতপাবন ॥
কাঁহা মোর ভট্টযুগ কাঁহা কবিরাজ।
এককালে কোথা গেলা গোরা নটরাজ ॥
পাষাণে কুটিব মাথা অনলে পশিব।
গৌরাঙ্গ গুণের নিধি কোথা গেলে পাব ॥
সে সব সঙ্গীর সঙ্গে যে কৈল বিলাস।
সে সঙ্গ না পাঞা কান্দে নরোত্তম দাস ॥

(১৬)

পুনশ্চ দৈন্য-বিলাপঃ

হরি হরি! বড় শেল মরমে রহিল।
পাইয়া দুর্লভ তনু, শ্রীকৃষ্ণ-ভজন বিনু,
জন্ম মোর বিফল হইল ॥

ব্রজেন্দ্রনন্দন হরি, নবদ্বীপে অবতরি,
জগত ভরিয়া প্রেম দিল।
মুঞি সে পামর মতি, বিশেষে কঠিন অতি,
তেঁই মোরে করুণা নহিল॥
স্বরূপ সনাতন রূপ, রঘুনাথ ভট্টযুগ,
তাহাতে না হৈল মোর মতি।
দিব্য চিন্তামণি-ধাম, বৃন্দাবন হেন স্থান,
সেই ধামে না কৈনু বসতি॥
বিশেষ বিষয়ে মতি, নহিল বৈষ্ণবে রতি,
নিরন্তর খেদ উঠে মনে।
নরোত্তম দাস কহে, জীবার উচিত নহে,
শ্রীগুরুবৈষ্ণব সেবা বিনে॥

(১৭)

বৈষ্ণব-মহিমা।

ঠাকুর বৈষ্ণব পদ, অবনীর সুসম্পদ,
শুন ভাই! হঞা এক মন।
আশ্রয় লইয়া ভজে, তারে কৃষ্ণ নাহি ত্যজে,
আর সব মরে অকারণ॥

বৈষ্ণব চরণ জল, প্রেমভক্তি দিতে বল,
আর কেহ নহে বলবন্ত।
বৈষ্ণব-চরণরেণু, মস্তকে ভূষণ বিনু,
আর নাহি ভূষণের অন্ত ॥
তীর্থজল পবিত্র গুণে, লিখিয়াছে পুরাণে,
সে সব ভক্তির প্রবঞ্চন।
বৈষ্ণবের পাদোদক, সম নহে এই সব,
যাতে হয় বাঞ্ছিত পূরণ ॥
বৈষ্ণব সঙ্গেতে মন, আনন্দিত অনুক্ষণ,
সদা হয় কৃষ্ণ পরসঙ্গ।
দীন নরোত্তম কান্দে, হিয়া ধৈর্য্য নাহি বান্ধে,
মোর দশা কেন হৈল ভঙ্গ ॥

(১৮)

বৈষ্ণবে বিজ্ঞপ্তিঃ

ঠাকুর বৈষ্ণবগণ! করি মুঞি নিবেদন,
মো বড় অধম দুরাচার।
দারুণ-সংসার-নিধি, তাহে ডুবাইল বিধি,
কেশে ধরি মোরে কর পার ॥

বিধি বড় বলবান্, না শুনে ধরম জ্ঞান,
সদাই করমপাশে বান্ধে।
না দেখি তারণ লেশ, যত দেখি সব ক্লেশ,
অনাথ, কাতরে তেঞি কান্দে ॥
কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, অভিমান সহ,
আপন আপন স্থানে টানে।
আমার ঐছন মন, ফিরে যেন অন্ধজন,
সুপথ বিপথ নাহি মানে ॥
না লইনু সৎ মত, অসতে মজিল চিত,
তুয়া পায়ে না করিনু আশ।
নরোত্তমদাসে কয়, দেখি শুনি লাগে ভয়,
তরাইয়া লহ নিজপাশ ॥

(১৯)

বৈষ্ণবে বিজ্ঞপ্তিঃ।

এইবার করুণা কর, বৈষ্ণব-গোসাঞি।
পতিতপাবন তোমা বিনে কেহ নাই ॥
কাহার নিকটে গেলে পাপ দূরে যায়।
এমন দয়াল প্রভু কেবা কোথা পায় ॥
গঙ্গার পরশ হ'লে পশ্চাতে পাবন।
দর্শনে পবিত্র কর এই তোমার গুণ ॥

হরিস্থানে অপরাধ তারে হরিনাম।
তোমা স্থানে অপরাধ নাহিক এড়ান॥
তোমার হৃদয়ে সদা গোবিন্দ বিশ্রাম।
গোবিন্দ কহেন মম বৈষ্ণব পরাণ॥
প্রতি জন্মে করি আশা চরণের ধূলি।
নরোত্তমে কর দয়া আপনার বলি॥

(২০)

বৈষ্ণবে বিজ্ঞপ্তিঃ।

কিরূপে পাইব সেবা মুই দুরাচার।
শ্রীগুরুবৈষ্ণবে রতি না হৈল আমার॥
অশেষ মায়াতে মন মগন হইল।
বৈষ্ণবেতে লেশমাত্র রতি না জন্মিল॥
গলে ফাঁস দিতে ফিরে মায়া পিশাচী॥
বিষয়ে ভুলিয়া অন্ধ হৈনু দিবানিশি।
ইহারে করিয়া জয় ছাড়ান না যায়॥
সাধুকৃপা বিনা আর নাহিক উপায়॥
অদোষদরশি! প্রভু! পতিত উদ্ধার।
এইবার নরোত্তমে করহ নিস্তার॥

(২১)

দৈন্যবোধিকা প্রার্থনা।

হরি ! হরি ! কি মোর করম অভাগ।
বিফলে জীবন গেল, হৃদয়ে রহিল শেল,
নাহি ভেল হরি-অনুরাগ ॥
যজ্ঞ, দান, তীর্থস্নান, পুণ্যকর্ম্ম, জপ, ধ্যান,
অকারণে সব গেল মোহে।
বুঝিলাম মনে হেন, উপহাস হয় যেন,
বস্ত্রহীন অলঙ্কার দেহে ॥
সাধুমুখে কথামৃত, শুনিয়া বিমল চিত,
নাহি ভেল অপরাধ কারণ।
সতত অসত-সঙ্গ, সকলি হইল ভঙ্গ,
কি করিব আইলে শমন ॥
শ্রুতি স্মৃতি সদা কয়, শুনিয়াছি এই হয়,
হরিপদ অভয় শরণ।
জনম লইয়া সুখে, কৃষ্ণ না বলিনু মুখে,
না করিনু সে রূপ ভাবন ॥
রাধাকৃষ্ণ দুঁহু পায়, তনু মন রহু তায়,
আর দূরে যাউক বাসনা ॥

নরোত্তমদাসে কয়, আর মোর নাহি ভয়,
তনু মন সপিনু আপনা।

(২২)

সাধকদেহোচিত শ্রীবৃন্দাবনবাসলালসা।

হরি হরি ! আর কি এমন দশা হব।
এ ভব সংসার ত্যজি, পরম আনন্দে মজি,
আর কবে ব্রজভূমে যাব ॥
সুখময় বৃন্দাবন, কবে হবে দরশন,
সে ধূলি মাখিব কবে গায়।
প্রেমে গদ গদ হৈঞা, রাধাকৃষ্ণ নাম লৈঞা,
কান্দিয়া বেড়াব উভরায় ॥
নিভৃত নিকুঞ্জে যাঞা, অষ্টাঙ্গে প্রণাম হৈঞা,
ডাকিব হা রাধানাথ ! বলি।
কবে যমুনার তীরে, পরশ করিব নীরে,
কবে পিব করপুটে তুলি ॥
আর কবে এমন হব, শ্রীরাসমণ্ডলে যাব,
কবে গড়াগড়ি দিব তায়।
বংশীবট ছায়া পাঞা, পরম আনন্দ হঞা,
পড়িয়া রহিব তার ছায় ॥

কবে গোবৰ্দ্ধন গিরি, দেখিব নয়ন ভরি,
কবে হবে রাধাকুণ্ডে বাস।
ভ্রমিতে ভ্রমিতে কবে, এ দেহ পতন হবে,
কহে দীন নরোত্তম দাস॥

(২৩)

সাধকদেহোচিত

শ্রীবৃন্দাবনবাস-লালসা।

হরি হরি! আর কবে পালটিবে দশা।
এ সব করিয়া বামে, যাব.বৃন্দাবন ধামে,
এই মনে করিয়াছি আশা॥
ধন জন পুত্র দারে, এ সব করিয়া দূরে,
একান্ত হইয়া কবে যাব।
সব দুঃখ পরিহরি, বৃন্দাবনে বাস করি,
মাধুকরী মাগিয়া খাইব॥
যমুনার জল যেন, অমৃত সমান হেন,
কবে পিব উদর পূরিয়া।
কবে রাধাকুণ্ড জলে, স্নান করি কুতূহলে,
শ্যামকুণ্ডে রহিব পড়িয়া॥

ভ্রমিব দ্বাদশ বনে, কৃষ্ণলীলা যে যে স্থানে,
প্রেমে গড়াগড়ি দিব তাঁহা।
সুধাইব জনে জনে, ব্রজবাসিগণ স্থানে,
কহ আর লীলাস্থান কাঁহা॥
ভোজনের স্থান কবে, নয়নগোচর হবে,
আর যত আছে উপবন।
তার মধ্যে বৃন্দাবন, নরোত্তম দাসের মন,
আশা করে যুগল চরণ॥

(২৪)

সাধকদেহোচিত

শ্রীবৃন্দাবনবাস-লালসা।

করঙ্গ কৌপীন লঞা, ছেঁড়া কান্থা গায়ে দিয়া,
তেয়াগিয়া সকল বিষয়।
কৃষ্ণে অনুরাগ হবে, ব্রজের নিকুঞ্জে কবে,
যাইয়া করিব নিজালয়॥
হরি হরি! কবে মোর হইবে সুদিন।
ফলমূল বৃন্দাবনে, খাঞা দিবা অবসানে,
ভ্রমিব হইয়া উদাসীন॥
শীতল যমুনা-জলে, স্নান করি কুতূহলে,
প্রেমাবেশে আনন্দিত হঞা।

বাহুর উপর বাহু তুলি, বৃন্দাবনে কুলিকুলি,
'কৃষ্ণ' বলি বেড়াব কান্দিয়া ॥
দেখিব সঙ্কেত স্থান, জুড়াবে তাপিত প্রাণ,
প্রেমাবেশে গড়াগড়ি দিব।
কাঁহা রাধা! প্রাণেশ্বরি! কাঁহা গিরিবরধারি!
কাঁহা নাথ! বলিয়া ডাকিব ॥
মাধবীকুঞ্জেরোপরি, সুখে বসি শুকসারী,
গাইবেক রাধাকৃষ্ণ-রস।
তরুমূলে বসি তাহা, শুনি জুড়াইবে হিয়া,
কবে সুখে গোঙাব দিবস ॥
শ্রীগোবিন্দ গোপীনাথ, শ্রীমতী রাধিকা সাথ,
দেখিব রতন সিংহাসনে।
দীন নরোত্তম দাস, করয়ে দুর্লভ আশ,
এমতি হইবে কত দিনে ॥

(২৫)

সাধকদেহোচিত

শ্রীবৃন্দাবনবাস-লালসা।

হরি হরি! কবে হব বৃন্দাবনবাসী।
নিরখিব নয়নে যুগল-রূপরাশি ॥

ত্যজিয়া শয়ন-সুখ বিচিত্র পালঙ্ক।
কবে ব্রজের ধূলায় ধূসর হবে অঙ্গ ॥
ষড়রস ভোজন দূরে পরিহরি।
কবে ব্রজে মাগিয়া খাইব মাধুকরী ॥
পরিক্রমা করিয়া বেড়াব বনে বনে।
বিশ্রাম করিব যাই যমুনা পুলিনে ॥
তাপ দূর করিব শীতল বংশীবটে।
কবে কুঞ্জে বৈঠব হাম বৈষ্ণব নিকটে ॥
নরোত্তম দাস কহে করি পরিহার।
কবে বা এমন দশা হইবে আমার ॥

(২৬)

সবিলাপ শ্রীবৃন্দাবনবাস-লালসা ॥

আর কি এমন দশা হব।
সব ছাড়ি বৃন্দাবনে যাব ॥
আর কবে শ্রীরাসমণ্ডলে।
গড়াগড়ি দিব কুতূহলে ॥
আর কবে গোবর্দ্ধন গিরি।
দেখিব নয়নযুগ ভরি ॥
শ্যামকুণ্ডে রাধাকুণ্ডে স্নান।
করি কবে জুড়াব পরাণ ॥

আর কবে যমুনার জলে।
মজ্জনে হইব নিরমলে ॥
সাধু সঙ্গে বৃন্দাবনে বাস।
নরোত্তম দাস করে আশ ॥

(২৭)

শ্রীরূপরতিমঞ্জর্য্যোঃ বিজ্ঞপ্তিঃ।

রাধাকৃষ্ণ ভজোঁ মুঞি জীবনে মরণে।
তাঁর স্থান তাঁর লীলা দেখোঁ রাত্রিদিনে ॥
যে স্থানে যে লীলা করে যুগল কিশোর।
সখীর সঙ্গিনী হঞা তাঁহে হঙ ভোর ॥
শ্রীরূপমঞ্জরী পদ সেবোঁ নিরবধি।
তাঁর পাদপদ্ম মোর মন্ত্র মহৌষধি ॥
শ্রীরতিমঞ্জরি দেবি ! মোরে কর দয়া।
অনুক্ষণ দেহ তুয়া পাদপদ্ম ছায়া ॥
শ্রীরসমঞ্জরি দেবি ! কর অবধান।
অনুক্ষণ দেহ তুয়া পাদপদ্ম ধ্যান ॥
বৃন্দাবনে নিত্য নিত্য যুগল বিলাস।
প্রার্থনা করয়ে সদা নরোত্তম দাস ॥

(২৮)

সখীবৃন্দে বিজ্ঞপ্তিঃ।

রাধাকৃষ্ণ প্রাণ মোর যুগল কিশোর।
জীবনে মরণে গতি আর নাহি মোর ॥
কালিন্দীর কূলে কেলিকদম্বের বন।
রতন বেদীর উপর বসাব দুজন ॥
শ্যামগৌরী অঙ্গে দিব (চুয়া) চন্দনের গন্ধ।
চামর ঢুলাব কবে হেরি মুখচন্দ্র ॥
গাঁথিয়া মালতী মালা দিব দোঁহার গলে।
অধরে তুলিয়া দিব কর্পূর তাম্বুলে ॥
ললিতা বিশাখা আদি যত সখীবৃন্দ।
আজ্ঞায় করিব সেবা চরণারবিন্দ ॥
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুর দাসের অনুদাস।
সেবা অভিলাষ করে নরোত্তম দাস ॥

(২৯)

স্বাভীষ্ট লালসা।

হরি হরি ! কবে মোর হইবে সুদিন ॥
কেলিকৌতুক রঙ্গে করিব সেবন ॥

ললিতা বিশাখা সনে, যতেক সখীর গণে,
মণ্ডলী করিয়া দোঁহা মেলি।
রাই কানু করে ধরি, নৃত্য করে ফিরি ফিরি,
নিরখি গোঙাব কুতূহলী॥
অলস-বিশ্রাম-ঘরে, গোবর্দ্ধন গিরিবরে,
রাইকানু করিবে শয়ন।
নরোত্তম দাসে কয়, এই যেন মোর হয়,
অনুক্ষণ চরণ সেবন॥

(৩০)

স্বাভীষ্ট লালসা।

গোবর্দ্ধন গিরিবর, কেবল নির্জ্জন স্থল,
রাই কানু করিবে শয়নে।
ললিতা বিশাখা সঙ্গে, সেবন করিব রঙ্গে,
সুখময় রাতুল চরণে॥
কনক সম্পুট করি, কর্পূর তাম্বুল ভরি,
যোগাইব বদনকমলে।
মনিময় কিঙ্কিণী, রতন নূপুর আনি,
পরাইব চরণ যুগলে॥

কনক কটোরা পূরি, সুগন্ধি চন্দন বুরি,
দোঁহাকার শ্রীঅঙ্গে ঢালিব।
গুরুরূপা সখী বামে, ত্রিভঙ্গ ভঙ্গিম ঠামে,
চামরের বাতাস করিব॥
দোঁহার কমল আঁখি, পুলক হইয়া দেখি,
দুহুঁ পদ পরশিব করে।
চৈতন্যদাসের দাস, মনে মাত্র অভিলাষ,
নরোত্তম দাসে সদা স্ফুরে॥

(৩১)

স্বাভীষ্ট লালসা।

হরি হরি! আর কি এমন দশা হব।
কবে বৃষভানু পুরে, আহীরী গোপের ঘরে,
তনয়া হইয়া জনমিব॥
যাবটে আমার কবে, এ পাণিগ্রহণ হবে,
বসতি করিব কবে তায়।
সখীর পরম শ্রেষ্ঠ, যে তাঁহার হয় প্রেষ্ঠ,
সেবন করিব তাঁর পায়॥
তেঁহ কৃপাবান হৈঞা, রাতুল চরণে লঞা,
আমারে করিবে সমর্পণ।

সফল হইবে দশা, পূরিবে মনের আশা,
সেবি দুহাঁর যুগল-চরণ ॥
বৃন্দাবনে দুইজন, চতুর্দ্দিকে সখীগণ,
সেবন করিব সবিশেষে।
সখীগণ চারিভিতে, নানা যন্ত্র লৈঞা হাতে,
দেখিব মনের অভিলাষে ॥
দুহুঁ চাঁদমুখ দেখি, জুড়াবে তাপিত আঁখি,
নয়নে বহিবে অশ্রুধার।
বৃন্দার নিদেশ পাব, দোঁহার নিকটে যাব,
হেন দিন হইবে আমার ॥
শ্রীরূপমঞ্জরী সখী, মোঁরে অনাথিনী দেখি,
রাখিবে রাতুল দুটী পায়।
নরোত্তম দাস ভনে, প্রিয় নর্ম্মসখীগণে,
কবে দাসী করিবে আমায় ॥

(৩২)

হরি হরি! আর কি এমন দশা হব।
ছাড়িয়া পুরুষ দেহ, কবে বা প্রকৃতি হব,
দুঁহু অঙ্গে চন্দন পরাব ॥
টানিয়া বাঁধিব চূড়া, নব গুঞ্জাহারে বেড়া,
নানা ফুলে গাঁথি দিব হার।

পীতবসন অঙ্গে, পরাইব সখী সঙ্গে,
বদনে তাম্বুল দিব আর ॥
দুহু রূপ মনোহারী, হেরিব নয়ন ভরি,
নীলাম্বরে রাই সাজাইয়া।
নব রত্ন-জরি আনি, বাঁধিব বিচিত্র বেণী,
দিব তাহে মালতী গাঁথিয়া ॥
সে না রূপ মাধুরী, দেখিব নয়ন ভরি,
এই করি মনে অভিলাষ।
জয় রূপ সনাতন, দেহ মোরে এই ধন,
নিবেদয়ে নরোত্তম দাস ॥

(৩৩)

সিদ্ধদেহেন শ্রীবৃন্দাবনেশ্বর্য্যাং সাক্ষাদ্বিজ্ঞপ্তিঃ।

প্রাণেশ্বরি ! এইবার করুণা কর মোরে।
দশনেতে তৃণ ধরি, অঞ্জলি মস্তকে করি,
এই জন নিবেদন করে ॥
প্রিয় সহচরী সঙ্গে, সেবন করিব রঙ্গে,
অঙ্গে বেশ করি দিব সাধে।
রাখ এই সেবা কাজে, নিজ পদ-পঙ্কজে,
প্রিয় সহচরীগণ মাঝে ॥

সুগন্ধি চন্দন, মণিময় আভরণ,
কৌষিক বসন নানা রঙ্গে।
এই সব সেবা যাঁর, দাসী যেন হও তাঁর,
অনুক্ষণ থাকি তাঁর সঙ্গে॥
জল সুবাসিত করি, রতন ভৃঙ্গারে ভরি,
কর্পূর-বাসিত গুয়া পান।
এসব সাজাইয়া ডালা, লবঙ্গ মালতী মালা,
ভক্ষ্যদ্রব্য নানা অনুপম॥
সখীর ইঙ্গিত হবে, এ সব আনিয়া কবে,
যোগাইব ললিতার কাছে।
নরোত্তম দাস কয়, এই যেন মোর হয়,
দাঁড়াইয়া রহু সখীর পাছে॥

(৩৪)

পুনস্তথৈব বিজ্ঞপ্তিঃ।

অরুণ কমল দলে, শেজ বিছাইব,
বসাইব কিশোর কিশোরী।
অলক,-আবৃত-মুখ, পঙ্কজ মনোহর,
মরকত শ্যাম হেমগৌরী॥
প্রাণেশ্বরি! কবে মোরে হবে কৃপাদিঠি।

আজ্ঞায় আনিয়া কবে, বিবিধ ফুলবর,
শুনব বচন দুঁহু মিঠি ॥
মৃগমদ তিলক, সিন্দূর বনায়ব,
লেপব চন্দন গন্ধে।
গাঁথি মালতী ফুল, হার পহিরাওব,
ধাওয়াব মধুকরবৃন্দে ॥
ললিতা কবে মোরে, বীজন দেওয়ব,
বীজব মারুত মন্দে।
শ্রমজল সকল, মিটব দুহু কলেবর,
হেরব পরম আনন্দে ॥
নরোত্তম দাস, আশ পদপঙ্কজ,
সেবন-মাধুরী-পানে।
হোয়ব হেন দিন, না দেখিয়ে কোন চিন,
দুঁহু জন হেরব নয়ানে ॥

(৩৫)

সাভীষ্ট লালসা।

কুসুমিত বৃন্দাবনে, নাচত শিখিগণে,
পিককুল ভ্রমর ঝঙ্কারে।

প্রিয় সহচরী সঙ্গে, গাইয়া যাইবে রঙ্গে,
মনোহর নিকুঞ্জ-কুটীরে ॥
হরি হরি! মনোরথ ফলিবে আমারে।
দুহুঁক মন্থর গতি, কৌতুকে হেরব অতি,
অঙ্গ ভরি পুলক অন্তরে ॥
চৌদিকে সখীর মাঝে, রাধিকার ইঙ্গিতে,
চিরুণী লইয়া করে করি।
কুটিল কুন্তল সব, বিথারিয়া আঁচরব,
বনাইব বিচিত্র কবরী ॥
মৃগমদ মলয়জ, সব অঙ্গে লেপব,
পরাইব মনোহর হার।
চন্দন কুঙ্কুমে, তিলক বনাইব,
হেরব মুখ সুধাকর ॥
নীল পট্টাম্বর, যতনে পরাইব,
পায়ে দিব রতন মঞ্জীরে।
ভৃঙ্গারের জলে রাঙ্গা, চরণ ধোয়াইব,
মুছাইব আপন চিকুরে ॥
কুসুম কোমলদলে, শেজ বিছাইব,
শয়ন করাব দোঁহাকারে।
ধবল চামর আনি, মৃদু মৃদু বীজব,
ছরমিত দুঁহুক শরীরে ॥

কনক সম্পুট করি, কর্পূর তাম্বুল ভরি,
যোগাইব দোঁহার বদনে।
অধর সুধারসে, তাম্বুল সুবাসে,
ভোখব আধিক যতনে ॥
শ্রীগুরু করুণাসিন্ধু, লোকনাথ দীনবন্ধু,
মুই দীনে কর অবধান।
রাধাকৃষ্ণ বৃন্দাবন, প্রিয় নর্ম্মসখীগণ,
নরোত্তম মাগে এই দান ॥

(৩৬)

পুনঃ সাভীষ্ট লালসা।

হরি হরি! কবে মোর হইবে সুদিন।
গোবর্দ্ধন গিরিবরে, পরম নিভৃত ঘরে,
রাই কানু করাব শয়ন ॥
ভৃঙ্গারের জলে রাঙ্গা, চরণ ধোয়াইব,
মুছাইব আপন চিকুরে।
কনক সম্পুট করি, কর্পূর তাম্বুল পূরি,
যোগাইব দুঁহুক অধরে ॥
প্রিয় সখীগণ সঙ্গে, সেবন করিব রঙ্গে,
চরণ সেবিব নিজ করে।

দুঁহুক কমল দিঠি, কৌতুকে হেরব,
দুঁহু অঙ্গ পুলক অন্তরে ॥
মল্লিকা মালতী যূথী, নানা ফুলে মালা গাঁথি,
কবে দিব দোঁহার গলায়।
সোনার কটোরা করি, কর্পূর চন্দন ভরি,
কবে দিব দোঁহাকার গায়।
আর কবে এমন হব, দুঁহু মুখ নিরখিব,
লীলারস নিকুঞ্জশয়নে।
শ্রীকুন্দলতার সঙ্গে, কেলি কৌতুক রঙ্গে,
নরোত্তম করিবে শ্রবণে ॥

(৩৭)

শ্রীকৃষ্ণে বিজ্ঞপ্তিঃ।

প্রভু হে! এইবার করহ করুণা।
যুগল চরণ দেখি, সফল করিব আঁখি,
এই মোর মনের কামনা ॥
নিজপদ সেবা দিবা, নাহি মোরে উপেখিবা,
দুঁহু পঁহু করুণাসাগর।
দুঁহু বিনু নাহি জানোঁ, এই বড় ভাগ্যে মানোঁ,
মুই বড় পতিত পামর ॥

ললিতা আদেশ পাঞা, চরণ সেবিব যাঞা,
প্রিয়-সখা-সঙ্গে হর্ষ-মনে।
তুঁহু দাতা শিরোমণি, অতি দীন মোরে জানি,
নিকটে চরণ দিবে দানে॥
পাব রাধাকৃষ্ণ পা, ঘুচিবে মনের ঘা,
দূরে যাবে এসব বিকল।
নরোত্তম দাসে কয়, এই বাঞ্ছা সিদ্ধি হয়,
দেহ প্রাণ সকল সফল॥

(৩৮)

অথ আক্ষেপঃ।

হরি হরি! কি মোর করম অনুরত।
বিষয়ে কুটিলমতি, সৎসঙ্গে না হৈল রতি,
কিসে আর তরিবার পথ॥
স্বরূপ সনাতন রূপ, রঘুনাথ ভট্টযুগ,
লোকনাথ সিদ্ধান্ত-সাগর।
শুনিতাম সে সব কথা, ঘুচিত মনের ব্যথা,
তবে ভাল হইত অন্তর॥
যখন গৌর নিত্যানন্দ, অদ্বৈতাদি ভক্তবৃন্দ,
নদীয়া নগরে অবতার।

তখন না হৈল জন্ম, এবে দেহে কিবা কর্ম্ম,
মিছা মাত্র বহি ফিরি ভার ॥
হরিদাস আদি বুলে, মহোৎসব আদি ক'রে,
না হেরিনু সে সুখ বিলাস।
কি মোর দুঃখের কথা, জনম গোঙানু বৃথা,
ধিক্ ধিক্ নরোত্তম দাস ॥

(৩৯)

লালসা।

শ্রীরূপমঞ্জরী-পদ, সেই মোর সম্পদ,
সেই মোর ভজন পূজন।
সেই মোর প্রাণধন, সেই মোর আভরণ,
সেই মোর জীবনের জীবন ॥
সেই মোর রসনিধি, সেই মোর বাঞ্ছাসিদ্ধি,
সেই মোর বেদের ধরম।
সেই ব্রত সেই তপ, সেই মোর মন্ত্র জপ,
সেই মোর ধরম করম ॥
অনুকূল হবে বিধি, সে পদ সম্পদ নিধি,
নিরখিব এ দুই নয়ানে।
সে রূপমাধুরী রাশি, প্রাণকুবলয়শশী,
প্রফুল্লিত হবে নিশিদিনে ॥

তুয়া অদর্শন অহি, গরলে জারল দেহি,
চিরদিন তাপিত জীবন।
হাহা প্রভু! কর দয়া, দেহ মোরে পদছায়া,
নরোত্তম লইল শরণ ॥

(৪০)

শুনিয়াছি সাধু মুখে বলে সর্ব্বজন।
শ্রীরূপকৃপায় মিলে যুগল চরণ ॥
হাহা প্রভু! সনাতন গৌর পরিবার।
সবে মিলি বাঞ্ছা পূর্ণ করহ আমার ॥
শ্রীরূপের কৃপা যেন আমা প্রতি হয়।
সে পদ আশ্রয় যাঁর সেই মহাশয় ॥
প্রভু লোকনাথ কবে সঙ্গে লঞা যাবে।
শ্রীরূপের পাদপদ্মে মোরে সমর্পিবে ॥
হেন কি হইবে মোর নর্ম্ম সখীগণে।
অনুগত নরোত্তমে করিবে শাসনে ॥

(৪১)

এই নব দাসী বলি শ্রীরূপ চাহিবে।
হেন শুভক্ষণ মোর কতদিনে হবে ॥
শীঘ্র আজ্ঞা করিবেন দাসি! হেথা আয়।
সেবার সুসজ্জা-কার্য্য করহ ত্বরায় ॥

আনন্দিত হঞা হিয়া তাঁর আজ্ঞাবলে।
পবিত্র মনেতে কার্য্য করিব তৎকালে ॥
সেবার সামগ্রী রত্নথালেতে করিয়া।
সুবাসিত বারি স্বর্ণঝারিতে পূরিয়া ॥
দোঁহার সম্মুখে লয়ে দিব শীঘ্রগতি।
নরোত্তমের দশা কবে হইবে এমতি ॥

(৪২)

শ্রীরূপ পশ্চাতে আমি রহিব ভীত হঞা।
দোঁহে পুনঃ কহিবেন আমা পানে চাঞা ॥
সদয় হৃদয় দোঁহে কহিবেন হাসি।
কোথায় পাইলে রূপ ! এই নব দাসী ॥
শ্রীরূপমঞ্জরী তবে দোঁহ বাক্য শুনি।
মঞ্জুলালী দিল মোরে এই দাসী আনি ॥
অতি নম্রচিত্ত আমি ইহারে জানিল।
সেবাকার্য্য দিয়া তবে হেথায় রাখিল ॥
হেন তত্ত্ব দোঁহাকার সাক্ষাতে কহিয়া।
নরোত্তমে সেবায় দিবে নিযুক্ত করিয়া ॥

(৪৩)

হাহা প্রভু লোকনাথ ! রাখ পদদ্বন্দ্বে।
কৃপাদৃষ্টে চাহ যদি হইয়া আনন্দে ॥

মনোবাঞ্ছা সিদ্ধি তবে, হও পূর্ণতৃষ্ণ।
হেথায় চৈতন্য মিলে সেথা রাধাকৃষ্ণ ॥
তুমি না করিলে দয়া কে করিবে আর।
মনের বাসনা পূর্ণ কর এইবার ॥
এ তিন সংসারে মোর আর কেহ নাই।
কৃপা করি নিজ পদতলে দেহ ঠাঞি ॥
রাধাকৃষ্ণ-লীলাগুণ গাও রাত্রিদিনে।
নরোত্তম-বাঞ্ছা পূর্ণ নহে তুয়া বিনে ॥

(৪৪)

লোকনাথ ! প্রভু তুমি দয়া কর মোরে।
রাধাকৃষ্ণ লীলা যেন সদা চিত্তে স্ফুরে ॥
তোমার সহিতে থাকি সখীর সহিতে।
এই ত বাসনা মোর সদা উঠে চিতে ॥
সখীগণজ্যেষ্ঠা যেঁহো তাঁহার চরণে।
মোরে সমর্পিবে কবে সেবার কারণে ॥
তবে সে হইবে মোর বাঞ্ছিত পূরণ।
আনন্দে সেবিব দোঁহার যুগল চরণ ॥
শ্রীরূপমঞ্জরি ! সখি ! কৃপাদৃষ্টে চাঞা।
তাপী নরোত্তমে সিঞ্চ সেবামৃত দিঞা ॥

(৪৫)

হাহা প্রভু! কর দয়া করুণা সাগর।
মিছা মায়াজালে তনু দহিছে আমার॥
কবে হেন দশা হবে সখী সঙ্গ পাব।
বৃন্দাবনের ফুল গাঁথি দোঁহাকে পরাব॥
সম্মুখে রহিয়া কবে চামর ঢুলাব।
অগুরু চন্দন গন্ধ দোঁহা অঙ্গে দিব॥
সখীর আজ্ঞায় কবে তাম্বূল যোগাব।
সিন্দূর তিলক কবে দোঁহাকে পরাব॥
বিলাস-কৌতূককেলি দেখিব নয়নে।
চন্দ্রমুখ নিরখিব বসায়ে সিংহাসনে॥
সদা সে মাধুরী দেখি মনের লালসে।
কত দিনে হবে দয়া নরোত্তম দাসে॥

(৪৬)

হরি! হরি! কবে হেন দশা হবে মোর।
সেবিব দোঁহার পদ আনন্দে বিভোর॥
ভ্রমর হইয়া সদা রহিব চরণে।
শ্রীচরণামৃত সদা করিব আস্বাদনে॥
এই আশা পূর্ণ কর যত সখীগণ।
তোমাদের কৃপায় হয় বাঞ্ছিত পূরণ॥

বহুদিন বাঞ্ছা করি পূর্ণ যাতে হয়।
সবে মেলি দয়া কর হইয়া সদয়॥
সেবা-আশে নরোত্তম কান্দে দিবানিশি।
কৃপা করি কর মোরে অনুগত দাসী॥

(৪৭)

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥
কৃপা করি সবে মেলি করহ করুণা।
অধম পতিত জনে না করিহ ঘৃণা॥
এ তিন সংসার মাঝে তুয়া পদ সার।
ভাবিয়া দেখিনু মনে গতি নাহি আর॥
সে পদ পাবার আশে খেদ উঠে মনে।
ব্যাকুল হৃদয় সদা করিয়ে ক্রন্দনে॥
কিরূপে পাইব কিছু না পাই সন্ধান।
প্রভু লোকনাথ-পদ নাহিক স্মরণ॥
তুমি ত দয়াল প্রভু চাহ একবার।
নরোত্তম-হৃদয়ের ঘুচাও অন্ধকার॥

(৪৮)

মাথুর বিরহোচিত দর্শন-লালসা।

কবে কৃষ্ণধন পাব, হিয়ার মাঝারে থোব,
জুড়াইব এ পাপ পরাণ।

সাজাইয়া দিব হিয়া, বসাইব প্রাণপ্রিয়া,
নিরখিব সে চন্দ্রবয়ান ॥
হে সজনি! কবে মোর হইবে সুদিন।
সে প্রাণনাথের সঙ্গে, কবে বা ফিরিব রঙ্গে,
সুখময় যমুনাপুলিন ॥
ললিতা বিশাখা নিয়া, তাঁহারে ভেটিব গিয়া,
সাজাইয়া নানা উপহার।
সদয় হইয়া বিধি, মিলাইবে গুণনিধি,
হেন ভাগ্য হইবে আমার ॥
দারুণ বিধির নাট, ভাঙ্গিল প্রেমের হাট,
তিলমাত্র না রাখিল তার।
কহে নরোত্তম দাস, কি মোর জীবনে আশ,
ছাড়ি গেল ব্রজেন্দ্রকুমার ॥

(৪৯)

পুনস্তথৈব লালসা।

এইবার পাইলে দেখা চরণ দুখানি।
হিয়ার মাঝারে রাখি জুড়াব পরাণী ॥
তাঁরে না দেখিয়া মোর মনে বড় তাপ।
অনলে পশিব কিংবা জলে দিব ঝাঁপ ॥

মুখের মুছাব ঘাম খাওয়াব পান গুয়া।
শ্রমেতে বাতাস দিব চন্দনাদি চুয়া॥
বৃন্দাবনের ফুলের গাঁথিয়া দিব হার।
বিনাইয়া বাঁধিব চূড়া কুন্তলের ভার॥
কপালে তিলক দিব চন্দনের চাঁদ।
নরোত্তমদাস কহে পিরীতের ফাঁদ॥

(৫০)

আক্ষেপঃ।

গোরা পঁহু না ভজিয়া মৈনু।
প্রেম-রতন-ধন হেলায় হারাইনু॥
অধনে যতন করি ধন তেয়াগিনু।
আপন করম দোষে আপনি ডুবিনু॥
সৎসঙ্গ ছাড়ি কৈনু অসতে বিলাস।
তে কারণে লাগিল যে কর্ম্মবন্ধ-ফাঁস॥
বিষয়-বিষম-বিষ সতত খাইনু।
গৌরকীর্ত্তন রসে মগন না হৈনু॥
কেন বা আছয়ে প্রাণ কি সুখ পাইয়া।
নরোত্তম দাস কেন না গেল মরিয়া॥

(৫১)

বৃন্দাবন রম্যস্থান, দিব্য চিন্তামনি ধাম,
রতন মন্দির মনোহর।
আবৃত কালিন্দী-নীরে, রাজহংস কেলি করে,
তাহে শোভে কনক কমল ॥
তার মধ্যে হেমপীঠ, অষ্টদলেতে বেষ্টিত,
অষ্টদলে প্রধানা নায়িকা।
তার মধ্যে রত্নাসনে, বসি আছেন দুইজনে,
শ্যাম সঙ্গে সুন্দরী রাধিকা ॥
ওরূপ লাবণ্যরাশি, অমিয় পড়িছে খসি,
হাস্য পরিহাস সম্ভাষণে।
নরোত্তম দাস কয়, নিত্যলীলা সুখময়,
সদাই স্ফুরুক মোর মনে ॥

(৫২)

কদম্ব তরুর ডাল, নামিয়াছে ভূমে ভাল,
ফুটিয়াছে ফুল সারি সারি।
পরিমলে ভরল, সকল বৃন্দাবন,
কেলি করে ভ্রমরা ভ্রমরী ॥

রাই কানু বিলসই রঙ্গে।
কিবা রূপ-লাবণি, বৈদগধ-খনি ধনি,
মণিময় আভরণ অঙ্গে॥
রাধার দক্ষিণ কর, ধরি প্রিয় গিরিধর,
মধুর মধুর চলি যায়।
আগে পাছে সখীগণ, করে ফুল বরিষণ,
কোন সখী চামর ঢুলায়॥
পরাগে ধূসর স্থল, চন্দ্র-করে সুশীতল,
মণিময় বেদীর উপরে।
রাই কানু করযোড়ি, নৃত্য করে ফিরি ফিরি,
পরশে পুলকে তনু ভরে॥
মৃগমদ চন্দন, করে করি' সখীগণ,
বরিখয়ে ফুল-গন্ধরাজে।
শ্রমজল বিন্দু বিন্দু, শোভা করে মুখইন্দু,
অধরে মুরলী নাহি বাজে॥
হাস বিলাস রস, সকল মধুর ভাষ,
নরোত্তম মনোরথ ভরু।
দুহুক বিচিত্র বেশ, কুসুমে রচিত কেশ,
লোচনমোহন লীলা করু॥

(৫৩)

আজি রসে বাদর নিশি।
প্রেমে ভাসল সব বৃন্দাবনবাসী॥
শ্যামঘন বরিখয়ে প্রেম-সুধাধার।
কোরে রঙ্গিণী রাধা বিজুরী সঞ্চার॥
প্রেমে পিছল পথ গমন ভেল বঙ্ক।
মৃগমদ,-চন্দন,-কুঙ্কুমে ভেল পঙ্ক॥
দিগবিদিগ নাহি, প্রেমের পাথার।
ডুবিল নরোত্তম না জানে সাঁতার॥

(৫৪)

হেদে হে নাগরবর, শুন হে মুরলীধর,
নিবেদন করি তুয়া পায়।
চরণ-নখর মণি, যেন চাঁদের গাথনি,
ভাল শোভে আমার গলায়॥
শ্রীদাম সুদাম সঙ্গে, যখন বনে যাও রঙ্গে,
তখন আমি দুয়ারে দাঁড়ায়ে।
মনে করি সঙ্গে যাই, গুরুজনার ভয় পাই,
আঁখি রহে তুয়া পানে চেয়ে॥
চাই নবীন মেঘপানে, তুয়া বঁধু পড়ে মনে,
এলাইলে কেশ নাহি বাঁধি।

রন্ধনশালাতে যাই, তুয়া বঁধূ গুণ গাই,
ধুঁয়ার ছলনা করি কান্দি ॥
মণি নও মাণিক নও, আঁচলে বাঁধিলে রও,
ফুল নও যে কেশে করি বেশে।
নারী না করিত বিধি, তুয়া হেন গুণনিধি,
লইয়া ফিরিতাম দেশে দেশে ॥
অগুরু চন্দন হইতাম, তুয়া অঙ্গে মাখা রইতাম,
ঘামিয়া পড়িতাম রাঙ্গাপায়।
কি মোর মনের সাধ, বামন হ'য়ে চাঁদে হাত,
বিধি কি সাধ পূরাবে আমায় ॥
নরোত্তম দাসে কয়, শুন ওহে দয়াময়,
তুমি আমায় না ছাড়িহ দয়া।
যে দিন তোমার ভাবে, আমার পরাণ যাবে,
সেইদিনে দিও পদছায়া ॥ ১ ॥

ইতি শ্রীনরোত্তমদাস ঠাকুর মহাশয়ের প্রার্থনা
সমাপ্ত।

শ্রীশ্রীউপদেশামৃতম্

বাচোবেগং মনসঃ ক্রোধবেগং
জিহ্বা-বেগমুদরোপস্থ-বেগম্ ।
এতান্ বেগান্ যো বিষহেত বীরঃ
সর্ব্বামপীমাং পৃথিবীং স শিষ্যাৎ ॥ ১ ॥

অত্যাহারঃ প্রয়াসশ্চ প্রজল্পোঽনিয়মাগ্রহঃ ।
জনসঙ্গশ্চ লৌল্যঞ্চ ষড়্ভির্ভক্তির্বিনশ্যতি ॥ ২ ॥

উৎসাহান্নিশ্চয়াদ্ধৈর্য্যাত্তত্তৎ-কর্ম্মপ্রবর্ত্তনাৎ ।
সঙ্গত্যাগাৎ সতো বৃত্তেঃ ষড়্ভির্ভক্তিঃ প্রসীদতি ॥ ৩ ॥

দদাতি প্রতিগৃহ্নাতি গুহ্যমাখ্যাতি পৃচ্ছতি ।
ভুঙ্ক্তে ভোজয়তে চৈব ষড়্বিধং প্রীতিলক্ষণম্ ॥ ৪ ॥

কৃষ্ণেতি যস্য গিরি তং মনসাদ্রিয়েত
দীক্ষাস্তি চেৎ প্রণতিভিশ্চ ভজন্তমীশম্ ।
শুশ্রূষয়া ভজনবিজ্ঞমনন্যমন্য—
নিন্দাদিশূন্যহৃদমীপ্সিতসঙ্গলব্ধ্যা ॥ ৫ ॥

দৃষ্টৈঃ স্বভাবজনিতৈর্ব্বপুষশ্চ দোষৈ
র্ন প্রাকৃতত্বমিহ ভক্তজনস্য পশ্যেৎ ।

গঙ্গাম্ভসাং ন খলু বুদ্বুদ-ফেনপঙ্কৈ
র্ব্রহ্মদ্রবত্বমপগচ্ছতি নীরধর্ম্মৈঃ ॥ ৬ ॥

স্যাৎ কৃষ্ণনাম-চরিতাদি-সিতাপ্যবিদ্যা-
পিত্তোপতপ্ত-রসনস্য ন রোচিকা নু।
কিন্ত্বাদরাদনুদিনং খলু সৈব জুষ্টা
স্বাদ্বী ক্রমাদ্ভবতি তদ্‌গদমূল-হন্ত্রী ॥ ৭ ॥

তন্নামরূপ-চরিতাদিষু কীর্ত্তনানু-
স্মৃত্যোঃ ক্রমেণ রসনা-মনসী নিয়োজ্য।
তিষ্ঠন্ ব্রজে তদনুরাগিজনানুগামী
কালং নয়েন্নিখিলমিত্যুপদেশসারঃ ॥ ৮ ॥

বৈকুণ্ঠাজ্জনিতা বরা মধুপুরী তত্রাপি রাসোৎসবাদ্
বৃন্দারণ্যমুদারপাণিরমণাত্তত্রাপি গোবর্দ্ধনঃ।
রাধাকুণ্ড-মিহাপি গোকুলপতেঃ প্রেমামৃত-প্লাবনাৎ
কুর্য্যাদস্য বিরাজতো গিরিতটে সেবাং বিবেকী ন কঃ॥ ৯ ॥

কর্ম্মিভ্যঃ পরিতো হরেঃ প্রিয়তয়া খ্যাতিং যযুর্জ্ঞানিন
স্তেভ্যো জ্ঞানবিমুক্ত-ভক্তিপরমাঃ প্রেমৈকনিষ্ঠা যতঃ।
তেভ্যস্তাঃ পশুপাল-পঙ্কজদৃশস্তাভ্যোঽপি সা রাধিকা
প্রেষ্ঠা তদ্বদিয়ং তদীয়-সরসী তাং নাশ্রয়েৎ কঃ কৃতী ॥১০॥

কৃষ্ণস্যোচ্চৈঃ প্রণয়বসতিঃ প্রেয়সীভ্যোঽপি রাধা,
কুণ্ডঞ্চাস্যা মুনিভিরভিতস্তাদৃগেব ব্যধায়ি।

যৎপ্রেষ্ঠৈরপ্যলমসুলভং কিং পুনর্ভক্তিভাজাং
প্রেমেদং তৎ সকৃদপি সরঃ স্নাতুরাবিষ্করোতি ॥ ১১ ॥

ইতি শ্রীলজীবগোস্বামি-শিক্ষার্থং শ্রীমদ্রূপগোস্বামি—
পাদেনোক্তং শ্রীশ্রীউপদেশামৃতং সমাপ্তম্ ॥

শ্রীশ্রীরূপগোস্বামি চরণকৃত উপদেশামৃতের পদ্যানুবাদ।

বাক্যবেগ, মনোবেগ, ক্রোধবেগ আর।
উদর-উপস্থ-জিহ্বা-বেগ সুদুর্ব্বার ॥
এই ছয় বেগ যেবা করয়ে দমন।
সে পারে সকল পৃথ্বী করিতে শাসন ॥ ১ ॥
অত্যাহার, বৃথাশ্রম, বৃথা বহু কথা।
ভজন-নিয়মত্যাগ, জনসঙ্গ তথা ॥
বিষয়-লালসা—এই ছয়ে ভক্তি-নাশ।
এ সব থাকিতে নহে ভজনে-উল্লাস ॥
ভজনে উৎসাহ, সুনিশ্চয়, ধৈর্য্য আর।
ভক্তিতে প্রবৃত্তি, অসৎসঙ্গ পরিহার ॥
সাধুর আচার এই কর্ত্তব্য যে ছয়।
ইহাতে ভক্তির কৃপা শীঘ্র লাভ হয় ॥ ৩ ॥

দিবে, লবে, গুহ্য কথা কবে, জিজ্ঞাসিবে।
ভোজন করিবে আর ভোজন করাবে॥
এই ষড়বিধ হয় পিরীতি লক্ষণ।
ইহা জানি আচরিতে করহ যতন॥ ৪ ॥
কৃষ্ণনাম মাত্র শুন যাঁর রসনায়।
মনে মনে সমাদর করিবে যে তাঁয়॥
দীক্ষিত হইয়া কৃষ্ণ ভজিবে যে নর।
প্রণতি পূর্ব্বক তাঁর করিবে আদর॥
শ্রীকৃষ্ণ-ভজনে বিজ্ঞ যেই মতিমান্।
সেবা করি কর সদা তাঁহার সম্মান॥
অনন্য, ভকতিনিষ্ঠ, নিন্দাশূন্য মন।
হেন সাধু সঙ্গলাভে করিবে যতন॥ ৫ ॥
স্বভাব-শরীর-দোষ দেখি ভক্তজনে।
প্রাকৃত বলিয়া কভু নাহি ভাব' মনে॥
জলধর্ম্মে ফেন, পঙ্ক, বুদ্বুদ সে হয়।
তাহাতে গঙ্গার দ্রবব্রহ্মত্ব না যায়॥ ৬ ॥
অবিদ্যা-পিত্তেতে তপ্ত রসনা যাহার।
কৃষ্ণনাম-চরিতাদি মিছ্রিতে তার॥
বিস্বাদ লাগয়ে আর রুচি না জন্মায়।
তথাপিহ নিশিদিন সেবিবেক তায়॥

নাম-আদি সমাদরে করিলে সেবন।
রোগ শূন্য হ'য়ে পায় রস-আস্বাদন ॥ ৭ ॥
কৃষ্ণনাম-চরিতাদি কীর্ত্তন স্মরণে।
নিযুক্ত করিয়া ক্রমে রসনা ও মনে ॥
কৃষ্ণ-অনুরাগী জনের হ'য়ে অনুগত।
ব্রজে বাস করি কাল কাটাবে নিয়ত ॥
এই উপদেশ-সার কহিনু তোমায়।
শ্রদ্ধা করি আচরণ কর অমায়ায় ॥ ৮ ॥
বাসুদেব-জন্ম-হেতু শ্রেষ্ঠ মধুপুরী।
রাসলীলা হেতু বৃন্দাবন তদুপরি ॥
শ্রীহস্তে ধারণ জন্য শ্রেষ্ঠ গোবর্দ্ধন।
রাধাকুণ্ড শ্রেষ্ঠ যাতে প্রেমের প্লাবন ॥
গিরিতটে বিরাজিত সেই কুণ্ডবরে।
কে হেন বিবেকী? যেই সেবা নাহি করে ॥ ৯ ॥
শ্রীহরির প্রিয়রূপে কর্ম্মিগণ হ'তে।
জ্ঞানিগণ শ্রেষ্ঠ, ইহা বিদিত জগতে ॥
জ্ঞানী হ'তে হন শুদ্ধ ভকত উত্তম।
শুদ্ধ ভক্ত হ'তে শ্রেষ্ঠ প্রেমনিষ্ঠজন ॥
তাহা হৈতে কৃষ্ণ-প্রিয়া যত গোপরামা।
তা সভা হইতে রাধা কৃষ্ণ-প্রিয়তমা ॥

রাধাসম রাধাকুণ্ড কৃষ্ণ-প্রিয় হয়।
কৃতী সেই, যেবা লয় তাঁহার আশ্রয় ॥ ১০ ॥
শ্রীকৃষ্ণের প্রণয়িনী যত গোপীগণ।
সবা হ'তে রাধা তাঁর প্রেমের ভাজন ॥
শ্রীকুণ্ড শ্রীরাধাসম কৃষ্ণ-প্রিয়তম।
পুরাণে বর্ণিলা তাহা পূর্ব্ব মুনিগণ ॥
কৃষ্ণ প্রিয়জনে যেই প্রেম সুদুর্ল্লভ।
সে মধুর প্রেম অন্য ভক্তে কি সুলভ ?
রাধাকুণ্ডে যেই একবার করে স্নান।
সে মধুর প্রেম কুণ্ড তারে করে দান ॥ ১১ ॥

ইতি শ্রীরূপগোস্বামিচরণ-কৃত উপদেশামৃতের অনুবাদ সমাপ্ত।

শ্রীশ্রীমনঃ শিক্ষা।

(শ্রীমদ্দাসগোস্বামিনঃ।)

গুরৌ গোষ্ঠে গোষ্ঠালয়িষু সুজনে ভূসুরগণে
স্বমন্ত্রে শ্রীনাম্নি ব্রজ-নবযুবদ্বন্দ্ব-শরণে।
সদা দম্ভং হিত্বা কুরু রতিমপূর্ব্বামতিতরা-
ময়ে স্বান্তর্ভ্রাতশ্চটুভিরভিযাচে ধৃতপদঃ ॥ ১ ॥
ন ধর্ম্মং নাধর্ম্মং শ্রুতিগণ-নিরুক্তং কিল কুরু
ব্রজে রাধাকৃষ্ণ-প্রচুরপরিচর্য্যামিহ তনু।

শচীসূনুং নন্দীশ্বরপতি-সুতত্বে গুরুবরং
মুকুন্দ-প্রেষ্ঠত্বে স্মর পরমজস্রং নন্বু মনঃ ॥ ২ ॥
যদীচ্ছেরাবাসং ব্রজভুবি সরাগং প্রতিজন্ম-
র্যুবদ্বন্দ্বং তচ্চেৎ পরিচরিতুমারাদভিলষেঃ।
স্বরূপং শ্রীরূপং সগণমিহ তস্যাগ্রজমপি
স্ফুটং প্রেম্না নিত্যং স্মর নম তদা ত্বং শৃণু মনঃ। ৩॥
অসদ্বার্ত্তা-বেশ্যা বিসৃজ মতি-সর্ব্বস্ব-হরণীঃ
কথা মুক্তিব্যাঘ্রী ন শৃণু কিল সর্ব্বাত্মগিলনীঃ।
অপি ত্যক্ত্বা লক্ষ্মীপতি-রতিমিতো ব্যোমনয়নীং
ব্রজে রাধাকৃষ্ণৌ স্বরতি-মণিদৌ ত্বং ভজ মনঃ! ॥ ৪ ॥
অসচ্চেষ্টা-কষ্টপ্রদ-বিকটপাশালিভিরিহ
প্রকামং কামাদি-প্রকটপথপাতি-ব্যতিকরৈঃ।
গলে বদ্ধা হন্যেহহমিতি বকভিদ্‌বর্ত্মপ-গণে
কুরু ত্বং ফুৎকারানবতি স যথা ত্বাং মন! ইতঃ ॥ ৫ ॥
অরে চেতঃ! প্রোদ্যৎ-কপট-কুটিনাটীভর-খর-
ক্ষরন্মূত্রে স্নাত্বা দহসি কথমাত্মানমপি মাং।
সদা ত্বং গান্ধর্ব্বা-গিরিধর-পদ-প্রেম-বিলসৎ-
সুধাম্ভোধৌ স্নাত্বা স্বমপি নিতরাং মাঞ্চ সুখয় ॥ ৬ ॥
প্রতিষ্ঠাশা-ধৃষ্টশ্বপচরমণী মে হৃদি নটেৎ
কথং সাধু-প্রেমা স্পৃশতি শুচিরেতন্নন্বু মনঃ!।

সদা ত্বং সেবস্ব প্রভু-দয়িত-সামন্তমতুলং
যথা তাং নিষ্কাশ্য ত্বরিতমিহ তং বেশয়তি সঃ ॥ ৭ ॥
যথা দুষ্টত্বং মে দবয়তি শঠস্যাপি কৃপয়া
যথা মহ্যং প্রেমামৃতমপি দদাত্যুজ্জ্বলমসৌ।
যথা শ্রীগান্ধর্ব্বা-ভজন-বিধয়ে প্রেরয়তি মাং
তথা গোষ্ঠে কাক্কা গিরিধরমিহ ত্বং ভজ মনঃ! ॥ ৮
মদীশা-নাথত্বে ব্রজবিপিন-চন্দ্রং ব্রজবনে-
শ্বরীং তাং নাথত্বে তদতুলসখীত্বে তু ললিতাং।
বিশাখাং শিক্ষালী-বিতরণ-গুরুত্বে প্রিয়সরো
গিরীন্দ্রৌ তৎপ্রেক্ষা-ললিতরতিদত্বে স্মর মনঃ ॥ ৯ ॥
রতিং গৌরী-লীলে অপি তপতি সৌন্দর্য্য-কিরণৈঃ
শচী-লক্ষ্মী-সত্যাঃ পরিভবতি সৌভাগ্য-বলনৈঃ।
বশীকারৈশ্চন্দ্রাবলি-মুখ-নবীনব্রজসতীঃ
ক্ষিপত্যারাদ্ যা তাং হরিদয়িত-রাধাং ভজ মনঃ !॥১
সমং শ্রীরূপেণ স্মর বিবশ-রাধাগিরিভৃতো
র্ব্রজে সাক্ষাৎ সেবালভন-বিধয়ে তদ্গণযুজোঃ।
তদিজ্যাখ্যা-ধ্যান-শ্রবণ-নতি-পঞ্চামৃতমিদং
ধয়ন্নীত্যা গোবর্দ্ধনমনুদিনং ত্বং ভজ মনঃ! ॥ ১১
মনঃশিক্ষাদৈকাদশকবরমেতন্মধুরয়া
গিরা গায়ত্যুচ্চৈঃ সমধিগত-সর্ব্বার্থততি যঃ।

সযূথশ্রীরূপানুগ ইহ ভবন্ গোকুলবনে
জনো রাধাকৃষ্ণাতুলভজনরত্নং স লভতে ॥ ১২ ॥
ইতি শ্রীরঘুনাথদাসগোস্বামি-বিরচিতা শ্রীশ্রীমনঃশিক্ষা সম্পূর্ণা।

শ্রীরঘুনাথদাসগোস্বামিচরণ বিরচিত
শ্রীশ্রীমনঃশিক্ষার অনুবাদ।

ওরে ভাই মন! তব চরণে ধরিয়া।
এই ভিক্ষা মাগি আমি বিনয় করিয়া ॥
শ্রীগুরু, শ্রীবৃন্দাবন, ব্রজবাসিজনে।
বৈষ্ণবে, ব্রাহ্মণে, নিজ মন্ত্রে, হরিনামে ॥
যুগলকিশোর-পদে লইয়া শরণ।
অভিমান ছাড়ি রতি কর অনুক্ষণ ॥ ১ ॥
শ্রুতি-উক্ত ধর্ম্মাধর্ম্ম না করি কখন।
ব্রজে রাধাকৃষ্ণ-সেবা কর বিলক্ষণ ॥
শচীসুতে নন্দসুত আর গুরুদেবে।
কৃষ্ণ-প্রিয়তম জানি স্মরণ করিবে ॥ ২ ॥
ওহে মন! যদি প্রতিজন্ম বৃন্দাবনে।
অনুরাগে বাসে তব ইচ্ছা হয় মনে ॥
যদি বাঞ্ছ ব্রজে রাধাকৃষ্ণ সেবাধন।
তবে এই বাক্য মোর করহ শ্রবণ ॥

গণসহ শ্রীস্বরূপ, রূপ, সনাতনে।
প্রীতিভরে স্মর, নম তাঁদের চরণে ॥ ৩ ॥
অসদ্বার্ত্তা বেশ্যারূপা, ত্যজ তারে মন!
মতিরূপ সরবস করে সে গ্রহণ ॥
মুক্তি বাঘিণীর কথা না শুনিহ কাণে।
শুনিলে গিলিবে তোমা, রবে সাবধানে ॥
লক্ষ্মীপতি নারায়ণে না করিবে রতি।
করিলে হইবে তব পরব্যোমে গতি ॥
সব ছাড়ি ব্রজে রাধাকৃষ্ণের ভজন।
করহ, পাইবে তুমি প্রেম-মহাধন ॥ ৪ ॥
ভক্তি-পথে কাম-আদি শত্রু যেই ছয়।
অসৎচেষ্টা-রজ্জু মোর বাঁধিয়া গলায় ॥
বধিছে আমায় তারা—বলি প্রাণপণে।
ফুকারিয়া ডাক ভক্তি-পথ-রক্ষিগণে ॥
পরম করুণ তাঁরা আসিয়া তখন।
অবিলম্বে করিবেন তোমায় রক্ষণ ॥ ৫ ॥
কপট কুটিনাটী-খরমূত্রে নিরন্তর।
স্নান করি কেন মন! মোরে দগ্ধ কর ॥
সদা রাধাকৃষ্ণ-প্রেম সুধার সাগরে।
স্নান করি সুখী হও, সুখী কর মোরে ॥ ৬

প্রতিষ্ঠা বাসনা-ধৃষ্ট চণ্ডালরমণী।
নাচিছে হৃদয়ে মোর দিবস রজনী॥
হে মন! কেমনে শুদ্ধ প্রেম মহাজন।
স্পর্শিবেন মোর দুষ্ট হৃদয়-ভবন॥
সামন্তস্বরূপ যত গৌরপ্রিয়গণ।
ভক্তিভরে তাঁহাদের করহ সেবন॥
সে বাসনা-চণ্ডালিনী করি বিতাড়িত।
করিবেন হৃদে তাঁরা প্রেম প্রকাশিত॥ ৭॥
মো হেন শঠের প্রতি যাতে কৃপা করি।
দুষ্টতা নাশিয়া প্রেম দেন গিরিধারী॥
যেরূপে শ্রীরাধিকার চরণ সেবনে।
নিযুক্ত করেন মোরে কায়বাক্যমনে॥
তাহাতে মিনতি করি বলি ওরে মন।
নিরন্তর ভজ ব্রজে ব্রজেন্দ্রনন্দন॥ ৮॥
বৃন্দাবনচন্দ্রে জান রাধানাথ করি।
বৃন্দাবনেশ্বরী মান আপন ঈশ্বরী॥
সখীগণে শ্রেষ্ঠা বলি স্মর ললিতায়।
শিক্ষাদানে গুরুরূপে মান বিশাখায়॥
যুগলকিশোর-প্রাপ্তিহেতু-প্রেমদানে।
স্মর মন! সদা রাধাকুণ্ড গোবর্দ্ধনে॥ ৯॥

ওরে মন! শ্রীরাধার সৌন্দর্য্য কিরণে।
রতি, গৌরী, লীলা তপ্ত হয় মনে প্রাণে॥
কৃষ্ণ-বশীকারে চন্দ্রা আদি ব্রজরামা।
সৌভাগ্যেতে পরাভূতা শচী, সত্যা, রমা॥
কৃষ্ণপ্রেমময়ী রাধা কৃষ্ণের প্রেয়সী।
প্রেমভরে মন! তাঁরে ভজ দিবানিশি॥ ১০॥
হে মন! ললিতা-আদি সখীগণ-সনে।
স্মরাবিষ্ট রাধাকৃষ্ণ সেবার কারণে॥
তাঁহাদের পূজা আর নাম-গান, ধ্যান।
শ্রবণ, প্রণতি—পঞ্চামৃত করি পান॥
অনুরাগে নিরন্তর শ্রীরূপের সহ।
আনুগত্যে গোবর্দ্ধনে ভজন করহ॥ ১১॥
মনঃশিক্ষাপ্রদ এই একাদশ শ্লোক।
সুমধুরভাবে উচ্চে গায় যেই লোক॥
পুরুষার্থ-শিরোমণি প্রেম সে জানিয়া।
যূথসঙ্গে শ্রীরূপের অনুগ হইয়া॥
বৃন্দাবনে রাধাকৃষ্ণ-ভজন-রতন।
লাভ করে, হয় তার সার্থক জনম॥ ১২॥

ইতি শ্রীমদ্রঘুনাথদাসগোস্বামি-বিরচিত মনঃশিক্ষার
অনুবাদ সমাপ্ত।

শ্রীশ্রীমনঃশিক্ষা।

(১)

এ মন ! শচীর নন্দন বিনে।

প্রেম বলি নাম, অতি অদভূত,
শ্রুত হৈত কার কাণে॥
শ্রীকৃষ্ণ নামের, স-গুণ-মহিমা,
কেবা জানাইত আর।
বৃন্দা বিপিনের, মহা মধুরিমা,
প্রবেশ হইত কার॥
কেবা জানাইত, রাধার মাধুর্য্য,
রস-যশ-চমৎকার।
তার অনুভব, সাত্ত্বিক বিকার,
গোচর ছিল বা কার॥
ব্রজে যে বিলাস, রাস মহারাস,
প্রেম-পরকীয়া-তত্ত্ব।
গোপীর মহিমা, ব্যভিচারি-সীমা,
কার গতি ছিল এত॥
ধন্য কলি ধন্য, নিতাই চৈতন্য,
পরম করুণা করি।
বিধি-অগোচর, যে প্রেম বিকার,
প্রকাশে জগত ভরি॥

উত্তম অধম, কিছু না বাছিল,
যাচিয়ে দিলেক কোল।
কহে প্রেমানন্দ, এমন গৌরাঙ্গ,
অন্তরে ধরিয়া দোল ॥

(২)

এ মন ! তুমি সে অবোধ বড়।
দেখিয়া শুনিয়া, বুঝিতে নারিয়া,
করিতে না পার দঢ় ॥
কে সার অসার, না কর বিচার,
কে তুমি কর কি কাজ।
পরের কারণে, শরীর খোয়ালি,
আপন কাজেতে বাজ ॥
এধন এজন, আপনা ভাবিছ,
সে তোর বুদ্ধির ভুল।
এখন তখন, কখন কি হয়,
বুঝ না আপন মুল ॥
দেখনা জীবন, কেবল পবন,
যাইতে কি তার বাধা।
কিসের কারণে, এতেক আরতি,
খাটিয়া মরিছ গাধা ॥

দিবস রজনী, তিলে না বিরাম,
গণিছ পড়িছ কিবা।
রবির নন্দন, আসিবে যখন,
তারে কি উত্তর দিবা॥
বদন ভরিয়া, হরি হরি বল,
বসিয়া সাধুর সঙ্গ।
কহে প্রেমানন্দ, কি ভয় শমনে,
আপনি দিবে সে ভঙ্গ॥

(৩)

ওরে মন! বৃথা কেন কর্ম্মেরে দোষাও।
মানুষ উত্তম দেহ, ভারতবর্ষেতে সেহ,
ইহার অধিক কিবা চাও॥
বিচারিয়া দেখ তন্ত্র, সর্ব্বশ্রেষ্ঠ কৃষ্ণমন্ত্র,
উপাসনা হইয়াছে তাই।
তাতে কলিযুগ ধন্য, ধ্যান-যজ্ঞাদিক অন্য,
কৃষ্ণ নাম বিনা ধর্ম্ম নাই॥
কৃত-কর্ম্ম কর ভোগ, বিধাতাকে অনুযোগ,
সে কবে অন্যায় কারে করে।
পাপ পুণ্য পূর্ব্বার্জ্জিত, এজন্মে তা পরিচিত,
এবে যা তা এখনি বা পরে॥

ভাবি দেখ কেবা কার, যে কর সে আপনার,
কারো কর্ম্ম কারে নাহি যায়।
সংসার বিষের লাড়ু, কি বুঝে খাইছ ভাড়ু,
দেখ জীর্ণ কৈল সর্ব্বকায়॥
কিসে বা নিশ্চিন্ত আছ, উলটি না দেখ পাছ,
কবে জানি পড়িবে ঢুলিয়া।
যমদূত দণ্ড হাতে, সে দাণ্ডায়ে আছে পথে,
তারে বুঝি রয়েছ ভুলিয়া॥
যদি জীতে সাধ হয়, কৃষ্ণনাম সুধাময়,
সে অমৃত সদা পিয় ভাই।
প্রেমানন্দ কহে তবে, সব বিষ-জ্বালা যাবে,
মৃত্যু জিনি শমন এড়াই॥

(৪)

ওরে মন! কতবা ভাঁড়াবে নিতি।
এমোর ওমোর করি, দিবস যে দেয় পাড়ি,
ঘুমেতে পড়িয়া কাট রাতি॥
আজি কালি করি আর, পক্ষ যে করিছ পার,
এপক্ষ ওপক্ষ করি মাস।
এমাস ওমাস করি, অয়ন ফেলিলে ঠেলি,
অয়নে অয়নে যায় মাস॥

এবর্ষ ওবর্ষ করি, কহিছ জনম ভরি,
কবে তোর ঘুচিবে জঞ্জাল ॥
কবে অবসর হবে, কবে হরি নাম লবে,
যবে আসি দাণ্ডাইবে কাল ॥
কফেতে করিবে বল, বাতিক হইবে কাল,
পিত্ত কোথা রহিবে লুকাই।
কণ্ঠ হবে অবরোধ, কোথায় থাকিবে বোধ,
হরিনাম লবে কেরে ভাই ॥
এখন অভ্যাস কর, হরি হরি সদা স্ফুর,
জিহ্বাকে করিয়া লহ বশ।
আপনি নাচিবে তুণ্ড, ঘুচিবে যমের দণ্ড,
নহে কেন শরীর অবশ ॥
প্রেমানন্দ কহে এই, মরিলে না মরে সেই,
কৃষ্ণ কৃষ্ণ সদা যাঁর মুখে।
কোথা তাঁর কর্ম্ম-বন্ধ, প্রেমে মত্ত সদানন্দ,
গতায়াত মাত্র নিজ সুখে ॥

(৫)

ওরে মন! তিল আধ নাহিক চেতন।
রাত্রি দিন এ সংসার, চেষ্টাতে হইলি ভোর,
ভুলি রৈলি মায়ার কারণ ॥

পাইয়া মানুষ-জন্ম, করহ পশুর কর্ম্ম,
বুঝি দেখ আপনার মূল।
সে আহার নিদ্রা করে, স্বগণ সহিত চরে,
তবে কিসে নহ সমতুল॥
ধন জন পূর্ব্বজন্ম, যেমন করিছ কর্ম্ম,
ভাবিলে কি তার বাড়া পাও।
দুর্ল্লভ এ নরতনু, শ্রীকৃষ্ণ ভজন বিনু,
কেন মিছে নিস্ফলে গোঙাও॥
শাস্তিকর্ত্তা দণ্ডধর, আসিয়া তাহার চর,
চর্ম্মপাশে বান্ধিবে যখন।
মারিবে ডাঙ্গশের বাড়ি, কে তোরে লইবে ছাড়ি,
সুখ দুঃখ বুঝিবে তখন॥
শুন মন দুরাচার, কেন কর অনাচার,
তোর কর্ম্ম সকলি অসার।
শ্রীগুরু চরণে দৃষ্টি, দেখ যার আছে নৈষ্ঠি,
সেইমাত্র ধন্য রে দুর্ব্বার॥
কৃষ্ণ যদি মনে করে, ব্রহ্মপদ দিতে পারে,
হেন কৃষ্ণ ছাড় কি কারণে।
দেখ যাঁর শ্রীচরণ, ধ্যান করে পঞ্চানন,
তথাপি প্রত্যয় নাহি মনে॥

ছাড় সব মিছা কাম, মুখে বল হরিনাম,
তবে তোর সম কেবা হয়।
প্রেমানন্দ কহে মন, কর হেন আচরণ,
তবে আর কারে তোর ভয়॥

(৬)

ওরে মন! বিচারিয়া দেখ না হৃদয়।
ধনে জনে কত আর্ত্তি, বাড়ে বই নহে নিবৃত্তি,
হরি পদে হৈলে কিনা হয়॥
যা ভাবিলে হবে নাই, তাই ভেবে কাট আই,
ভাবিলে যে পাও তা না কর।
লক্ষ কোটি যার ধন, সে কি খায় একমণ,
বুঝি কেন ধৈরয না ধর॥
বন্দেঽহং শ্রীগুরোঃ শ্রীযুত-পদকমলং শ্রীগুরূন্ বৈষ্ণবাংশ্চ
শ্রীরূপং সাগ্রজাতং সহগণ-রঘুনাথান্বিতং তং সজীবম্।
সাদ্বৈতং সাবধূতং পরিজন-সহিতং কৃষ্ণচৈতন্যদেবং
শ্রীরাধাকৃষ্ণ-পাদান্ সহগণললিতান্ শ্রীবিশাখান্বিতাংশ্চ॥

পরে শৌচকৃত্যাদি সমাপন করিবেন।

(১) অনন্তর সামান্য আচমন বিধি।

প্রথমতঃ "ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ। ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ো দিবীব চক্ষুরাততম্॥"

এই পুরুষ-সূক্ত মন্ত্র উচ্চারণপূর্ব্বক ওষ্ঠদ্বয়, মুখ, নাসিকাদ্বয়, কর্ণদ্বয়, নাভি, হৃদয়, মস্তক ও বাহুমূলদ্বয়—এই দ্বাদশ স্থান স্পর্শ করিতে হইবে। তৎপরে

"অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ ॥"

এই মন্ত্র পাঠ করিয়া মস্তকে কিঞ্চিৎ জল প্রোক্ষণ করিতে অর্থাৎ জলের ছিটা দিতে হইবে।

(২) বৈষ্ণবাচমন ঃ—

দক্ষিণ হস্তের অঙ্গুলি সকল ঈষৎ বক্র করিয়া করতলে সামান্য একটু অর্থাৎ একমাষা পরিমিত নির্ম্মল জল গ্রহণ-পূর্ব্বক ঐ জল "কেশবায় নমঃ" বলিয়া একবার, "নারায়ণায় নমঃ" বলিয়া একবার, ও "মাধবায় নমঃ" বলিয়া একবার পান করিতে হইবে। পরে "গোবিন্দায় নমঃ, বিষ্ণবে নমঃ" বলিয়া দুই হস্ত প্রক্ষালন করিতে হইবে।

তৎপরে "মধুসূদনায় নমঃ, ত্রিবিক্রমায় নমঃ" বলিয়া অঙ্গুষ্ঠমূল দ্বারা দক্ষিণ প্রান্ত হইতে বাম অভিমুখে ওষ্ঠ ও অধর মার্জ্জন; "বামনায় নমঃ, শ্রীধরায় নমঃ" বলিয়া অঙ্গুষ্ঠ মূল দ্বারা উর্দ্ধদিক হইতে নিম্নদিকে দুইবার মুখ-মার্জ্জন; "হৃষীকেশায় নমঃ, পদ্মনাভায় নমঃ" বলিয়া পদদ্বয় প্রক্ষালন (জল-প্রক্ষেপ); "দামোদরায় নমঃ" বলিয়া তিন

বার মস্তকে জল-প্রক্ষেপ; "বাসুদেবায় নমঃ" বলিয়া অনামিকা, মধ্যমা ও তর্জ্জনী দ্বারা মুখস্পর্শ; "সঙ্কর্ষণায় নমঃ, প্রদ্যুম্নায় নমঃ" বলিয়া অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ দ্বারা দক্ষিণ ও বাম নাসাস্পর্শ; "অনিরুদ্ধায় নমঃ, পুরুষোত্তমায় নমঃ" বলিয়া অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা দক্ষিণ ও বাম নেত্র স্পর্শ; "অধোক্ষজায় নমঃ, নৃসিংহায় নমঃ" বলিয়া অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা, দক্ষিণ ও বাম কর্ণ স্পর্শ; "অচ্যুতায় নমঃ" বলিয়া অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠা দ্বারা নাভি স্পর্শ; "জনার্দ্দনায় নমঃ" বলিয়া দক্ষিণ করতল দ্বারা বক্ষঃস্থল স্পর্শ; "উপেন্দ্রায় নমঃ" বলিয়া অঙ্গুলি সমূহের অগ্রভাগ দ্বারা মস্তক স্পর্শ; "হরয়ে নমঃ, কৃষ্ণায় নমঃ" বলিয়া অঙ্গুলি সমূহের অগ্রভাগ দ্বারা দক্ষিণ ও বামবাহুমূল স্পর্শ করিবেন।

অসমর্থ বা পীড়িতাবস্থায় সামান্য আচমন করিলে কিম্বা শ্রীবিষ্ণু স্মরণ পূর্ব্বক কেবল দক্ষিণ কর্ণ স্পর্শ করিলেই আচমন সিদ্ধ হইবে।

অথ স্নান বিধি।

গঙ্গাদি তীর্থ বা নদী পুষ্করিণী প্রভৃতিতে উপস্থিত হইয়া আচমন করতঃ—

ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ ॥
এই মন্ত্রে শ্রীবিষ্ণুস্মরণ করিবেন। অতঃপর—
গঙ্গে! চ যমুনে! চৈব গোদাবরি! সরস্বতি!।
নর্ম্মদে! সিন্ধু কাবেরি! জলেঽস্মিন্ সন্নিধিং কুরু ॥
কুরুক্ষেত্রং গয়া-গঙ্গা-প্রভাস-পুষ্করাণি চ।
তীর্থ্যান্যেতানি পুণ্যানি স্নানকালে ভবন্তীহ ॥
এই মন্ত্রে তীর্থাদি আবাহন পূর্ব্বক—
দেবদেব জগন্নাথ! শঙ্খ-চক্র-গদাধর!
দেহি বিষ্ণো! মমানুজ্ঞাং তব তীর্থনিষেবণে ॥

এই মন্ত্রে অনুজ্ঞা প্রার্থনা করিবেন। পরে স্রোতের অভিমুখী হইয়া—

বিষ্ণুপাদ-প্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুদেবতা।
পাহি নস্ত্বেনসস্তস্মাদাজন্মমরণান্তিকাৎ ॥

এই মন্ত্রে সাতবার মস্তকে জল অর্পণ পূর্ব্বক কিঞ্চিৎ মৃত্তিকা লইয়া—

অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্ ॥
উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেণ শতবাহুনা।
মৃত্তিকে ব্রহ্মদত্তাসি কাশ্যপেনাভিমন্ত্রিতা ॥

আরুহ্য মম গাত্রাণি সর্ব্বপাপং প্রমোচয় ॥

এই মন্ত্রে সর্ব্বাঙ্গে লেপনান্তে স্নান করিবেন। সাধ্যানুসারে গঙ্গার স্তবাদি পাঠান্তে প্রণাম করিবেন। যথা—

সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যোদুঃখ-বিনাশিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ ॥

অনন্তর গাত্র-মার্জ্জন, শিখাবন্ধন, সামান্যাচমন, কাম-গায়ত্রী দ্বারা ইষ্টদেবতাকে পঞ্চাঞ্জলি জলদান ও প্রণাম করিবেন। পরে তর্পণ করতঃ স্তবাদি পাঠ করিতে করিতে গৃহাগমন পূর্ব্বক শুষ্কবস্ত্র পরিধান করিবেন।

অতঃপর আসনে উপবেশন করিয়া তিলক ধারণ করিবেন।

(দ্বাদশ অঙ্গে তিলক ধারণের মন্ত্র ও স্থানের ক্রম)

ললাটে কেশবং ধ্যায়েৎ নারায়ণমথোদরে।
বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠকূপকে ॥
বিষ্ণুঞ্চ দক্ষিণে কুক্ষৌ বাহৌ চ মধুসূদনম্।
ত্রিবিক্রমং কন্ধরে তু বামনং বামপার্শ্বকে ॥
শ্রীধরং বামবাহৌ চ হৃষীকেশন্তু কন্ধরে।
পৃষ্ঠে তু পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ ॥
তৎ প্রক্ষালনতোয়ন্তু বাসুদেবেতি মূর্দ্ধনি ॥

ক্রমনির্দ্দিষ্ট স্থান।	মন্ত্র।
ললাটে … ..	শ্রীকেশবায় নমঃ।
উদরে … …	শ্রীনারায়ণায় নমঃ।
বক্ষঃস্থলে … …	শ্রীমাধবায় নমঃ।
কণ্ঠে … …	শ্রীগোবিন্দায় নমঃ।
দক্ষিণ পার্শ্বে … …	শ্রীবিষ্ণবে নমঃ।
দক্ষিণ বাহুতে …	শ্রীমধুসূদনায় নমঃ।
দক্ষিণ স্কন্ধে … …	শ্রীত্রিবিক্রমায় নমঃ।
বাম পার্শ্বে ..	শ্রীবামনায় নমঃ।
বাম বাহুতে … …	শ্রীশ্রীধরায় নমঃ।
বাম স্কন্ধে … …	শ্রীহৃষীকেশায় নমঃ।
পৃষ্ঠে … …	শ্রীপদ্মনাভায় নমঃ।
কটিতে .. …	শ্রীদামোদরায় নমঃ।

"শ্রীবাসুদেবায় নমঃ" বলিয়া হস্ত ধৌত জল মস্তকে প্রদান করিবেন॥

পরে মালা উত্তরীয়াদি ধারণপূর্ব্বক শ্রীগুরুদেবকে প্রণাম করিয়া প্রার্থনা করিবেন। যথা ঃ—

নমস্তে গুরুদেবায় সর্ব্বসিদ্ধি-প্রদায়িনে।
সর্ব্বমঙ্গল-রূপায় সর্ব্বানন্দ-বিধায়িনে॥
শ্রীগুরো! পরমানন্দ! প্রেমানন্দ-ফলপ্রদ!
ব্রজানন্দ-প্রদানন্দ-সেবায়াং মাং নিয়োজয়॥

পরে শ্রীমন্দিরের দ্বারে আসিয়া তিনবার করতালি প্রদান পূর্ব্বক দ্বার উদ্ঘাটন করিবেন। অনন্তর ঘণ্টা বাদন করিতে করিতে শ্রীমূর্ত্তির জাগরণ করাইবেন। মন্ত্র, যথা ঃ—

উত্তিষ্ঠোত্তিষ্ঠ গৌরাঙ্গ সপার্ষদ জগৎপতে।
ত্বয়া চোত্থীয়মানেন চোত্থিতং ভুবনত্রয়ম্॥
গো-গোপ-গোকুলানন্দ যশোদানন্দ-নন্দন।
উত্তিষ্ঠ রাধয়া সার্দ্ধং প্রাতরাসীজ্জগৎপতে॥

পরে দীপ জ্বালিয়া সিংহাসন সমীপে গমন, শ্রীচরণ স্পর্শানন্তর সযত্নে শ্রীমূর্ত্তির উত্থাপন, ইষ্টমন্ত্রে আচমনার্থ জল, দন্তকাষ্ঠ, জিহ্বা-লেখনী ও মুখমার্জ্জনী-বস্ত্র প্রদান, চরণাদি সম্মার্জ্জন, নির্ম্মাল্যোত্তারণ এবং পরে নৈবেদ্য অর্পণ পূর্ব্বক মঙ্গল-আরতি করিয়া প্রণামকরতঃ নিশান্ত-লীলার পদাবলী কীর্ত্তন করিবেন।

(এই সমস্তই সূর্য্যোদয়ের পূর্ব্বে করিতে হইবে।)

প্রাতঃকৃত্য।

(সূর্য্যোদয়ের পর)

তুলসীপত্র চয়ন।

মন্ত্র যথা ঃ—

তুলস্যমৃতজন্মাসি সদা ত্বং কেশবপ্রিয়া।
কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে॥

ত্বদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিং।
তথা কুরু পবিত্রাঙ্গি! কলৌ মল-বিনাশিনি॥

(তুলসী প্রার্থনা মন্ত্র)।

চয়নোদ্ভব-দুঃখং তে যদ্দেবি হৃদি বর্ত্ততে॥
তৎ ক্ষমস্ব জগন্মাতস্তুলসি! ত্বাং নমাম্যহম্॥

(তুলসী-স্নান মন্ত্র)।

গোবিন্দবল্লভাং দেবীং জগচ্চৈতন্যকারিণীং।
স্নাপয়ামি জগদ্ধাত্রীং বিষ্ণুভক্তি-প্রদায়িনীম্॥

(তুলসী-পরিক্রমা মন্ত্র)।

যানি কানি চ পাপানি জন্মান্তরশতানি বৈ।
তানি তানি প্রণশ্যন্তি প্রদক্ষিণাঃ পদে পদে॥

(তুলসী প্রণাম মন্ত্র)।

বৃন্দায়ৈ তুলসীদেব্যৈ প্রিয়ায়ৈ কেশবস্য চ।
কৃষ্ণভক্তিপ্রদে দেবি! সত্যবত্যৈ নমো নমঃ॥

শ্রীশ্রীপূজাবিধি॥

পূজোপকরণাদি যথাস্থানে স্থাপন করিয়া* বিঘ্ন বিনাশার্থ এই মন্ত্র করযোড়ে পাঠ করিবেন। যথা:—

শ্রীশ্রীমূর্ত্তিকে স্বীয় বামদিকে রাখিয়া আপনার বসিবার আসন, তদগ্রে স্নানপাত্র, দক্ষিণদিকে আচমন পাত্র, বামদিকে আধারের উপর শঙ্খ, তাহার বামদিকে আধারের উপর ঘণ্টা এবং স্বীয় বাম-

ভূত-প্রেত-পিশাচাদ্যা যে সর্ব্বে বিঘ্নকারকাঃ।
অপসর্পন্তু তে তূর্ণং হরের্নামানুকীর্ত্তনাৎ॥

অনন্তর শ্রীগুরুদেবকে স্মরণ ও প্রণাম করিয়া শ্রীমূর্ত্তির স্নানের নিমিত্ত প্রার্থনা করিবেন, যথা ঃ—

যৎপাদ-শৌচতোয়েন যদ্দাস-পাদবারিণা।
পবিত্রমখিলং বিশ্বং স ত্বং শ্রীরাধয়া সহ॥
নিমগ্নোঽপি মহানন্দ-বারিধৌ করুণার্ণব।
স্নানায় ভব গোবিন্দ! ভক্তবাঞ্ছাভিপূরকঃ॥

পরে স্নানপাত্রোপরি তুলসীপত্রাসনে শ্রীমূর্ত্তিকে স্থাপন করিয়া ঘণ্টা-বাদন-সহকারে ইষ্ট-মন্ত্রোচ্চারণ করিতে করিতে শঙ্খোদক দ্বারা যথাসম্ভব স্নান করাইবেন।

অতঃপর শ্রীঅঙ্গ-মার্জ্জন, বস্ত্রালঙ্কারাদি-পরিধাপন, অলকা-তিলকাদি রচনা করিয়া ফল ও মিষ্টান্নাদি নিবেদন করতঃ আরাত্রিক করিবেন।

অনন্তর প্রাতর্লীলা স্মরণ করিবেন। (স্মরণ মঙ্গল দ্রষ্টব্য)।

পার্শ্বে ধূপ দীপ, নৈবেদ্য ও জলপাত্র দক্ষিণদিকে তুলসী ও পুষ্পহার, ঘৃতদীপ ও অন্যান্য দ্রব্যাদি এবং হস্ত ধৌত করিবার পাত্র নিজের কিঞ্চিৎ পশ্চাতে রাখিতে হয়।

পূর্ব্বাহ্নকৃত্য।

(শ্রীশ্রীগুরু পূজা)।

প্রথমতঃ আসনে উপবেশন পূর্ব্বক—

শ্রীগুরুভ্যো নমঃ ; শ্রীপরম গুরুভ্যো নমঃ ;

শ্রীপরাপর গুরুভ্যো নমঃ ; শ্রীপরমেষ্ঠি গুরুভ্যো নমঃ ॥

এইরূপে শ্রীগুরুবর্গকে প্রণাম করিয়া শ্রীগুরুদেবের পূজা করিবেন।

মানসে নিজের সম্মুখে শ্রীশ্রীগুরুদেবকে সুখাসনে বসাইয়া—

গাং হৃদয়ায় নমঃ, গীং শিরসে স্বাহা,
গূং শিখায়ৈ বষট্, গৈং কবচায় হুং, গৌং
নেত্রত্রয়ায় বৌষট্, গঃ করতল-পৃষ্ঠাভ্যাং
অস্ত্রায় ফট্ ॥ এবং গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ,
গীং তর্জ্জনীভ্যাং স্বাহা, গূং মধ্যমাভ্যাং বষট্,
গৈং অনামিকাভ্যাং হুং, গৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্,
গঃ করতল-পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ ॥

এই মন্ত্রে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া বাম হস্তের উপর পুষ্প রাখিয়া কচ্ছপ-মুদ্রাকারে দক্ষিণ কর দ্বারা আচ্ছাদন পূর্ব্বক ধ্যান করিবেন।

শ্রীগুরুদেবের ধ্যান।

আজানুলম্বিত-ভুজং প্রফুল্ল-কমলেক্ষণং।
বরাভয়করং শান্তং করুণামৃত-বারিধিম্॥
শ্রীনামাঙ্কিত-সর্ব্বাঙ্গং হরিমন্দিরভালকম্।
প্রসন্নবদনং ধ্যায়েদ্ গুরুং সর্ব্বার্থ-সিদ্ধিদং॥

এই মন্ত্র পাঠ করিয়া হস্তের পুষ্পটী নিজ মস্তকে দিয়া পূর্ব্ববৎ অঙ্গন্যাস ও করন্যাসপূর্ব্বক বাম হস্তে পুষ্প লইয়া ধ্যান করতঃ ঐ ধ্যানের পুষ্প শ্রীগুরুদেবের চরণে অর্পণ করিয়া পূজা করিবেন যথা—

এতৎপাদ্যম্ (বীজমন্ত্রসহ) শ্রীগুরবে নমঃ" (দুই বার) এষোহর্ঘঃ (সবীজ) শ্রীগুরবে নমঃ, ইদম্ আচমনীয়ম্ (সবীজ) শ্রীগুরবে নমঃ, এষ গন্ধঃ (সবীজ) শ্রীগুরবে নমঃ, এতৎ পুষ্পম্ (সবীজ) শ্রীগুরবে নমঃ" (তিনবার) এই রূপে শ্রীগুরুদেবের পূজা * করিয়া শ্রীপঞ্চতত্ত্ব এবং শ্রীরাধা-গোবিন্দের ভোগান্তে ঐ মহাপ্রসাদ শ্রীগুরুদেবকে সমর্পণ করিবেন। তৎপরে শ্রীগুরুদেবকে প্রণাম করিয়া প্রার্থনা করিবেন। যথা—

* শ্রীশ্রীচরণকমলে সচন্দন পুষ্পদ্বারা পূজা করিতে হয় আর শ্রীমস্তকে ও গলদেশে যথাক্রমে শ্রীশ্রীভগবৎ প্রসাদী সচন্দন তুলসী ও পুষ্পমাল্যাদি অর্পণ করিতে হয়। পূজা সমাপনান্তে প্রার্থনা

শ্রীগুরু প্রণাম।

অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন-শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

শ্রীগুরু প্রার্থনা।

শ্রীগুরো! পরমানন্দ! প্রেমানন্দফলপ্রদ।
নবদ্বীপ-পরানন্দ-সেবায়াং মাং নিযোজয়॥

শ্রীনবদ্বীপে আত্মধ্যান।

দিব্য-শ্রীহরিমন্দিরাঢ্যমলিকং কণ্ঠং সুমাল্যান্বিতং
বক্ষঃ শ্রীহরিনামবর্ণ-সুভগং শ্রীখণ্ডলিপ্তং ততঃ।
শুভ্রশ্লক্ষ্ণ-নবাম্বরং বিমলতাং নিত্যং বহন্তীং তনুং
ধ্যায়েৎ শ্রীগুরুপাদ-পদ্ম-নিকটে সেবোৎসুকামাত্মনঃ॥

মন্ত্রের পর শ্রীশ্রীমূর্ত্তির স্নান পান ভোজনান্তে যথাক্রমে শ্রীশ্রীচরণামৃত, অধরামৃতাদি শ্রীশ্রীমৎগুরুদেবকে পর্য্যায়ক্রমে সমর্পণ করিতে হয়; (সর্ব্বাগ্রে শ্রীশ্রীমৎপরমেষ্ঠিগুরুদেব তৎপরে পরাৎপরগুরুদেব এইরূপে সর্ব্বশেষ শ্রীশ্রীমদ্গুরুদেবকে সমর্পণ করিবার নিয়ম।) কিন্তু শয়ন দিবার নিয়ম—সর্ব্বাগ্রে শ্রীশ্রীঠাকুরদের, তাহার পর প্রসাদ সমর্পণ নিয়মানুসারে শ্রীশ্রীমদ্গুরুদেবকে শয়ন করাইতে হয়। উত্থাপনের নিয়ম. সর্ব্বাগ্রে শ্রীশ্রীমদ্গুরুদেবের, তাহার পর শ্রীশ্রীমৎপরম-গুরুদেবের, পরাৎপর গুরুদেবের, পরমেষ্ঠি গুরুদেবের তাহার পর ক্রমানুসারে শ্রীশ্রীঠাকুরদের উত্থাপন করিবেন।

(শ্রীশ্রীনবদ্বীপের ধ্যান)।

স্বর্ধুন্যাশ্চারুতীরে স্ফুরিতমতিবৃহৎকূর্ম্মপৃষ্ঠাভগাত্রং
রম্যারামাবৃতং সন্মণিকনক-মহাসদ্মসঙ্ঘৈঃ পরীতং।
নিত্যং প্রত্যালয়োদ্যৎ-প্রণয়ভর-লসৎ-কৃষ্ণসংকীর্ত্তনাঢ্যং
শ্রীবৃন্দাটব্যভিন্নং ত্রিজগদনুপমং শ্রীনবদ্বীপমীড়ে॥

শ্রীধাম নবদ্বীপ, ভাগীরথীর মনোহর তীরে অতি বৃহৎ কূর্ম পৃষ্ঠের ন্যায় প্রকাশিত, পরম রমনীয় পুষ্পোদ্যানে ও উৎকৃষ্ট মণিময় ও স্বুবর্ণময় গৃহাদিতে পরিশোভিত এবং অহরহঃ প্রতিগৃহে প্রণয়ভরোত্থিত-শ্রীকৃষ্ণনাম-সংকীর্ত্তন-যুক্ত, শ্রীবৃন্দাবন হইতে অভিন্ন ও জগতে অতুলনীয়। আমি ইহার স্তুতি করি।

শ্রীনবদ্বীপে যোগপীঠের ধ্যান।

ওঁ সিংহাসনস্থ মধ্যে শ্রীগৌরকৃষ্ণং স্মরেত্ততঃ।
তদ্দক্ষিণে নিত্যানন্দং প্রেমানন্দ-কলেবরম্॥
বামে গদাধরং দেবমানন্দ-শক্তি-বিগ্রহং।
দেবস্যাগ্রে কর্ণিকায়ামদ্বৈতং বিশ্বপাবনং॥
তদ্দক্ষিণে ভক্তবর্য্যং শ্রীবাসং ছত্রহস্তকং।
চতুর্দ্দিক্ষু মহানন্দময়ং ভক্তগণং তথা॥

অনন্তর শ্রীনবদ্বীপে রত্নমন্দিরে রত্নসিংহাসনের উপরে শ্রীগৌরাঙ্গদেবকে স্মরণ করিবেন এবং দক্ষিণে শ্রীনিত্যানন্দ

প্রভুকে, বামে শ্রীগদাধর দেবকে, প্রভুর অগ্রে কর্ণিকায় শ্রীমদদ্বৈতপ্রভুকে, তদ্দক্ষিণে ছত্র-হস্ত ভক্তশ্রেষ্ঠ শ্রীবাস পণ্ডিতকে, এবং চতুর্দ্দিকে আনন্দময় ভক্তগণকে স্মরণ করিবেন।

শ্রীনবদ্বীপে যোগপীঠের পদ।

নবদ্বীপ রম্যস্থল, অভিন্ন ব্রজ মণ্ডল,
শ্রীধাম ত্রিজগদনুপম।
নাম স্মরণে যাঁর, হয় প্রেম-ভক্তি সার,
হৃদয়ের নাশে তাপ তমঃ॥
বেষ্টিত জাহ্নবী-নীরে, মিলিত মন্দ সমীরে,
উঠে তীরে তরঙ্গ-আবলি।
চতুর্ব্বিধ কমলে, গুঞ্জরত অলিদলে,
তীরে নীরে দ্বিজ করে কেলি॥
ফল পুষ্পে সুশোভিত, সুরম্য-আরামাবৃত,
মধ্যে দিব্য কনক মন্দির।
রবিজিনি প্রভা অতি, অভক্ত অসুর প্রতি,
সোম জ্যোতিঃ প্রতি ভক্তাদির॥
তার মধ্যে সুবিস্তার, কূর্ম্মপৃষ্ঠ আকার,
হেমপীঠে রত্ন সিংহাসন।
মন্ত্র-বর্ণ-যন্ত্রান্বিত, ষট্‌কোণ মনোরমিত,
তদুপরি দিব্য পুষ্পাসন॥

মধ্যে গৌর-কৃষ্ণেশ্বর, দক্ষিণে নিতাই হলধর,
বামে গদাধর রাধারূপ।
অগ্রে দেবদেবাদ্বৈত, দক্ষিণেতে ছত্র-হস্ত,
পণ্ডিত শ্রীবাস ভক্তভূপ॥
চতুর্দ্দিকে মহানন্দ- ময় গৌর-ভক্ত-বৃন্দ,
স্বানন্দদাতা সিংহাসন পাশে।
কি মোর অসৎ মতি, চরণে না হল রতি,
ধিক রহু এ মোহনদাসে॥

শ্রীমন্মহাপ্রভুর পূজা।

গাং হৃদয়ায় নমঃ; ইত্যাদি ক্রমে অঙ্গন্যাস ও করন্যাস করতঃ ধ্যান করিবেন; যথা —

শ্রীমন্মহাপ্রভুর ধ্যান।

শ্রীমন্মৌক্তিকদাম-বদ্ধ-চিকুরং সুস্মের-চন্দ্রাননং
শ্রীখণ্ডাগুরু-চারু-চিত্রবসনং স্রগ্দিব্যভূষাঞ্চিতং।
নৃত্যাবেশ-রসানুমোদ-মধুরং কন্দর্পবেশোজ্জ্বলং
চৈতন্যং কনকদ্যুতিং নিজজনৈঃ সংসেব্যমানং ভজে॥

এই মন্ত্রে শ্রীমন্মহাপ্রভুর ধ্যান করিয়া প্রথম পুষ্পটী নিজ মস্তকে এবং দ্বিতীয়বার অঙ্গন্যাস ও করন্যাসপূর্ব্বক ধ্যান করিয়া ঐ পুষ্প শ্রীমন্মহাপ্রভুর শ্রীমূর্ত্তিতে বা চিত্রপটে অথবা তদভাবে আরোপিত স্থানে অর্পণপূর্ব্বক পাদ্য, অর্ঘ,

আচমনীয়, স্নানীয়, গন্ধ, পুষ্প, সচন্দন তুলসীপত্র, ধূপ, দীপ, নৈবেদ্য, পানীয়, পুনরাচমনীয়, তাম্বূল এবং মাল্য প্রভৃতি এক একটী উপহার (বীজমন্ত্রসহ) "শ্রীগৌরচন্দ্রায় নমঃ" বলিয়া অর্পণ করিবেন।

শ্রীমন্মহাপ্রভুর প্রণাম।

আনন্দলীলাময়-বিগ্রহায় হেমাভদিব্যচ্ছবিসুন্দরায়।
তস্মৈ মহাপ্রেমরসপ্রদায় চৈতন্যচন্দ্রায় নমো নমস্তে॥

শ্রীমন্মহাপ্রভুর নিকট প্রার্থনা।

সংসার-দুঃখ-জলধৌ পতিতস্য কাম-
ক্রোধাদি-নক্রমকরৈঃ কবলীকৃতস্য।
দুর্ব্বাসনা-নিগড়িতস্য নিরাশ্রয়স্য
চৈতন্যচন্দ্র ! মম দেহি পদাবলম্বম্॥

(অথ আবরণ পূজা)

শ্রীমন্নিত্যানন্দ প্রভুর পূজা।

"নাং হৃদয়ায় নমঃ" এইরূপে অঙ্গন্যাস ও করন্যাসকরতঃ ধ্যান করিবেন ; যথা :—

শ্রীমন্নিত্যানন্দ প্রভুর ধ্যান।

বিদ্যুদ্দাম-মদাভিমর্দ্দনরুচিং বিস্তীর্ণবক্ষঃস্থলং
প্রেমোদ্ঘূর্ণিত-লোচনাঞ্চল-লসৎ-স্মেরাভিরম্যাননং।

নানাভূষণভূষিতং সুমধুরং বিভ্রদ্দঘনাভাম্বরং
সর্ব্বানন্দকরং পরং প্রবর-নিত্যানন্দচন্দ্রং ভজে ॥

এই মন্ত্রে শ্রীমন্নিত্যানন্দপ্রভুর ধ্যান করিয়া পূর্ব্বোক্ত প্রণালী ক্রমে "(সবীজ) শ্রীনিত্যানন্দচন্দ্রায় নমঃ" মন্ত্রে শ্রীনিত্যানন্দ প্রভুর পূজা করিবেন।

শ্রীমন্নিত্যানন্দ প্রভুর প্রণাম।

নিত্যানন্দমহং বন্দে কর্ণে লম্বিত-কুণ্ডলং।
চৈতন্যাগ্রজরূপেণ পবিত্রীকৃত-ভূতলং ॥

শ্রীঅদ্বৈত প্রভুর পূজা।

'আং হৃদয়ায় নমঃ' এইরূপে অঙ্গন্যাস ও করন্যাস করতঃ ধ্যান করিবেন। যথা –

শ্রীঅদ্বৈত প্রভুর ধ্যান।

সদ্ভক্তালিনিষেবিতাঙ্ঘ্রিকমলং কুন্দেন্দু-শুভ্রাম্বরম্
শুদ্ধস্বর্ণরুচিং সুবাহুযুগলং স্মেরাননং সুন্দরং।
শ্রীচৈতন্যদৃশং বরাভয়করং প্রেমাঙ্গ-ভূষান্বিত-
মদ্বৈতং সততং স্মরামি পরমানন্দৈক-কন্দং প্রভুম্ ॥

এই মন্ত্রে শ্রীঅদ্বৈত প্রভুর ধ্যান করিয়া পূর্ব্বোক্ত প্রণালী অনুসারে "(সবীজ) শ্রীঅদ্বৈতচন্দ্রায় নমঃ" বলিয়া শ্রীঅদ্বৈতপ্রভুর পূজা করিবেন।

শ্রীঅদ্বৈত প্রভুর প্রণাম।

নিস্তারিতাশেষজনং দয়ালুং প্রেমামৃতাব্ধৌ পরিমগ্নচিত্তম্।
চৈতন্যদেবাদৃতমাদরেণ অদ্বৈতচন্দ্রং শিরসা নমামি॥

শ্রীশ্রীগদাধর পণ্ডিতের পূজা।

"গাং হৃদয়ায় নমঃ" এইরূপে অঙ্গন্যাস ও করন্যাস করতঃ ধ্যান করিবেন। যথা ঃ—

শ্রীশ্রীগদাধর পণ্ডিতের ধ্যান।

কারুণ্যৈকমরন্দ-পদ্মচরণং চৈতন্যচন্দ্র-দ্যুতিং
তাম্বূলার্পণ-ভঙ্গি-দক্ষিণকরং শ্বেতাম্বরং সুন্দরং।
প্রেমানন্দতনুং সুধাস্মিতমুখং শ্রীগৌরচন্দ্রেক্ষণং
ধ্যায়েচ্ছ্রীল-গদাধরং দ্বিজবরং মাধুর্য্যভূষোজ্জ্বলম্॥

এই মন্ত্রে শ্রীগদাধর পণ্ডিতের ধ্যান করিয়া পূর্ব্বোক্ত প্রণালী-ক্রমে "(সবীজ) শ্রীগদাধরায় নমঃ" বলিয়া শ্রীগদাধর পণ্ডিতের পূজা* করিবেন।

শ্রীগদাধর পণ্ডিতের প্রণাম।

গান্ধর্ব্বিকা-স্বরূপায় গৌরাঙ্গ-প্রেমসম্পদে।
গদাধরায় মে নিত্যং নমোঽস্তু হি কৃপালবে॥

---

* শ্রীগদাধর ও শ্রীবাসাদি গৌরভক্তগণকে শ্রীমন্মহাপ্রভুর নিবেদিত তুলসী ও নৈবেদ্যাদি অর্পণ করিতে হয়।

শ্রীশ্রীবাস পণ্ডিতের পূজা।

"শ্রাং হৃদয়ায় নমঃ" এইরূপে অঙ্গন্যাস ও করন্যাস করতঃ ধ্যান করিবেন। যথা—

শ্রীশ্রীবাস পণ্ডিতের ধ্যান।

শ্রীগৌরাঙ্গ-কৃপাবাসং গৌরমূর্ত্তিরসপ্রদম্।
শুক্লাম্বরধরং পৃথ্বীদেবং ভক্তজন-প্রিয়ম্॥
সংকীর্ত্তন-রসাবেশং সর্ব্বসৌভাগ্য-ভূষিতম্।
স্মরামি ভক্তরাজং হি শ্রীশ্রীবাসং হরিপ্রিয়ম্॥

এই মন্ত্রে শ্রীশ্রীবাস পণ্ডিতের ধ্যান করিয়া পূর্ব্বোক্ত প্রণালী ক্রমে "শ্রীবাসায় নমঃ" বলিয়া পাদ্যাদি উপহার দ্বারা শ্রীবাস পণ্ডিতের পূজা করিবেন।

শ্রীবাস পণ্ডিতের প্রণাম।

শ্রীবাস-পণ্ডিতং নৌমি গৌরাঙ্গ-প্রিয়পার্ষদং।
যস্য কৃপালবেনাপি গৌরাঙ্গে জায়তে রতিঃ॥

সপার্ষদ শ্রীগৌরাঙ্গের প্রণাম।

নমস্ত্রিকাল-সত্যায় জগন্নাথ-সুতায় চ।
সভৃত্যায় সপুত্রায় সকলত্রায় তে নমঃ॥

শ্রীগৌর ভক্তগণের পূজা।

'শ্রীগৌরাঙ্গ-পরিকর-গণেভ্যো নমঃ'

এই মন্ত্রে যথাশক্তি উপচারে পূজা করিয়া শ্রীপঞ্চ-তত্ত্বের* ভোগ সমর্পণ করিবেন। তদনন্তর কাতর-প্রাণে শ্রীগৌরাঙ্গ-চরণে প্রেমভক্তি প্রার্থনা করিয়া প্রণাম করিবেন। যথা—

শ্রীগৌরভক্তগণের প্রণাম।

গৌরভক্তগণান্ বন্দে স্বানন্দরস-বিগ্রহান্।
নামমুদ্রা-লসদ্ধস্তানাশ্রিতাশ্রয়-বৎসলান্।
নামসংকীর্ত্তনাদ্যৈশ্চ কম্পাশ্রুপুলকান্বিতান্।
চৈতন্যচরণাম্ভোজ-মকরন্দ-মধুব্রতান্॥

শ্রীশ্রীবৈষ্ণব-প্রণাম।

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥

শ্রীশ্রীবৃন্দাবন-ধ্যান।

শ্রীমদ্‌বৃন্দাবনং রম্যং যমুনায়াঃ প্রদক্ষিণম্।
শুদ্ধস্ফটিক-সংস্থানং কল্পবৃক্ষ-সুশোভিতম্॥
নানাবর্ণকুসুমানাং রেণুভিঃ পরিপূরিতম্।
ধ্যেয়ং বৃন্দাবনং নিত্যং গোবিন্দ-স্থানমব্যয়ম্॥

---

* শ্রীপঞ্চতত্ত্ব এবং শ্রীরাধাকৃষ্ণের বীজ ও মন্ত্রাদি স্বস্বগুরুমুখে জ্ঞাতব্য।

সম্ভোগপীঠ-শ্রীবৃন্দাবনের ধ্যান।

ততো বৃন্দাবনং ধ্যায়েৎ পরমানন্দ-বর্দ্ধনম্।
সর্ব্বর্ত্তু কুসুমোপেতং পতত্রিগণ-নাদিতম্॥
ভ্রমদ্ভ্রমর-ঝঙ্কারং মুখরীকৃতদিঙ্মুখম্।
কালিন্দীজল-কল্লোল-সঙ্গি-মারুত-সেবিতম্॥
নানাপুষ্প-লতা-বদ্ধ-বৃক্ষষণ্ডৈশ্চ মণ্ডিতম্।
কমলোৎপলকহ্লার-ধূলিধূসরিতান্তরম্॥
তন্মধ্যে রত্নভূমিঞ্চ সূর্য্যাযুত-সমপ্রভম্।
তত্র কল্পতরূদ্যানং নিয়তং রত্নবর্ষিণম্॥
মাণিক্য-শিখরালম্বি তন্মধ্যে মণিমণ্ডপম্।
নানারত্নগণৈশ্চিত্রং সর্ব্বতঃ সুবিরাজিতম্॥
নানারত্নলসচ্চিত্রং বিতানৈরুপশোভিতম্।
রত্নতোরণ-গোপুর-মাণিক্যাচ্ছাদনান্বিতম্॥
দিব্যঘণ্টাযুক্ত-মুক্তামণি-শ্রেণি-বিরাজিতম্।
কোটি-সূর্য্যসমাভাসং বিমুক্তংষট্-তরঙ্গকৈঃ॥
তন্মধ্যে রত্নখচিতং রত্নসিংহাসনং মহৎ।
তত্রস্থৌ রাধিকা-কৃষ্ণৌ ধ্যায়েদখিল-সিদ্ধিদৌ॥

শ্রীবৃন্দাবনের যোগপীঠের পদ।

জয় শ্রীব্রজমণ্ডল, নিখিল-জন-মঙ্গল,
কৃষ্ণলীলা রসের আধার।
যাঁহা নিত্য রাসস্থলে, অষ্টদিকে অষ্ট দলে,
প্রধানাষ্টসখী শ্রীরাধার ॥
মধ্যে মণি-পীঠ পরে, যন্ত্রিত রবি শশধরে,
মনসিজ-বীজ-রত্নাসন।
তথি পুষ্পাসন মাঝে, শোভন নটন সাজে,
বিরাজে রাধা মদনমোহন ॥
সহচরী দুই পাশে, রহে ইঙ্গিতের আশে,
কেহ দোঁহে চামর ঢুলায়।
হেরি দুহুঁ লাবণি, দুহু সম্ভাষণ শুনি,
সখী আঁখি শ্রবণ জুড়ায় ॥
গাঁথিয়া মালতী মালে, কেহ দেই দুহু গলে,
সেবন করত বহু রঙ্গে।
দাস স্বরূপে কবে, দাসী করি রাখিবে,
সেবাপরা সখীগণ সঙ্গে ॥

অনন্তর শ্রীগুরুদেবের আজ্ঞা গ্রহণ করিয়া শ্রীবৃন্দাবনে শ্রীরাধাকৃষ্ণ-পরিজন-মধ্যে বিরাজমানা শ্রীগুরুরূপা সখীর ধ্যান করিয়া দাসীরূপ আত্ম-স্বরূপ চিন্তা করিবেন।

শ্রীগুরুরূপা সখীর প্রার্থনা।

ত্বং গোপিকা বৃষরবেস্তনয়ান্তিকেঽসি,
সেবাধিকারিণি গুরো! নিজ পাদপদ্মে।
দাস্যং প্রদায় কুরু মাং ব্রজ-কাননে শ্রী-
রাধাঙ্ঘ্রি-সেবনরসে সুখিনীং সুখাব্ধৌ॥

শ্রীগুরুরূপা সখীর ধ্যান।

কৃপা-মরন্দ-সম্পূর্ণাং শুদ্ধস্বর্ণ-লসদ্রুচিম্!
ক্ষীণমধ্যাং পৃথুশ্রোণীং কস্তুরা-তিলকান্বিতাম্॥
তুঙ্গস্তনীং বিধুমুখীং রত্নাভরণ-ভূষিতাম্।
শোণাম্বরীয়-চিত্রেন্দু-জ্যোৎস্নাম্বর-বিধারিণীম্॥
হরিন্মণি-চিত-স্বর্ণচূড়িকাং মধুরস্মিতাম্।
সীমন্তোপরি-সদ্রত্নামলকালি-লসন্মুখীম্॥
কিশোরীং গোপিকাং রম্যাং রাধিকা-প্রীতিভূষণাম্।
সুন্দরীং সুকুমারাঙ্গীং গুরুং ধ্যায়েৎ প্রযত্নতঃ॥

শ্রীগুরুরূপা সখীর প্রণাম।

গুরুরূপাং সখীং বন্দে প্রেমানন্দ-কলেবরাম্।
গোপিকাং রাধিকাশ্যাম-প্রেমদাং করুণাময়ীম্॥
পরে তন্মন্ত্র ও গায়ত্রী দশধা জপ করিবেন।

আত্মধ্যান।

শ্রীগুরোশ্চরণাম্ভোজ-কৃপাসিক্ত-কলেবরাম্॥
কিশোরীং গোপবনিতাং নানালঙ্কারভূষিতাম্।
পৃথু-তুঙ্গকুচদ্বন্দ্বাং চতুঃষষ্টি-কলান্বিতাম্।
রক্তচিত্রান্তরীয়ামাবৃত-শুক্লোত্তরীয়কাম্॥
স্বর্ণচিত্রারুণপ্রান্ত-মুক্তাদাম-সুকাঞ্চলীম্।
চন্দনাগুরু-কাশ্মীর-চর্চ্চিতাঙ্গীং মধুস্মিতাম্॥
সেবোপায়ন-নির্ম্মাণ-কুশলাং সেবনোৎসুকাম্।
বিনয়াদি-গুণোপেতাং শ্রীরাধা-করুণার্থিনীম্॥
রাধাকৃষ্ণ-সুখামোদমাত্র-চেষ্টাং সুপদ্মিনীম্।
নিগূঢ়ভাবাং গোবিন্দে মদনানন্দমোহিনীম্॥
নানারস-কলালাপ-শালিনীং দিব্যরূপিণীম্।
সঙ্গীত-রস-সঞ্জাত-ভাবোল্লাস-ভরান্বিতাম্।
তপ্তকাঞ্চন-শুদ্ধাভাং স্বসৌখ্যগন্ধ-বর্জ্জিতাম্।
দিবানিশং মনোমধ্যে দ্বয়োঃ প্রেমভরাকুলাম্॥
এবমাত্মানমনিশং ভাবয়েদ্ ভক্তিমাশ্রিতঃ॥

শ্রীকৃষ্ণের পূজা।

"ক্লাং হৃদয়ায় নমঃ" এইরূপে অঙ্গন্যাস করন্যাস করতঃ ধ্যান করিবেন। যথা ঃ—

শ্রীকৃষ্ণের ধ্যান।

ওঁ ফুল্লেন্দীবর-কান্তিমিন্দুবদনং বর্হাবতংস-প্রিয়ং
শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্।
গোপীনাং নয়নোৎপলার্চ্চিত-তনুং গোগোপসঙ্ঘাবৃতং
গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে॥

এই মন্ত্রে শ্রীকৃষ্ণের ধ্যান করিয়া প্রথম পুষ্পটী নিজ মস্তকে এবং দ্বিতীয়বার অঙ্গন্যাসকরন্যাসপূর্ব্বক ধ্যান করিয়া ঐ পুষ্প শ্রীকৃষ্ণের চিত্রপট বা শ্রীমুর্ত্তিতে অথবা তদভাবে আরোপিত স্থানে অর্পণকরতঃ পাদ্য, অর্ঘ, আচমনীয়, স্নানীয়, গন্ধ, পুষ্প, সচন্দন তুলসীপত্র, ধুপ, দীপ, নৈবেদ্য, পানীয়, পুনরাচমনীয়, তাম্বুল এবং মাল্য প্রভৃতি এক একটী উপহার, "সবীজ* শ্রীকৃষ্ণায় নমঃ" মন্ত্রে অর্পণ করিবেন।

শ্রীকৃষ্ণের প্রণাম।

নমো নলিনেত্রায় বেণুবাদ্যবিনোদিনে।
রাধাধর-সুধাপান-শালিনে বনমালিনে॥

শ্রীরাধিকার পূজা।

"রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এইরূপে করন্যাস অঙ্গন্যাস করতঃ ধ্যান করিবেন। যথা—

*রাধাকৃষ্ণের বীজ ও মন্ত্রাদি স্বস্বগুরু-মুখে জ্ঞাতব্য।

শ্রীরাধিকার ধ্যান।

ওঁ অমলকমলকান্তিং নীলবস্ত্রাং সুকেশীং
শশধরসম-বক্ত্রাং খঞ্জনাক্ষীং মনোজ্ঞাম্।
স্তনযুগগত-মুক্তাদাম-দীপ্তাং কিশোরীম্
ব্রজপতিসুত-কান্তাং রাধিকামাশ্রয়েঽহং॥

এই মন্ত্রে শ্রীরাধিকার ধ্যান করিয়া পূর্ব্বোক্ত প্রণালী অনুসারে পাদ্যাদি দ্বারা "(বীজমন্ত্রসহ) শ্রীরাধিকায়ৈ নমঃ" বলিয়া শ্রীরাধিকার পূজা করিবেন।*

শ্রীরাধিকার প্রণাম।

রাধাং রাসেশ্বরীং রম্যাং স্বর্ণকুণ্ডল-ভূষিতাম্।
বৃষভানুসুতাং দেবীং তাং নমামি হরিপ্রিয়াম্॥

অনন্তর শ্রীললিতাদি সখীগণের স্মরণ করিবেন। যথা ঃ—

প্রধানাষ্টদলেষ্বেবমষ্টৌ শ্রীললিতাদয়ঃ।
রাধাকৃষ্ণ-সুখামোদাঃ সেবোপায়ন-পাণয়ঃ।
সবৃন্দা যত্নতো ধ্যেয়াস্তত্রাদৌ ললিতোত্তরে।
ঐশান্যে তু বিশাখৈন্দ্রে চিত্রেন্দুলেখিকাগ্নেয়ে।

---

* শ্রীকৃষ্ণের মহাপ্রসাদ-নৈবেদ্যাদি শ্রীরাধিকা প্রভৃতি সকলকে নিবেদন করিবেন। শ্রীনন্দ-যশোদাদি গুরুবর্গকে শ্রীকৃষ্ণের নিবেদিত নৈবেদ্যাদি অর্পণ করিতে নাই।

যাম্যে চম্পকবল্লী চ নৈঋর্ত্যে রঙ্গদেবিকা।
পশ্চিমে তুঙ্গবিদ্যাথ সুদেবী বায়বে তথা ॥ ১ ॥
তাম্বূলে ললিতাদেবী কর্পূরাদৌ বিশাখিকা।
চামরে চম্পকলতা চিত্রা বসন-সেবনে।
রাগে তু রঙ্গদেবী সা সুদেবী জল-সেবনে!
নানাবাদ্যে তুঙ্গবিদ্যা চেন্দুলেখা চ নর্ত্তনে।
দর্পণে শশিরেখা চ বিমলা পাদ-সেবনে।
পালী কুসুম-শয্যায়াং বেশে চানঙ্গমঞ্জরী।
শ্যামলা চন্দনাদৌ চ গানে মধুমতী তথা!
ধন্যা রত্ন-বিভূষায়াং মঙ্গলা মাল্য-সেবনে।
ইত্যাদ্যাঃ কোটিশো গোপ্যো নানাসেবাং প্রকুর্ব্বতে ॥২॥

তৎপরে শ্রীরূপমঞ্জরী প্রভৃতি মঞ্জরীগণের স্মরণ করিবেন। যথা ঃ—

অথাষ্টোপদলেষ্বেবমনঙ্গমঞ্জরী-মুখাঃ।
সযূথা যত্নতো ধ্যেয়াস্তত্রোত্তর-দলদ্বয়ে।
অনঙ্গমঞ্জরী তস্যা বামে মধুমতী মতা।
পূর্ব্বয়োর্বিমলা বামে শ্যামলা দক্ষিণে দ্বয়োঃ।
পালিকা-মঙ্গলে বারুণয়োর্ধন্যা চ তারকা ॥ ১ ॥
অথ কিঞ্জল্কপার্শ্বস্থাঃ সর্ব্বদা সেবনোৎসুকাঃ।
প্রিয়নর্ম্ম-সখীর্ধ্যায়েৎ কৃষ্ণ-দক্ষিণতঃ ক্রমাৎ।

লবঙ্গমঞ্জরীং রূপমঞ্জরীং রসমঞ্জরীং।
গুণরত্ন্যুত্তরে নাম মঞ্জর্য্যৌ ভদ্রমঞ্জরীং।
লীলামঞ্জরিকাঞ্চৈব বিলাসমঞ্জরীং তথা।
বিলাসমঞ্জরীঞ্চান্যাং মঞ্জর্য্যৌ কেলিকুন্দয়োঃ।
মদনাশোকমঞ্জর্য্যৌ মঞ্জুলালীং সুধামুখীং॥
পদ্মমঞ্জরিকামেতাঃ ষোড়শ-প্রবরা মতাঃ।
এতাসাং সঙ্গিনী ভূত্বা শ্রীগুর্ব্বাজ্ঞানুসারতঃ।
রাধা-মাধবয়োঃ সেবাং কুর্য্যান্নিত্যং প্রযত্নতঃ॥ ২॥

এই প্রকারে সখী ও মঞ্জরীগণের মানসে পূজা করিয়া বাহ্য পূজা করিবেন।

অনন্তর শ্রীরাধিকার মন্ত্র ১০৮ বার ও তদ্গায়ত্রী ১০ বার, শ্রীকৃষ্ণ মন্ত্র ১০৮ বার ও কামগায়ত্রী ১০ বার জপ করিয়া জপ সমর্পণ করিবেন। যথা ঃ—

গুহ্যাতিগুহ্য-গোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাৎ ত্বয়ি স্থিতম্॥
অতঃপর প্রার্থনা ও বিজ্ঞপ্তি পাঠ করিবেন।

পূজান্তে প্রার্থনা।

ত্রায়স্ব ভো জগন্নাথ গুরো সংসার-বহ্নিনা।
দগ্ধং মাং কালদষ্টঞ্চ ত্বামহং শরণং গতঃ।

হে শ্রীগুরো ! জ্ঞানদ ! দীনবন্ধো !
স্বানন্দদাতঃ ! করুণৈকসিন্ধো !
বৃন্দাবনাসীন হিতাবতার !
প্রসীদ রাধাপ্রণয়-প্রচার !

সংসার-দুঃখ-জলধৌ পতিতস্য কাম-
ক্রোধাদি-নক্রমকরৈঃ কবলীকৃতস্য।
দুর্ব্বাসনা-নিগড়িতস্য নিরাশ্রয়স্য
চৈতন্যচন্দ্র ! মম দেহি পদাবলম্বম্ ॥

হাড়াই-পণ্ডিত-তনূজ ! কৃপা-সমুদ্র
পদ্মাবতী-তনয় ! তীর্থ-পদারবিন্দ।
ত্বং প্রেম-কল্পতরুরার্ত্তিহরাবতার
মাং পাহি পামরমনাথমনন্যবন্ধুম্ ॥

অদ্বৈত ! তে করুণয়া প্রণয়াবলোকৈঃ
কে বাভবন্নহি শচীতনয়স্য দাসাঃ।
প্রেমাম্বুধৌ চ সহসা বত কে ন মগ্না
আশাপি নো ভবতি মে বত কিং ব্রবীমি ॥

হে শ্রীগদাধর ! দয়াসরিতাং পতিস্ত্বং
প্রেম্না বশীকৃত-শচীতনয়ো বিভুশ্চ।
পদ্মাবতী-তনয় এব তথা বশস্তে
কিং তে ব্রবীমি ময়ি মূঢ়বরে কৃপায়ৈ ॥

হে শ্রীবাসাদয়! ইহ কৃপামূর্ত্তয়ো গৌরচন্দ্র-
প্রেমাম্ভোধেঃ সুরবিটপিনঃ শান্তসৌম্য-স্বভাবাঃ।
দীনোদ্ধারে প্রবলনিয়মাঃ প্রেমদা যূয়মেব
তস্মাদজ্ঞং প্রপদ-রজসা পাপিনং মাং পুনীত॥
অজ্ঞানাদথবাজ্ঞানাদশুভং যন্ময়া কৃতম্।
ক্ষন্তুমর্হসি তৎ সর্ব্বং দাস্যেনৈব গৃহাণ মাম্॥
স্থিতিঃ সেবা গতির্যাত্রা স্মৃতিশ্চিন্তা স্তুতির্বচঃ।
ভূয়াৎ সর্ব্বাত্মনা বিষ্ণো মদীয়ং ত্বয়ি চেষ্টিতম্॥
ত্রাহি মাং পাপিনং ঘোরং ধর্ম্মাচার-বিবর্জ্জিতম্।
নমস্কারেণ দেবেশ! দুস্তরাদ্ ভব-সাগরাৎ॥
দৈন্যার্ণবে নিমগ্নোঽস্মি মন্তুগ্রাব-ভরার্দ্দিতঃ।
দুষ্টে কারুণ্যপারীণ ময়ি কৃষ্ণ! কৃপাং কুরু॥
আধারোঽপ্যপরাধানামবিবেক-হতোঽপ্যহম্।
তৎকারুণ্য-প্রতীক্ষোঽস্মি প্রসীদ ময়ি মাধব॥
যুবতীনাং যথা যূনি যূনাঞ্চ যুবতৌ যথা।
মনোঽভিরমতে তদ্বন্মনো মে রমতাং ত্বয়ি॥
নাথ! যোনি-সহস্রেষু যেষু যেষু ব্রজাম্যহম্।
তেষু তেষ্বচ্যুতা ভক্তিরচ্যুতাস্তু সদা ত্বয়ি॥
যা প্রীতিরবিবেকানাং বিষয়েষ্বনপায়িনী।
ত্বামনুস্মরতঃ সা মে হৃদয়ান্নাপসর্পতু॥

কীটেষু পক্ষিষু মৃগেষু সরীসৃপেষু
রক্ষঃ-পিশাচ-মনুজেষ্বপি যত্র তত্র।
জাতস্য মে ভবতু কেশব! তে প্রসাদাৎ
ত্বয্যেব ভক্তিরতুলাহব্যভিচারিণী চ॥
রাধে বৃন্দাবনাধীশে করুণামৃত-বাহিনি।
কৃপয়া নিজ পাদাব্জে দাস্যং মহ্যং প্রদীয়তাম্।
তবৈবাস্মি তবৈবাস্মি ন জীবামি ত্বয়া বিনা।
ইতি বিজ্ঞায় রাধে ত্বং নয় মাং চরণান্তিকম্॥
মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন।
যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে।
যদ্দত্তং ভক্তি-মাত্রেণ পত্রং পুষ্পং ফলং জলম্।
আবেদিতং নিবেদ্যন্তু তদ্ গৃহাণানুকম্পয়া।
বিধিহীনং মন্ত্রহীনং যৎ কিঞ্চিদুপপাদিতম্।
ক্রিয়া-মন্ত্র-বিহীনন্বা তৎ সর্ব্বং ক্ষন্তুমর্হসি॥

পূজান্তে বিজ্ঞপ্তি-মন্ত্র।

দুষ্কর্ম্ম-কোটি-নিরতস্য দুরন্ত-ঘোর-
দুর্ব্বাসনা-নিগড়-শৃঙ্খলিতস্য গাঢ়ম্।
ক্লিশ্যন্মতেঃ কুমতি-কোটি-কদর্থিতস্য
গৌরং বিনাদ্য মম কো ভবিতেহ বন্ধুঃ॥

কালঃ কলির্ব্বলিন ইন্দ্রিয়-বৈরিবর্গাঃ
শ্রীভক্তিমার্গ ইহ কণ্টক-কোটি-রুদ্ধঃ।
হা হা ক্ব যামি বিকলঃ কিমহং করোমি
চৈতন্য চন্দ্র। যদি নাদ্য কৃপাং করোষি ॥
মত্তুল্যঃ পাতকী নাস্তি নাপরাধী চ কশ্চন।
পরিহারেঽপি লজ্জা মে কিং ব্রুবে পুরুষোত্তম ॥
মৎসমো নাস্তি পাপাত্মা ত্বৎসমো নাস্তি পাপহা।
ইতি বিজ্ঞায় গোবিন্দ! যথাযোগ্যং তথা কুরু ॥
মৎসমো ঘোর-পাপাত্মা নাস্তি কৃষ্ণ! ধরাতলে।
তৎসমঃ করুণা-সিন্ধুর্নাস্তি ত্বং হি গতির্মম ॥
কদাহং যমুনা-তীরে নামানি তব কীর্ত্তয়ন্।
উদ্বাষ্পঃ পুণ্ডরীকাক্ষ! রচয়িষ্যামি তাণ্ডবং ॥

পূজান্তে অপরাধ-ক্ষমাপণ-মন্ত্র।

অপরাধ-সহস্রাণি ক্রিয়ন্তেঽহর্নিশং ময়া।
দাসোঽয়মিতি মাং মত্বা তৎসর্ব্বং ক্ষন্তুমর্হসি ॥
প্রতিজ্ঞা তব গোবিন্দ! ন মে ভক্তঃ প্রণশ্যতি।
ইতি সংস্মৃত্য সংস্মৃত্য প্রাণান্ সংধারয়াম্যহম্ ॥ ২ ॥

অতঃপর শ্রীতুলসীকে যথানিয়মে পূজা করিয়া দণ্ডবৎ প্রণাম করতঃ পূর্ব্বাহ্ন লীলা স্মরণ করিবেন। (স্মরণ-মঙ্গল দ্রষ্টব্য)

মধ্যাহ্ন কৃত্য।

নিত্যপাঠাদি কার্য্য-সমাপনপূর্ব্বক মধ্যাহ্ন স্নান ও পূজাদি করিয়া বিবিধব্যঞ্জন সঘৃতশাল্যন্নাদি শ্রীমন্মহাপ্রভু, শ্রীনিত্যানন্দপ্রভু, শ্রীঅদ্বৈতাচার্য্যপ্রভু এবং শ্রীকৃষ্ণকে পৃথক্ পৃথক্ ভোগ লাগাইবেন। অতঃপর শ্রীমন্মহাপ্রভুর প্রসাদ শ্রীগদাধর ও শ্রীবাসাদিভক্তবৃন্দকে এবং শ্রীকৃষ্ণের প্রসাদ শ্রীরাধিকা ও পরে শ্রীললিতাদিসখী ও মঞ্জরীবৃন্দকে সমর্পণ করিবেন।

তদনন্তর বাদ্যাদিসহকারে আরাত্রিক করিয়া পুষ্পাঞ্জলি প্রদান পূর্ব্বক মন্ত্রজপ, কীর্ত্তন এবং চারিবার পরিক্রমা করতঃ তুলসী ও গুরুবর্গকে দণ্ডবৎ প্রণাম করিবেন। পরে চরণামৃতাদি সেবন করিয়া মধ্যাহ্নলীলা স্মরণ করিবেন। (স্মরণ মঙ্গল দ্রষ্টব্য)। অতঃপর মহাপ্রসাদ সেবন করিবেন।

শ্রীগুরুচরণামৃত ধারণ মন্ত্র।

ত্রিতাপহরণং পুণ্যং সংসার-ব্যাধিভেষজম্।
হরিভক্তিপ্রদং নিত্যং শ্রীগুরোশ্চরণোদকম্॥

শ্রীভগবচ্চরণামৃত ধারণ মন্ত্র।

অকালমৃত্যু-হরণং সর্ব্বব্যাধি-বিনাশনম্।
বিষ্ণুপাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহম্॥

শ্রীবৈষ্ণবচরণামৃত ধারণ মন্ত্র।

হরিভক্তি-প্রদং পুণ্যং সর্ব্বোপদ্রব-নাশনম্।
ভক্তপাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহম্॥

জপের মালা ধারণ মন্ত্র।

অবিঘ্নং কুরু মালে! ত্বং হরিনাম-জপেষু চ।
শ্রীরাধাকৃষ্ণয়োর্দাস্যং দেহি মালে! তু প্রার্থয়ে॥
নাম চিন্তামণি-রূপং নামৈব পরমা গতিঃ।
নাম্নঃ পরতরং নাস্তি তস্মান্নাম উপাস্মহে॥

শ্রীনামজপ-সমর্পণ মন্ত্র।

নামযজ্ঞো মহাযজ্ঞঃ কলৌ কল্মষ-নাশনঃ।
কৃষ্ণচৈতন্য-প্রীত্যর্থে নামযজ্ঞ-সমর্পণম্॥

জপের মালা স্থাপন মন্ত্র।

পতিতপাবনং নাম নিস্তারয় নরাধমম্।
রাধাকৃষ্ণ-স্বরূপায় চৈতন্যায় নমো নমঃ॥
ত্বং মালে! সর্ব্বদেবানাং সর্ব্বসিদ্ধি-প্রদা মতা।
তেন সত্যেন মে সিদ্ধিং দেহি মাতর্নমোঽস্তু তে॥

অপরাহ্ন কৃত্য।

সংখ্যাপূর্ব্বক শ্রীহরিনাম গ্রহণ, শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্য চরিতামৃতাদি ভক্তি-শাস্ত্রানুশীলন, নাম সঙ্কীর্ত্তন ও অপরাহ্ন লীলা স্মরণ করিবেন। (স্মরণ মঙ্গল দ্রষ্টব্য)।

সায়ং কৃত্য।

সায়াহ্নে স্নান ও তিলক ধারণ করিয়া মন্দিরের দ্বার উদ্ঘাটনপূর্ব্বক প্রভুর গাত্রোত্থান করাইয়া আচমন দিবেন। পরে কিঞ্চিৎ ভোগ সমর্পণ করতঃ আরাত্রিক করিয়া আরতি কীর্ত্তন করিবেন। (সন্ধ্যারতি কীর্ত্তন দ্রষ্টব্য)।

অতঃপর সায়াহ্ন-লীলা স্মরণ করিবেন। (স্মরণ মঙ্গল দ্রষ্টব্য)।

প্রদোষ কৃত্য।

প্রথমতঃ প্রদোষলীলা স্মরণ করিবেন। (স্মরণ মঙ্গল দ্রষ্টব্য)।

পরে যথাশক্তি ভোগ সমর্পণপূর্ব্বক আরাত্রিক করতঃ প্রভুকে শয়ন দিয়া দ্বার বন্ধ করিয়া প্রণাম করিবেন। যথা :—

বলীয়সা পদা স্বামিন্ পদবীমবধারয়।
আগচ্ছ শয়ন-স্থানং প্রিয়াভিঃ সহ কেশব॥
গোবিন্দ পরমানন্দ যোগনিদ্রাং বিতন্যতাম্।
রাধয়া পুষ্পশয্যায়াং দাসীগণ-নিষেবিতঃ॥

অতঃপর সংখ্যাবদ্ধ শ্রীহরিনাম জপ করতঃ প্রসাদ ভোজন করিবেন।

নিশা কৃত্য।

নিশাকালে শ্রীহরিনাম-সংখ্যাজপ পূর্ণ করিয়া নিশীথ-কালীন কীর্ত্তনাদি করতঃ নৈশলীলা স্মরণ করিবেন। (স্মরণ মঙ্গল দ্রষ্টব্য)।

অনন্তর লালসাময় পদ্য-সমূহ পাঠ করিয়া শয়ন করিবেন।

ইতি শ্রীনিত্যক্রিয়াপদ্ধতি সমাপ্ত ॥

ত্রিসন্ধ্যা-কীর্ত্তন।

শ্রীশ্রীগৌরকিশোরের মঙ্গল আরতি কীর্ত্তন।

মঙ্গল আরতি গৌরকিশোর।
মঙ্গল নিত্যানন্দ জোরহি জোর ॥
মঙ্গল শ্রীঅদ্বৈত ভকতহি সঙ্গে।
মঙ্গল গাওত প্রেম তরঙ্গে ॥
মঙ্গল বাজত খোল করতাল।
মঙ্গল হরিদাস নাচত ভাল ॥
মঙ্গল ধূপ দীপ লইয়া স্বরূপ।
মঙ্গল আরতি করে অপরূপ ॥
মঙ্গল গদাধর হেরি পহু হাস।
মঙ্গল গাওত দীন কৃষ্ণদাস ॥

শ্রীশ্রীযুগলকিশোরের মঙ্গল আরতি কীর্ত্তন

মঙ্গল আরতি যুগল কিশোর।
জয় জয় করতহিঁ সখীগণ ভোর ॥
রতন প্রদীপ করে টলমল থোর।
নিরখত মুখবিধু শ্যামসুগোর ॥
ললিতা বিশাখা সখী প্রেমে আগোর।
করত নিরমঞ্ছন দোঁহে দুহুঁ ভোর ॥
বৃন্দাবন কুঞ্জহি ভুবন উজোর।
মুরতি মনোহর যুগল কিশোর ॥
গাওত শুক-পিক নাচত ময়ূর।
চাঁদ উপেখি মুখ নিরখে চকোর ॥
বাজত বিবিধ যন্ত্র ঘন ঘোর।
শ্যামানন্দ আনন্দে বাজায় জয় তোর ॥

প্রাভাতিক কীর্ত্তন।

শ্রীকৃষ্ণচৈতন্য জয় জয় প্রভু নিত্যানন্দ।
প্রভু নিত্যানন্দ আমার প্রাণ গৌর চন্দ্র।
জয় শ্রীঅদ্বৈত গদাধর শ্রীবাসাদি ভক্তবৃন্দ ॥
জয় যশোদানন্দন শচীসুত গৌরচন্দ্র।
শ্রীনন্দনন্দন, গোপীজন-বল্লভ,
শ্রীরাধানায়ক নাগর শ্যাম।

সো শচীনন্দন, নদীয়া-পুরন্দর,
সুরমুনিগণ মনোমোহন-ধাম ॥
জয় নিজ-কান্তা-কান্তি-কলেবর,
জয় নিজ-প্রেয়সী-ভাব-বিনোদ।
ব্রজ-তরুণীগণ-লোচন-মঙ্গল,
নদীয়া-বধূগণ-নয়ন-আমোদ ॥

জয় রোহিণী-নন্দন বলরাম নিত্যানন্দ।

শেষশায়ী সঙ্কর্ষণ, অবতারী নারায়ণ,
যার অংশ-কলাতে গণন।
কৃপাসিন্ধু ভক্তিদাতা, জগতের হিতকর্ত্তা,
সেই রাম রোহিণী-নন্দন ॥
যাঁর লীলা-লাবণ্য-ধাম, আগমে নিগমে গান,
যার রূপ ভুবনমোহন।
এবে অকিঞ্চন বেশে, ফিরে পহুঁ দেশে দেশে,
উদ্ধার করয়ে ত্রিভুবন ॥
ব্রজের বৈদগ্ধী সার, যত যত লীলা আর,
পাইবারে যদি থাকে মন।
বলরাম দাসে কয়, মনোরথ সিদ্ধ হয়,
ভজ ভজ শ্রীপাদ-চরণ ॥

জয় মহাবিষ্ণু অবতার শ্রীঅদ্বৈত চন্দ্র।

জয় জয় অদ্ভুত, সোপহুঁ অদ্বৈত, সুরধুনী-সন্নিধানে।
আঁখি মুদি রহে, প্রেমে নদী বহে, বসন তিতিল ঘামে॥
নিজ পহু মনে, ঘন গরজনে, উঠে জোড়ে জোড়ে লম্ফ।
ডাকে বাহু তুলি, কাঁদে ফুলি ফুলি, দেহে বিপরীত কম্প॥
অদ্বৈত-হুঙ্কারে, সুরধুনী-তীরে, আইলা নাগররাজ।
তাঁহার পিরীতে, আইলা তুরিতে, উদয় নদীয়া-মাঝ॥
জয় সীতানাথ, করল বেকত, নন্দের নন্দন হরি।
কহে বৃন্দাবন, শ্রীঅদ্বৈত-চরণ, হিয়ার মাঝারে ধরি॥

জয় গদাধর শ্রীবাসাদি গৌর ভক্তবৃন্দ॥

শ্রীমন্নবদ্বীপ-কিশোর-চন্দ্র!
হা নাথ বিশ্বম্ভর নাগরেন্দ্র!
হা শ্রীশচী-নন্দন চিত্তচোর!
প্রসীদ হে বিষ্ণুপ্রিয়েশ গৌর!।
শ্রীমন্নিত্যানন্দ অবধূত-চন্দ্র!
হা নাথ হাড়াই-পণ্ডিত-পুত্র!
বসুধা-জাহ্নবা-প্রাণ দয়ার্দ্র চিত্ত!
পদ্মাবতী-সুত ময়ি প্রসীদ!।
সীতাপতি শ্রীঅদ্বৈত-চন্দ্র!
হা নাথ! শান্তিপুর-লোক-বন্দ্যো!।

শ্রীগৌরাঙ্গ-প্রেম-করুণৈকপাত্র !
শ্রীঅচ্যুত-তাত ! ময়ি প্রসীদ ! ।
রত্নাবতী-নন্দন ! প্রেম-পাত্র !
হা শ্রীমাধবাচার্য্যস্য পুত্র ! ।
শ্রীগৌরাঙ্গ-প্রেম-রস-বিলাস !
হা শ্রীগদাধর ! কুরু তেহঙ্ঘ্রি-দাসম্ ॥
শ্রীমন্নামাদি-লীলার্দ্রচিত্ত !
শ্রীঅদ্বৈত-প্রেম-করুণৈকপাত্র ! ।
হা শ্রীগৌরাঙ্গ-ভক্তাগ্রগণ্য !
শ্রীবাসপণ্ডিত ! ভব মে প্রসন্নঃ ! ।

জয় গদাধর শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ ।
জয় খণ্ডবাসী নরহরি মুরারি মুকুন্দ ॥
জয় স্বরূপ রূপ সনাতন রায় রামানন্দ ।
জয় পঞ্চপুত্র সঙ্গে জয় জয়* রায় ভবানন্দ ।
জয় কাশীমিশ্র সার্ব্বভৌম জয় প্রতাপরুদ্র ॥
জয় কানাই খুটিয়া শিখি মাহিতী গোপীনাথাচার্য্য !
জয় তিনপুত্র সঙ্গে জয় জয়* সেন শিবানন্দ ॥
জয় কাশীবাসী তপনমিশ্র জয় প্রকাশানন্দ ।
জয় ছোট বড় হরিদাস দাস গোবিন্দ ॥

---

* মধ্যাহ্নে জয় জয় স্থানে "নাচে" হইবে।

জয় দ্বাদশ গোপাল আদি চৌষট্টি মহান্ত !
জয় গিরি-পুরী-ভারতী-আদি পুরী মাধবেন্দ্র ॥
জয় ছয় চক্রবর্ত্তী অষ্ট কবিরাজ চন্দ্র !
জয় বাসুদেব ঘোষ আদি বসু রামানন্দ ॥
জয় বসুধা-জাহ্নবা-প্রাণ গঙ্গা বীরচন্দ্র।
জয় শ্রীঅদ্বৈত-সীতাত্মজ শ্রীঅচ্যুতানন্দ ॥
জয় কালিদাস ঝড়ু ঠাকুর জয় উদ্ধারণ দত্ত।
জয় পুণ্ডরীক বিদ্যানিধি বক্রেশ্বর পণ্ডিত।
জয় রাঘবপণ্ডিত গদাধরদাস ভাগবতাচার্য্য !
জয় অভিরাম গৌরীদাস নন্দন আচার্য্য ॥
জয় পরমেশ্বর দাস পুরী গোসাঞি জয় জগদানন্দ।
জয় জগাই মাধাই চাপাল গোপাল জয় দেবানন্দ ॥
জয় ভূগর্ভ শ্রীলোকনাথ জয় শ্যামানন্দ।
জয় শ্রীনিবাস নরোত্তম প্রাণ রামচন্দ্র ॥
জয় উড়িয়া গৌড়ীয়া আদি গৌর ভক্তবৃন্দ।
(তোমরা) সবে মিলে দয়া কর আমি অতি মন্দ ॥
(কপট) কুটিনাটি ঘুচায়ে ভজাও শ্রীকৃষ্ণচৈতন্য।
নিশি দিশি হিয়ায় জাগাও শ্রীগুরু গৌরাঙ্গ।
শ্রীসঙ্কীর্ত্তন রঙ্গে দেখাও শ্রীনিতাই গৌরাঙ্গ।
(যেন) ব্যাকুল প্রাণে গাইতে পারি হা নিতাই গৌরাঙ্গ।
(গাই) যেন হা নিতাই গৌরাঙ্গ ! (মাতন)

পরে শ্রীনামকীর্ত্তন অন্তে গৌর-হরি বোল! ইহার পর প্রেমসে কহো শ্রীরাধে শ্রীকৃষ্ণ বলিয়ে প্রভু নিতাই শ্রীচৈতন্য অদ্বৈত শ্রারাধারাণীকি জয় ইত্যাদি।

মধ্যাহ্ন কীর্ত্তন।

জয় জয় নিত্যানন্দাদ্বৈত গৌরাঙ্গ।
নিতাই গৌরাঙ্গ নিতাই গৌরাঙ্গ॥
জয় জয় যশোদানন্দন শচীসুত গৌরচন্দ্র!

ইহার পর প্রভাতী কীর্ত্তনের শেষ মাতন পর্য্যন্ত একই রূপ, মাত্র সুর পৃথক। তৎপরে।—

জয় জয় রাধে কৃষ্ণ গোবিন্দ।
রাধে গোবিন্দ রাধে গোবিন্দ!
জয় জয় রাসেশ্বরি বিনোদিনি ভানুকুলচন্দ্র!
জয় জয় শ্যামসুন্দর মদনমোহন বৃন্দাবনচন্দ্র॥
জয় জয় রাধারমণ রাসবিহারী শ্রীগোকুলানন্দ।
জয় জয় রাধাকান্ত রাধাবিনোদ শ্রীরাধাগোবিন্দ॥
জয় জয় ললিতা-বিশাখা-আদি যত সখীবৃন্দ।
জয় জয় শ্রীরূপমঞ্জরী রতিমঞ্জরী অনঙ্গ॥
জয় জয় পৌর্ণমাসী কুন্দলতা জয় বীরাবৃন্দ।
(সবে) কৃপা করি দেহ যুগল চরণারবিন্দ॥
(দেহ যুগল চরণারবিন্দ) (মাতন)

পরে শ্রীশ্রীনামকীর্ত্তন অন্তে গৌর হরি বোল। পরে প্রেমসে ইত্যাদি ॥

মধ্যাহ্নকালীন শ্রীভোগ আরতি কীর্ত্তন।

ভজ পতিত উদ্ধারণ শ্রীগৌর হরি।

শ্রীগৌরহরি নবদ্বীপ-বিহারী, দীন দয়াময় হিতকারী ॥

এস এস মহাপ্রভু করি নিবেদন।
কৃপাকরি মোর গৃহে কর আগমন ॥
প্রভু ল'য়ে সীতানাথ করিলেন গমন।
আনন্দেতে হুলু দেয় যত নারীগণ ॥
অদ্বৈত-গৃহিণী আর যত পুরনারী।
হুলু হুলু জয় দেয় গোরা মুখ হেরি ॥
বসিতে আসন দিলা রত্ন সিংহাসন।
সুশীতল জলে কৈলা পাদ-প্রক্ষালন ॥
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু কর অবধান।
ভোঁগ মন্দিরে প্রভু করহ পয়ান ॥
বামে প্রিয় গদাধর দক্ষিণে নিতাই।
মধ্যাসনে বসিলেন চৈতন্য গোসাঞি ॥
চৌষট্টি মহান্ত আর দ্বাদশ গোপাল।
ছয় চক্রবর্ত্তী আর অষ্ট কবিরাজ ॥
শাক শুকুতা ভাজি দিয়া সারি সারি।
ভোগের উপরে দিলা তুলসী মঞ্জরী ॥

গঙ্গাজল তুলসী দিয়া কৈল নিবেদন।
আনন্দে ভোজন করেন শ্রীশচীনন্দন॥
দধি দুগ্ধ ঘৃত ছানা নানা উপহার।
আনন্দে ভোজন করেন শচীর কুমার॥
মালপোয়া সরভাজা আর লুচি পুরী।
আনন্দে ভোজন করেন নদীয়াবিহারী॥
না জানিয়ে পরিপাটী না জানি রন্ধন।
শুকা রুখা একমুষ্টি করহ ভোজন॥
নিতাই রঙ্গিয়া আমার খাইতে খাইতে।
ভাল ভাল বলি তুলি দেয় গৌর-মুখেতে॥
ভোজনের অবশেষ কহিতে না পারি।
সুবর্ণ ভৃঙ্গারে দিল সুবাসিত বারি॥
ভোজন সারিয়া প্রভু কৈল আচমন।
সুবর্ণ খড়িকায় কৈল দন্তশোধন॥
আচমন করিয়া প্রভু বসিলেন সিংহাসনে।
কর্পূর তাম্বূল যোগায় প্রিয় ভক্তগণে॥
তাম্বূল খাইয়া প্রভুর পালঙ্কে শয়ন।
গোবিন্দ দাস করে পাদ সম্বাহন॥
ফুলের চৌয়ারী ঘর ফুলের কেয়ারী।
ফুলের রত্ন-সিংহাসন চাঁদোয়া মশারি॥

ফুলের পাপড়ি প্রভুর উড়ে পড়ে গায়।
তার মধ্যে মহাপ্রভু সুখে নিদ্রা যায়॥
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুর দাসের অনুদাস।
নরোত্তম দাস মাগে সেবা অভিলাষ॥

শ্রীহরিবাসর কীর্ত্তন।

শ্রীহরিবাসরে হরিকীর্ত্তন বিধান।
নৃত্য আরম্ভিলা প্রভু জগতের প্রাণ॥
পুণ্যবন্ত শ্রীবাস-অঙ্গনে শুভারম্ভ।
উঠিল কীর্ত্তনধ্বনি গোপাল গোবিন্দ॥
সবার অঙ্গেতে শোভে শ্রীচন্দন মালা।
সবাই গায়েন কৃষ্ণ প্রেমে হ'য়ে ভোলা॥
মৃদঙ্গ মন্দিরা বাজে শঙ্খ করতাল।
সঙ্কীর্ত্তন-সঙ্গে সব হইল মিশাল॥
ব্রহ্মাণ্ডে উঠিল ধ্বনি পূরিয়া আকাশ।
চৌদিকের অমঙ্গল সব যায় নাশ॥
চারিদিকে মঙ্গল শ্রীহরি-সঙ্কীর্ত্তন।
মাঝে নাচে জগন্নাথ মিশ্রের নন্দন॥
যাঁর নামানন্দে শিব বসন না জানে।
যাঁর রসে নাচে শিব সে নাচে আপনে॥

যাঁর নামে বাল্মীকি হইল তপোধন।
যাঁর নামে অজামিল পাইল মোচন॥
যাঁর নাম-শ্রবণে সংসার বন্ধ ঘুচে।
হেন প্রভু অবতরি কলিযুগে নাচে॥
যাঁর নাম লইয়া শুক নারদ বেড়ায়।
সহস্র বদন প্রভু যাঁর গুণ গায়॥
সর্ব্ব মহাপ্রায়শ্চিত্ত যে প্রভুর নাম।
সে প্রভু নাচয়ে দেখে যত ভাগ্যবান্॥
নিজানন্দে নাচে মহাপ্রভু বিশ্বম্ভর।
চরণের তালি শুনি অতি মনোহর॥
ভাবাবেশে মালা নাহি রহয়ে গলায়।
ছিড়িয়া পড়য়ে গিয়া ভকতের গায়॥
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ চাঁদ জান।
বৃন্দাবনদাস তঁছু পদযুগে গান॥

শ্রীসন্ধ্যা আরতি কীর্ত্তন।

(শ্রীশ্রীগৌরাঙ্গের সন্ধ্যা-আরতি)।

ভালি গোরাচাঁদের আরতি বনি।
বাজে সঙ্কীর্ত্তনে সুমধুর ধ্বনি॥
শঙ্খ বাজে ঘণ্টা বাজে বাজে করতাল।
মধুর মৃদঙ্গ বাজে শুনিতে রসাল॥

বিবিধ সুষম ফুলে বনি বনমালা।
শত কোটি চন্দ্র জিনি বদন উজলা॥
ব্রহ্মা আদি দেব যাঁকো করযোড় করে।
সহস্র বদনে ফণী শিরে ছত্র ধরে॥
শিব শুক নারদ ব্যাস বিসারে।
নাহি পরাৎপর ভাব বিভোরে।
শ্রীনিবাস হরিদাস পঞ্চম গাওয়ে।
নরহরি গদাধর চামর ঢুলাওয়ে॥
বীরবল্লভদাস শ্রীগৌর-চরণে আশ।
জগভরি রহল মহিমা প্রকাশ॥

শ্রীশ্রীরাধারাণীর আরতি কীর্ত্তন।

জয় জয় রাধেজীকো শরণ তুহারি।
ঐছন আরতি যাঙ বলিহারি॥
পাটপটাম্বর ওঢ়ে নীল শাড়ী।
সীঁথিক সিন্দূর যাঙ বলিহারি॥
বেশ বনায়ল প্রিয় সহচরী।
রতন সিংহাসনে বৈঠল গৌরী॥
রতনে জড়িত মণি মাণিক মোতি।
ঝলমল আভরণ প্রতি অঙ্গজ্যোতি॥

চৌদিকে সখীগণ দেই করতালি।
আরতি করতহিঁ ললিতা পিয়ারী॥
নব নব ব্রজবধূ মঙ্গল গাওয়ে।
প্রিয়নর্ম্ম সখীগণ চামর ঢুলাওয়ে॥
রাধাপদপঙ্কজ ভকতহিঁ আশা।
দাস মনোহর করত ভরসা॥

শ্রীশ্রীমদনগোপাল জিউর আরতি কীর্ত্তন।

হরত সকল সন্তাপ জনমকো
মিটত তলপ যম কালকি।
(শুভ) আরতি কিয়ে জয় জয় শ্রীমদনগোপালকি॥
গোঘৃত রচিত কর্পূরক বাতি,
ঝলকত কাঞ্চন থালকি।
চন্দ্র কোটি কোটি ভানু কোটি ছবি
মুখ শোভা আভা নন্দলালকি।
চরণ কমলোপর নূপুর বাজে
উরে দোলে বৈজয়ন্তী-মালকি।
ময়ূর মুকুট পীতাম্বর শোহে
বাজত বেণু রসালকি॥

সুন্দর লোল কপোলন কিয়ে ছবি
নিরখত মদনগোপালকি।
সুর-নর-মুনিগণ হেরতহিঁ আরতি
ভকতবৎসল প্রতিপালকি॥
বাজে ঘণ্টা তাল মৃদঙ্গ ঝাঁঝরি
অঞ্জলি কুসুম গুলালকি।
হুঁ হুঁ বলি বলি রঘুনাথদাস গোস্বামী
মোহন গোকুললালকি॥
(আরতি কিয়ে জয় জয় শ্রীমদনগোপালকি॥
মদনগোপাল জয় জয় যশোদাদুলালকি!
যশোদাদুলাল জয় জয় নন্দদুলালকি।
নন্দদুলাল জয় জয় গিরিধারিলালকি!
গিরিধারিলাল জয় জয় রাধারমণলালকি!
রাধারমণলাল জয় জয় রাধাবিনোদলালকি!
রাধাবিনোদলাল জয় জয় রাধাকান্তলালকি!
রাধাকান্তলাল জয় জয় গোবিন্দ গোপালকি।
গোবিন্দ গোপাল জয় জয় গৌরগোপালকি!
গৌরগোপাল জয় জয় শচীর দুলালকি!
শচীর দুলাল জয় জয় নিতাইদয়ালকি!
নিতাইদয়াল জয় জয় সীতা অদ্বৈত দয়ালকি!

অদ্বৈত দয়াল জয় জয় গদাধরলালকি !
(গৌর) গদাধরলাল জয় জয় শ্রীবাস দয়ালকি !
শ্রীবাস দয়াল জয় জয় গৌর-ভক্তবৃন্দলালকি !
গৌর-ভক্তবৃন্দলাল জয় জয় শ্রীগুরুদয়ালকি !
(পরম করুণ প্রেমদাতা শ্রীগুরুদয়ালকি !
(শুভ আরতি কিয়ে জয় জয় শ্রীমদনগোপালকি ॥)

(জয়দেবী)

গুর্জ্জরী।

শ্রিত-কমলা-কুচমণ্ডল ধৃত-কুণ্ডল
কলিত-ললিত-বনমাল।
জয় জয় দেব হরে ॥ ধ্রু ॥
(জয় জয় রাধে কৃষ্ণ গোবিন্দ গোপাল।
জয় যশোদা-দুলাল।
ভজ ভজ নন্দলাল।
জয় জয় গিরিধারিলাল।
জয় জয় দেব হরে।)
দিনমণি-মণ্ডল-মণ্ডন-ভব-খণ্ডন
মুনিজন-মানস-হংস।
(জয় জয় দেব হরে ॥)

কালিয়-বিষধর-গঞ্জন-জন-রঞ্জন
যদুকুল-নলিন-দিনেশ।
(জয় জয় দেব হরে॥)
মধু-মুর-নরক-বিনাশন গরুড়াসন
সুরকুল-কেলি-নিদান।
(জয় জয় দেব হরে॥)
অমল-কমল-দল-লোচন ভব-মোচন
ত্রিভুবন-ভবন-নিধান।
(জয় জয় দেব হরে॥)
জনকসুতা-কৃত-ভূষণ জিত-দূষণ
সমর-শমিত-দশকণ্ঠ।
(জয় জয় দেব হরে॥)
অভিনব-জলধর-সুন্দর ধৃত-মন্দর
শ্রীমুখ-চন্দ্র-চকোর।
(জয় জয় দেব হরে॥)
তব চরণে প্রণতা বয়মিতি ভাবয়
কুরু কুশলং প্রণতেষু।
(জয় জয় দেব হরে॥)
শ্রীজয়দেব-কবেরিদং কুরুতে মুদং
মঙ্গলমুজ্জ্বল-গীতি।
(জয় জয় দেব হরে॥)

জয় জয় রাধামাধব রাধামাধব রাধে।
জয়দেবের প্রাণধন হে॥
জয় জয় রাধা-মদনগোপাল রাধা-মদনগোপাল রাধে।
সীতানাথের প্রাণধন হে॥
জয় জয় রাধা-গোবিন্দ রাধা-গোবিন্দ রাধে।
রূপ গোস্বামীর প্রাণধন হে॥
জয় জয় রাধা-মদনমোহন রাধা-মদনমোহন রাধে।
সনাতনের প্রাণধন হে॥
জয় জয় রাধা-গোপীনাথ রাধা-গোপীনাথ রাধে।
মধুপণ্ডিতের প্রাণধন হে॥
জয় জয় রাধা-দামোদর রাধা-দামোদর রাধে।
জীব গোস্বামীর প্রাণধন হে॥
জয় জয় রাধা-রাধারমণ রাধা-রাধারমণ রাধে।
গোপালভট্টের প্রাণধন হে॥
জয় জয় রাধা-রাধাবিনোদ রাধা-রাধাবিনোদ রাধে।
লোকনাথের প্রাণধন হে॥
জয় জয় রাধা-গিরিধারী রাধা-গিরিধারী রাধে।
দাসগোস্বামীর প্রাণধন হে॥
জয় জয় রাধা-শ্যামসুন্দর রাধা-শ্যামসুন্দর রাধে।
শ্যামানন্দের প্রাণধন হে॥

জয় জয় রাধা-বঙ্কুবিহারী রাধা-বঙ্কুবিহারী রাধে।
স্বামী হরিদাসের প্রাণধন হে ॥
জয় জয় রাধা-রাধাকান্ত রাধা-রাধাকান্ত রাধে।
বক্রেশ্বরের প্রাণধন হে ॥

শ্রীতুলসীদেবীর সন্ধ্যা আরতি।

নমো নমঃ তুলসি মহারাণি।
বৃন্দে মহারাণি নমো নমঃ ॥ ধ্রু ॥
যাঁকো দরশে পরশে অঘ নাশই
মহিমা বেদ-পুরাণে বাখানি।
যাঁকো পত্র মঞ্জরী কোমল
শ্রীপতি-চরণ-কমলে লপটানি ॥
ধন্য তুলসি পূরণ তপ কিয়ে
শালগ্রামকী-মহাপাটরাণী।
ধূপ দীপ নৈবেদ্য আরতি
ফুল না কিয়ে বরখা বরখানি ॥
ছাপান্ন ভোগ ছত্রিশ ব্যঞ্জন
বিনা তুলসী প্রভু এক না মানি।
শিব সনকাদি আউর ব্রহ্মাদিক
ঢুরত ফিরত মহামুনি জ্ঞানী ॥
চন্দ্রাসখী মেইয়া তেরী যশ গাওয়ে
ভকতি দান দিয়ে মহারাণি ॥

(২)

নমো নমঃ তুলসি কৃষ্ণপ্রেয়সি।
শ্রীরাধাকৃষ্ণ-সেবা পাব এই অভিলাষী ॥
যে তোমার শরণ লয়, তার বাঞ্ছা পূর্ণ হয়,
কৃপা করি কর তারে বৃন্দাবনবাসী।
(মোর) এই মনে অভিলাষ, বিলাস-কুঞ্জে পাব বাস,
নয়নে হেরিব সদা যুগল রূপরাশি ॥
এই নিবেদন ধর, সখীর অনুগা কর,
সেবা-অধিকার দিয়ে কর নিজ দাসী।
দীন কৃষ্ণদাসে কয় এই যেন মোর হয়
শ্রীরাধাগোবিন্দ-প্রেমে সদা আমি ভাসি ॥

শ্রীশ্রীগুরু বন্দনা।

জয় জয় শ্রীগুরু প্রেম-কল্পতরু
অদ্ভুত যাঁক প্রকাশ!
হিয়া-অগেয়ান- তিমির বরজ্ঞান-
সুচন্দ্র-কিরণে করু নাশ ॥
ইহ লোচন-আনন্দ-ধাম।
অযাচিত মো হেন পতিত হেরি যো পহু
যাচি দেয়ল হরি নাম ॥

দুরমতি অগতি সতত অসৎ মতি
নাহি সুকৃতি-লব-লেশ।
শ্রীবৃন্দাবন- যুগল-ভজন-ধন
মোহে করল উপদেশ॥
নিরমল-গৌর- প্রেমরস-সিঞ্চনে
পূরল সব মন-আশ।
সো চরণাম্বুজে রতি নাহি হোয়ল
রোয়ত বৈষ্ণবদাস॥

ইহার পরে শ্রীশ্রীনামাবলী কীর্ত্তন। অতঃপর—

শ্রীনাম কীর্ত্তন পূর্ণ।

হরি হরয়ে নমঃ, কৃষ্ণ যাদবায় নমঃ।
যাদবায় মাধবায় কেশবায় নমঃ॥
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন।
গিরিধারী গোপীনাথ মদনমোহন॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত সীতা।
হরি গুরু বৈষ্ণব ভাগবত গীতা॥
ঠাকুরের ঠাকুর আমার বৈষ্ণব গোসাঞি।
কলিভব তরাইতে আর কেহ নাই॥
শ্রীরূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীব গোপালভট্ট দাস রঘুনাথ॥

এই ছয় গোসাঞির করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্ন-নাশ অভীষ্ট-পূরণ ॥
এই ছয় গোসাঞি যবে ব্রজে কৈলা বাস।
রাধাকৃষ্ণ-নিত্যলীলা করিলা প্রকাশ ॥
এই ছয় গোসাঞি যাঁর তাঁর মুঞি দাস।
তাঁ সবার পদরেণু মোর পঞ্চগ্রাস ॥
মনের আনন্দে বল হরি ভজ বৃন্দাবন।
শ্রীগুরু-বৈষ্ণব-পদে মজাইয়া মন ॥
শ্রীগুরু-বৈষ্ণব-পাদপদ্ম করি আশ।
নাম-সঙ্কীর্ত্তন কহে নরোত্তম দাস ॥
(প্রেমসে কহো শ্রীরাধে শ্রীকৃষ্ণ বলিয়ে প্রভু নিতাই
শ্রীচৈতন্য অদ্বৈত শ্রীরাধারাণীকি জয় ইত্যাদি ॥

মধ্যাহ্নে শ্রীমহাপ্রসাদ-ভোজনকালীন ভজন।

ভজমন শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ।
(হরে ২) কলি-ঘোর-মোচন আনন্দ-কন্দ ॥
গোকুল-সখা-সঙ্গে ধেনু চরাওয়ে।
সো পহুঁ বিহরে শ্রীনবদ্বীপ-মাঝে ॥
সুরধুনী-তীরে বিহরে দোন ভাই।
কৃপা করি উদ্ধারিলা জগাই মাধাই ॥

রাবণ মারি বিভীষণ-উদ্ধারী।
দ্রৌপদীর লজ্জা-নিবারণকারী॥
শিব সনকাদি যাঁকো ভেদ না পাওয়ে।
সো প্রভু ঘরে ঘরে প্রেম বিলাওয়ে॥
ভক্ত-বৎসল প্রভু শ্রীগৌরহরি।
শ্রীকৃষ্ণদাস গোস্বামী যাও বলিহারী॥

(পরে রাম কহ সুখ উপজে, কৃষ্ণ কহ দুঃখ যায়, মহিমা মহা প্রসাদ পাও সাধু প্রেম পিরীত লাগাই। প্রেম্‌সে কহ শ্রীরাধে শ্রীকৃষ্ণ বলিয়ে প্রভু নিতাই শ্রীচৈতন্য অদ্বৈত শ্রীরাধারাণীকি জয়, প্রেমদাতা পরমদয়াল পতিতপাবন শ্রীনিতাইচাঁদকি জয়, করুণা-সিন্ধু গৌর-ভক্তবৃন্দকি জয়, মহাপ্রসাদকি জয় চারি সম্প্রদায়কি জয়, অনন্তকোটি বৈষ্ণবকি জয়, আপন আপন গুরু-গোবিন্দকি জয় এই বলিয়া প্রণামানন্তর মহাপ্রসাদ গ্রহণের নিয়ম।)

রাত্রিকালে শ্রীমহাপ্রসাদ ভোজনকালীন ভজন।

ভজ মন রাধে শ্রীমদন গোপাল।
ভজ শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত দয়াল॥
ভজ চৌষট্টি মোহান্ত আদি দ্বাদশ গোপাল।
ভজ ছয় চক্রবর্ত্তী আদি অষ্ট কবিরাজ॥

ভজ চূড়ায় ময়ূরের পাখা গলে বনমাল।
বৃষভানু-নন্দিনী ভজ যশোদাতুলাল॥
ভজ রাসরসিকমণি প্রেমরসাল।
ভজ শ্রীগোবিন্দ গোপীনাথ দীন দয়াল।
রাঙ্গা চরণে শরণ মাগে হরিদাস কাঙ্গাল॥
পরে প্রেমসে কহ শ্রীরাধে ইত্যাদি—

বিবিধ কীৰ্ত্তন-পদাবলী

প্রাভাতিক স্মরণ কীৰ্ত্তন।

(১)

সঙর নব গৌরচন্দ্র নাগর বনওয়ারী।
নদীয়া ইন্দু করুণাসিন্ধু ভকতবৎসলকারা॥
বদনচন্দ্র অধর সুরঙ্গ নয়নে গলত প্রেম-তরঙ্গ,
চন্দ্র কোটি ভানু কোটি মুখশোভা উজিয়ারী।
কুসুমে শোভিত চাঁচর-চিকুর, ললাটে তিলক নাসিকা উজোর
দশন মোতিম অমিয়া-হাস দামিনী ঘনয়ারী॥

মকর-কুণ্ডলে ঝলকে গণ্ড, মণিকৌস্তুভ-দীপ্তকণ্ঠ,
অরুণ-বসন, করুণ-বচন, শোভা অতি ভারী।
মাল্য-চন্দনে চর্চ্চিত-অঙ্গ, লাজে লজ্জিত কোটি অনঙ্গ,
চন্দন-বলয়া, রতন-নূপুর, যজ্ঞসূত্রধারী॥
ছত্র ধরত ধরণীধরেন্দ্র, গাওত যশ ভকতবৃন্দ,
কমলা-সেবিত পাদপদ্ম বলি যাও বলিহারি।
কহত দীন কৃষ্ণদাস, গৌরচরণে করত আশ,
পতিত-পাবন নিতাই চাঁদ প্রেম-দানকারী॥

(২)

রাধে জয় জয় বলিয়ে শারী
নিধুবন ভরি গাজে।
শারী বলে শুক তোমারে কই
রূপেতে কিশোরী হইল জই
কানু-মনোহরা রাধিকা-মূরতি
পরাভব নটরাজে॥
নীল ওঢ়নী, মুকুট-টালনী
রাকা-শশধর বদন জিনি
চরণে নূপুর মধুর মধুর,
রুণু রুণু ঝুণু বাজে॥

আবীর কুঙ্কুম পাশা জলকেলি,
সে সব সমরে তব বনমালী
জিনিবারে নারি রাই পদ ধরি
সাধিয়াছে সখীমাঝে ॥
মোদের কিশোরী, রাজার কুমারী,
সব সখীগণ পূজে।
তোমার নাগর রাখাল খেয়াতি
সদা থাকে গোঠ মাঝে ॥
নিধুবনে যেদিন রাজা হ'লেন প্যারী,
কোটালিয়া কর্ম্ম ক'রেছিলেন হরি,
দোহাই রাধার, ব'লে বার বার,
নিয়োজিত ছিল কাজে ॥
(যেদিন) মৃগপশু পাখী আদি তরুলতা
নিজ সম রূপ ক'রেছিলেন রাধা
(সেদিন) তোমার নাগর হৈল গৌর
লুকায়ল সখী মাঝে ॥
যে দিন শ্রীমতী ক'রেছিলেন মান,
দাস খত লিখে দিয়েছিলেন শ্যাম,
পীতবাস গলে রাই-পদতলে,
সেধেছিল কোন্ লাজে ॥

শুক বলে শারী কি কর দ্বন্দ্ব,
দোঁহে সমগুণ কে কহে মন্দ,
জগদানন্দ পরমানন্দ,
রসবতী রসরাজে ॥

(৩)

গোবিন্দ-মুখারবিন্দ নিরখি মন বিচারো।
চন্দ্রকোটি ভানুকোটি কোটি মদন ওয়ার ॥
সুন্দর কপোল লোল পঙ্কজ-দল নয়না।
অধরবিম্বে মধুর হাস কুন্দ-কলিকা-দশনা ॥
মণিকুণ্ডল মকরাকৃতি অলকা ভৃঙ্গপুঞ্জা।
কেশরক তিলক বনিয়ে সোণে মণিকুঞ্জা ॥
জলধরে তড়িতাম্বর গলে বনমালা শোহে।
লীলানট শূরকে পঁহু রূপে জগমন মোহে ॥

শ্রীগৌরাঙ্গের রূপ।

(১)

অমৃত মথিয়া কেবা, নবনী তুলিল গো,
তাহাতে গড়িল গোরা-দেহ।
জগত ছানিয়া কেবা, রস নিঙ্গাড়িল গো,
এক কৈল সুধই সুলেহ ॥

অখণ্ড পীযূষধারা কেবা আউটিল গো,
সোনার বরণে হৈল চিনি।
সে চিনি মারিয়া কেবা ফেনি তুলিল গো,
হেন বাসো গোরা-অঙ্গখানি॥
অনুরাগের দধি, প্রেমের সাচনা দিয়া,
কেনা পাতিয়াছে আঁখি দুটী॥
তাহাতে অধিক মহু, লহু লহু কথাখানি,
হাসিয়া কহয়ে গুটি গুটি॥
বিজুরী বাটিয়া কেবা, গাখানি মাজিল গো,
চাঁদে মাজিল মুখখানি।
লাবণ্য বাটিয়া কেবা, চিত নিরমাণ কৈল,
অপরূপ রূপের বলনি॥
সকল পূর্ণিমার চাঁদে, আকুল হইয়া কাঁদে,
কর-পদ-পদুমের গন্ধে।
কুড়িটি নখের ছটায়, জগত আলো কৈল গো,
আঁখি পাইল জনমের অন্ধে॥
এমন বিনোদিয়া, কোথাও না দেখি গো,
অপরূপ প্রেমের বিনোদে।
পুরুষ প্রকৃতি-ভাবে, কাঁদিয়া আকুল গো,
নারী বা কেমনে প্রাণ বান্ধে॥

সকল রসের সার, বিশাল হৃদয়খানি,
কে না গড়াইল রঙ দিয়া।
মদন বাটিয়া কেবা, বদন গড়িল গো,
বিনি ভাবে মু মশু কাঁদিয়া ॥
ইন্দ্রের ধনুক আনি গোরার কপালে গো,
কেবা দিল চন্দনের রেখা।
ও রূপ-স্বরূপা যত, কুলের কামিনী ছিল,
দু হাতে করিতে চায় পাখা ॥
রঙ্গের মন্দিরখানি, নানা রত্ন দিয়া গো,
গড়াইল বড় অনুবন্ধে।
লীলা বিনোদ কলা, ভাবে অভিলাষী গো,
মদন বেদন ভাবি কাঁদে ॥
না চায় আঁখির কোণে, সদাই সবার মনে,
দেখিবারে আঁখি-পাখী ধায়।
আখির তিয়াস দেখি, মুখের লালসা গো,
আলসল জর জর গায় ॥
কুলবতী কুল ছাড়ে, পঙ্গু ধায় উভরড়ে,
গুণ গায় অসুর পাষণ্ড।
ধূলায় লোটায়ে কাঁদে, কেহ থির নাহি বাঁধে,
গোরাগুণ অমিয়া অখণ্ড ॥

ধাওরে ধাওরে বলি, প্রেমানন্দে কোলাকুলি,
কেহ নাচে অট্ট অট্ট হাসে।
সুশীলা কুলের বউ, সে বলে সকল যাউ,
গোরা-গুণ-রূপের বাতাসে॥
নদীয়ানগর-বধূ, হেরি গোরা-মুখবিধু,
ঝর ঝর নয়ান সদাই।
অনুরাগে বুক ভরে, পুলকিত কলেবরে,
মন মাঝে সদাই জাগাই॥
যোগীন্দ্র মুনীন্দ্র কিবা, মনে গণে রাত্রিদিবা,
গোরা-রূপে লাগি গেল ধান্দা।
অখিল-ভুবনপতি, ধূলায় লোটাঞা ক্ষিতি,
সদাই সোঙরে রাধা রাধা॥
লখিমী বিলাস ছাড়ি, প্রেম-অভিলাষী গো,
অনুরাগে রাঙ্গা দুটী আঁখি।
রাধার ধেয়ানে হিয়া, বাহির না হয় গো,
এই গোরা-তনু তার সাথী॥
দেখরে দেখরে লোক, হেন প্রেমা অপরূপ,
ত্রিজগত-নাথ নাথ হৈয়া।
অকিঞ্চনের সনে, কি নাহ কি ধন মাগে,
কিনা সুখে বুলয়ে নাচিয়া॥

জয়রে জয়রে জয়, হেন প্রেম-রসালয়,
ভাঙ্গি বিলাইল গোরারায়।
নির্জ্জীবে জীবন পাইল, পঙ্গু গিরি ডিঙ্গাইল,
আনন্দে লোচন দাস গায়॥

(২)

বিমল-হেম জিনি তনু অনুপাম রে
তাহে শোভে নানা ফুলদাম।
কদম্ব-কেশর জিনি একটী পুলক রে
তার মাঝে বিন্দু বিন্দু ঘাম॥
জিনি মদমত্ত হাতী গমন মন্থর অতি
ভাবাবেশে ঢুলি ঢুলি যায়।
অরুণ বসন ছবি যেন প্রভাতের রবি
গৌর অঙ্গে লহরী খেলায়॥
চলিতে না পারে গোরা চাঁদ গোসাঞি গো
বলিতে না পারে আধ বোল।
ভাবেতে অবশ হৈয়া, হরি হরি বোলাইয়া,
আচণ্ডালে ধরি দেয় কোল॥
এ সুখ সম্পদ কালে, গোরা না ভজিলাঙ হেলে,
হেন পদে না করিলাঙ আশ।

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র, ঠাকুর শ্রীনিত্যানন্দ,
গুণ গায় বৃন্দাবন দাস॥

(৩)

শয়নে গৌর, স্বপনে গৌর,
গৌর নয়ন তারা।
জীবনে গৌর, মরণে গৌর,
গৌর গলার হারা॥
কহনা গৌর কথা, সদাই কহনা গৌর-কথা।
গৌর নাম অমিয়া-ধাম,
পিরীতি-মূরতি-দাতা॥
গৌর বিহনে, না বাঁচি পরাণে
গৌর করিলাম সার।
বলিয়ে গৌর, এ জনম ভোর,
কিছু না চাহিয়ে আর॥
গৌর ভকতি, গৌর মুকতি,
গৌর বেদের সার।
গৌর সাধহ, গৌর ভজহ,
গৌর করিবে পার॥
গৌর গঠন, গৌর গমন,
গৌর মুখের হাসি।

গৌর বচন, অমিয়া সিঞ্চন,
মরমে রহল পশি ॥
গৌর শবদ, গৌর সম্পদ,
যাহার হৃদয়ে জাগে।
নরহরি দাস, আনুগত্যে আশ,
চরণে শরণ মাগে ॥

শ্রীনিত্যানন্দের রূপ ও মহিমা বর্ণন।

দেখরে নয়ন ভরি নিতাইসুন্দর।
গৌরাঙ্গ-প্রণয়-রসময়-পুরন্দর ॥
আভোক্তা প্রণয়রসে অঙ্গ গদগদ!
চলিতে অথির ধরে আধ আধ পদ।
ধরণী প্রেমার ভরে টলমল হয়।
যাঁহা পদ পড়ে ধরু পঙ্কজ হিয়ায় ॥
পিরীতি-আগর-মুখ ভুরুযুগ জোড়া।
অনুরাগময় আঁখি অরুণের কোঁড়া ॥
তাহাতে বিস্ফার নেত্র সঘনে ঘূর্ণিত।
শ্রীগণ্ড-বিকাশ দেখি জগত মোহিত ॥
কুটিল কুন্তলে চূড়া যেন নাগরাজ।
শুধুই বনের ফুলে মনমথ-সাজ ॥

বাম শ্রুতিমূলে এক কোকনদ দোলে।
প্রণত জনেরে যেন কোল দিতে বোলে॥
ঘূর্ণিত অরুণ আঁখি রসে মাতোয়ারা।
রস-মদিরার ঘোরে দিগম্বর ভোরা॥
গোরারসে ভোরা দিবানিশি নাহি জানে।
অনুরাগে মত্ত সদা রসামৃত-পানে॥
রসের বাউল নিতাই সহজে অথির।
কোথা রূপ রস বলি গরজে গভীর॥
গোরা-রসে গঠিত নিতাই-কলেবর।
গোরা-রস-কমলের মত্ত মধুকর॥
গোরা-রস-চাঁদের চকোর নিত্যানন্দ।
জীব-হৃদি তমো-বিনাশের পূর্ণচন্দ্র॥
কত কোটি কোটি চাঁদ নিঙ্গাড়িয়া সুধা।
কত কোটি কোটি এক ঠাঁই কৈল বুধা॥
আর তাহে কোটি গুণ সংযোগ করিয়া।
গঠিল নিতাই-দেহ রসে পুরি দিয়া॥
সহজে নিতাই-রূপ তাহে গৌর-প্রেম।
রূপের ছটায় যেন চোয়াইছে হেম॥
সুন্দর-যুগল-বাহু কনক-আগল।
সঙ্কেতে ফিরায় দেখি হাসে খল খল॥

প্রেম-মদালসে চলে দুবাহু দোলাইয়া।
দুদিক বহিয়া যায় সুবর্ণ করিয়া॥
রসে রাঙ্গা নয়ন নাচায় রসাবেশে।
অতি মূঢ় যেহ সেহ দেখি রসে ভাসে॥
গোরারস উজোর জলদ সে নিতাই।
জগত ভাসাইল রসে পাত্রাপাত্র নাই॥
রসে মাতি মাতোয়ারা কৈল জগজনে।
রসঘোরে আপনা আপনি নাহি জানে॥
রসরত্ন-খনি তবু কাঙ্গাল রসের।
অদ্ভুত চরিত আমার নিতাইচাঁদের॥
একে সে উত্তম দাতা গৌর-আজ্ঞা পায়।
প্রেমের ভাণ্ডার খুলি জগতে বিলায়॥
শুদ্ধ শ্বেতবর্ণ সেই বলাই অনন্ত।
এবে রসে রাঙ্গা হইল বুঝিনু নিতান্ত॥
লোচন বলে আলো সই করি নিবেদন।
চল যাঞা ধরি সবে নিতাই চরণ॥

(২)

অন্তরে নিতাই, বাহিরে নিতাই, নিতাই জগতময়।
নাগর নিতাই, নাগরী নিতাই, নিতাই কথা সে কয়॥

সাধন নিতাই, ভজন নিতাই, নিতাই নয়ন-তারা।
দশদিকময়, নিতাইসুন্দর, নিতাই ভুবন-ভরা॥
রাধার মাধুরী, অনঙ্গমঞ্জরী, নিতাই নিতু সে সেবে।
কোটি শশধর, বদন সুন্দর, সখা সখী বলদেবে॥
রাধার ভগিনী, শ্যাম সোহাগিণী, সব সখীগণ-প্রাণ।
যাঁহার লাবণি, মণ্ডপ সাজনি, শ্রীমণি-মন্দির নাম॥
নিতাইসুন্দরে, যোগপীঠ ধরে, রত্ন-সিংহাসন শেজে।
বসন নিতাই, ভূষণ নিতাই, বিলাসে সখীর মাঝে॥
কি কহিব আর, নিতাই সবার, আঁখি, মুখ, সর্ব্ব অঙ্গ।
নিতাই নিতাই, নিতাই, নিতাই, নিতাই নূতন রঙ্গ॥
নিতাই বলিয়া, দুবাহু তুলিয়া, চলিব বরজ পুরে।
দাস বৃন্দাবন, করে নিবেদন, নিতাই না ছেড়ো মোরে॥

শ্রীশ্রীগুরুবৈষ্ণবে আত্মনিবেদন।

শ্রীগুরু বৈষ্ণব তোঁহার চরণ
শরণ না কৈলুঁ আমি।
বিষয়-বিষম- বিষ ভাল মানি
খাইছুঁ হইয়া কামী॥
সেই বিষে মোরে জারিয়া মারিল
বড়ই বিপাক হৈল।

জনমে জনমে এমন কতেক
আত্মঘাতী পাপ কৈল ॥
সেই অপরাধে এ ভব-সাগরে
বান্ধিল এ মায়া-জালে।
তোমা না ভজিয়া আপনা খাইয়া
আপনি ডুবেছি হেলে ॥
আর কত কাল এ দুঃখ ভুঞ্জিব
ভোগ-দেহ নাহি যায়।
সহিতে নারিয়া কাতর হইয়া
নিবেদিছি তুয়া পায় ॥
ও রাঙ্গা চরণ- পরশ কেবল
বিচারিয়া এই দায়।
উদ্ধার করিয়া লেহ দীনবন্ধু
আপন চরণ-নায় ॥
তোমার সেবন অমৃত-ভোজন
করাইয়া মোরে রাখ।
এ রাধামোহন খতে বিকাইল
দাস-গণনাতে লেখ ॥

প্রার্থনা। (বিবিধ)

শ্রীকৃষ্ণ চৈতন্য বলরাম নিত্যানন্দ
পারিষদ সঙ্গে অবতার।
গোলোকের প্রেম-ধন সবারে যাচিয়া দিল
না লইনু মুঞি দুরাচার ॥
আরে পামর মন! বড় শেল রহল মরমে।
হেন সংকীর্ত্তন-রসে ত্রিভুবন মাতল
বঞ্চিত মো হেন অধমে ॥
শ্রীগুরু-বৈষ্ণব-পদ কল্পতরু-ছায়া পাঞা
সব জীব তাপ পাসরিল।
মুঞি অভাগিয়া বিষ বিষয়ে মাতিয়া রৈনু
হেন যুগে নিস্তার না হইল ॥
আগুনে পুড়িয়া মরোঁ জলে পরবেশ করোঁ
বিষ খাঞা মরোঁ মো পাপিয়া।
এই মত করি যদি মরণ না করে বিধি
প্রাণ রহে কি সুখ লাগিয়া ॥
এ হেন গৌরাঙ্গ-গুণ না করিলাম শ্রবণ
হায় হায় করিয়ে হুতাশ।
হরেকৃষ্ণ মহামন্ত্র মুখ ভরি না লইলাম
জীবন্মৃত গোবিন্দ দাস ॥

হা গৌরাঙ্গ ! তুমি মোরে দয়া না ছাড়িহ ।
আপন করিয়া রাঙ্গা চরণে রাখিহ ॥
তোমার চরণ লাগি সব তেয়াগিনু ।
শীতল চরণ পাঞা শরণ লইনু ॥
একুলে ওকুলে মুই দিনু তিলাঞ্জলি ।
রাখিহ চরণে মোরে আপনার বলি ॥
বাসুদেব ঘোষ কহে চরণে ধরিয়া ।
কৃপা করি রাখ মোরে পদছায়া দিয়া ॥

আরে মোর আরে মোর গৌরাঙ্গ সোণা ।
পাঞাছি তোমারে কত করিয়া কামনা ॥
আপন বলিয়া মোর নাহি কোন জনা ।
রাখহ চরণতলে করিয়া আপনা ॥
তোমার বদনে কিবা চাঁদের তুলনা ।
দেহ প্রেমসুধারস রহুক ঘোষণা ॥
কমল জিনিয়া তোমার শীতল চরণ ।
বাসুঘোষে দেহ ছায়া তাপিত এ জন ॥

গৌরাঙ্গচাঁদ ! হের নয়নের কোণে ।
শরণ লইনু তোমার শীতল চরণে ॥
দিয়াছি তোমারে দায় মোর কেহ নাই
তুমি দয়া না করিলে যাব কার ঠাঁই ॥

ওহে প্রভু নিত্যানন্দ ! করহ করুণা।
কাতর হইয়া ডাকে দীনহীন জনা ॥
পূর্ব্বে পাপী তরাইলে এবে না তরাও।
পাপিষ্ঠ-উদ্ধার এবার জগতে দেখাও ॥
তোমার কৃপা না পাইয়া বেড়াই কাঁদিয়া।
পূরবে দিয়াছ প্রেম জগতে যাচিয়া ॥
সে করুণা প্রকাশিয়া উদ্ধারহ মোরে।
শুনিয়াছি দয়ার ঠাকুর দেখুক সংসারে ॥
গৌরাঙ্গ নিতাই ! মোরে না কর নৈরাশ।
দন্তে তৃণ ধরি কহে নরহরি দাস ॥

গোরাচাঁদ ! ফিরি চাও নয়নের কোণে।
দেখি অপরাধী জনা, যদি তুমি কর ঘৃণা,
অযশ ঘুষিবে ত্রিভুবনে ॥
তুমি প্রভু দয়াসিন্ধু, পতিতজনার বন্ধু,
সাধুমুখে শুনিয়ে মহিমা।
দিয়াছি তোমার দায়, এই মোর উপায়,
উদ্ধারিলে মহিমার সীমা ॥
মুঞি ছার দুষ্টমতি তুয়া নামে নাহি রতি
সদাই অসৎ পথে ভোর।
তাহাতে হৈয়াছে পাপ আর অপরাধ তাপ
সে কত তাহার নাহি ওর ॥

তোমার কৃপালুতাগুণে অপরাধী নাহি মানে
শুনি নিবেদিয়ে রাঙ্গা পায়।
পূরাহ আমার আশ ফুকারে বৈষ্ণবদাস
তুয়া নাম স্ফুরুক জিহ্বায়॥

পহুঁ মোর গৌরাঙ্গ গোসাঞি।
এই কৃপা কর যেন তোমার গুণ গাই॥
যে সে কুলে জন্ম হউ, যে সে দেহ পাঞা।
তোমার ভক্ত সঙ্গে ফিরি, তোমার গুণ গাঞা॥
চিরকালের আশা প্রভু আছয়ে হিয়ায়।
তোমার নিগূঢ় লীলা স্ফুরাবে আমায়॥
তোমার নামে সদা রুচি হউক মোর।
তোমার গুণ-গানে যেন সদা হঙ ভোর॥
তোমার গুণ গাইতে শুনিতে ভক্ত সঙ্গে।
সাত্ত্বিক বিকার কি হইবে মোর অঙ্গে॥
অশ্রু কম্প পুলকে পূরিবে সব তনু।
ভূমিতে পড়িব প্রেমে অগেয়ান জনু॥
যে সে কর প্রভু তুমি একমাত্র গতি।
কহয়ে বৈষ্ণবদাস তোমায় রহু মতি॥

অদোষদরশী মোর প্রভু নিত্যানন্দ।
না ভজিলাম হেন প্রভুর চরণারবিন্দ॥

হায়রে না জানি মুঞি কেমন নিষ্ঠুর।
পাঞা না ভজিনু হেন দয়ার ঠাকুর॥
হায়রে অভাগার প্রাণ কি সুখে আছহ।
নিতাই বলিয়া কেন মরিয়া না যাহ॥
নিতাই'র করুণা শুনি পাষাণ মিলায়।
হায়রে দারুণ প্রাণ না দরবে তায়॥
নিতাই চৈতন্য অপরাধ নাহি মানে।
যারে তারে নিজ প্রেমভক্তি করে দানে॥
তাঁর নাম লৈতে না গলয়ে মোর হিয়া।
কৃষ্ণদাস কহে মুঞি বড় অভাগিয়া॥

গৌরচন্দ্র নিত্যানন্দ অদ্বৈত পরমানন্দ
তিন প্রভু এক তনু মন।
ইথে ভেদবুদ্ধি যার সে যাউক ছারখার
তার হয় নরকে গমন॥
অদ্বৈতের করুণায় জীবে প্রেমভক্তি পায়
গৌরাঙ্গের পাদপদ্ম মিলে।
এমন অদ্বৈতচাঁদে পড়িয়া বিষয় ফাঁদে
পাইয়া সে না ভজিনু হেলে॥
ধিক্ ধিক্ মুঞি দুরাচার।
করিনু অসৎ সঙ্গ সকলি হইল ভঙ্গ,
না ভজিনু হেন অবতার॥

হাতে গলে বাঁধি যবে যমদূতে লৈয়া যাবে
আঘাত করিবে যমদণ্ড।
ত্রাহি ত্রাহি ডাক ছাড়ি ভূমে দিব গড়াগড়ি
শ্মশানে লুটিবে এই মুণ্ড॥
আত্মীয় বান্ধব যারা দূরে পলাইবে তারা
তখন ডাকিব মুঞি কারে।
প্রেমদাস দুষ্টমতি না হইল কোন গতি
এমন দয়াল অবতারে॥

নীলাচলে যব্ মঝু নাথ।
দেখিব আপনে জগন্নাথ॥
রামরায় স্বরূপ লইয়া।
নিজভাব ক'বে উঘাড়িয়া॥
মোর কি হইব হেন দিনে।
তাহা কি মুঞি শুনিব শ্রবনে॥
পুন কিয়ে জগন্নাথ দেবে।
গুণ্ডিচা-মন্দিরে চলি যাবে॥
প্রভু মোর সাত সম্প্রদায়।
করিবে কীর্ত্তন উভরায়॥
মহানৃত্য কীর্ত্তন বিলাস।
সাত ঠাঞি হইবে প্রকাশ॥

মোর কি এমন দিন হব।
সে সুখ কি নয়নে দেখিব ॥
সকল ভকতগণ মেলি।
উদ্যানে করিবে নানা কেলি ॥
বৈষ্ণব দাসের অভিলাষ।
দেখি মোর পূরিবেক আশ ॥

বন্দো প্রভু নিত্যানন্দ, কেবল আনন্দ কন্দ,
ঝলমল আভরণ সাজে।
দুইদিকে শ্রুতি-মূলে মকর কুণ্ডল দোলে,
গলে এক কৌস্তুভ বিরাজে ॥
সুবলিত ভুজদণ্ড, জিনি করিবর শুণ্ড,
তাহাতে শোভয়ে হেম দণ্ড।
অরুণ অম্বর গায়, সিংহের গমনে ধায়,
হেরি কাঁপে অসুর পাষণ্ড ॥
অঙ্গ জিনি শুদ্ধ স্বর্ণ, দুটি আঁখি রক্তবর্ণ,
তাহাতে ঝরায় মকরন্দ।
সুমেরু বহিয়া যেন, গঙ্গা ধারা পড়ে হেন,
দেখি সুর লোকের আনন্দ ॥
সর্ব্বাঙ্গে পুলকছটা, যেন কদম্বের ঘটা,
লম্ফে কম্প হয় বসুমতী।

ক্ষীর-দাপ মালসাটে, শবদে ব্রহ্মাণ্ড ফাটে,
দেখি ব্রহ্ম লোকে করে স্তুতি ॥
চৈতন্যের প্রেমরত্ন, জীবেরে করিয়া যত্ন,
দিল পহুঁ পরম আনন্দে।
কহে বৃন্দাবন দাসে, আপনার কর্ম্ম দোষে,
না ভজিলাম নিতাই পদদ্বন্দ্বে ॥

হা নাথ গোকুল চন্দ্র হাকৃষ্ণ পরমানন্দ
হাহা ব্রজেশ্বরীর নন্দন।
হা রাধিকা চন্দ্রমুখি গান্ধর্ব্বা ললিতা সখি
কৃপা করি দেহ দরশন ॥
তোমা দোঁহার শ্রীচরণ আমার সর্ব্বস্ব ধন
তাহার দর্শনামৃত পান।
করাইয়া জীবন রাখ মরিতেছি এই দেখ
করুণা কটাক্ষ কর দান ॥
দোঁহে সহচরী সঙ্গে মদন মোহন-ভঙ্গে
শ্রীকুণ্ডে কলপ তরু ছায়।
আমারে করুণা করি দেখাইবে সে মাধুরী
তবে হয় জীবন উপায় ॥
হাহা শ্রীদামের সখা কৃপা করি দাও দেখা
হাহা বিশাখার প্রাণ সখি।

দোঁহে সকরুণ হৈয়া চরণ দর্শন দিয়া
দাসীগণ মাঝে লেহ লেখি ॥
তোমরা করুণা-রাশি তেঞি চিতে অভিলাষি
কৃপা করি পূর মোর আশ।
দশনেতে তৃণ ধরি ডাকি নাম উচ্চ করি
দীন হীন বৈষ্ণবের দাস ॥

শ্রীরূপগোস্বামি-কৃতং
শ্রীশ্রীমন্মহাপ্রভোরষ্টকালীয়-লীলা-
স্মরণমঙ্গল-স্তোত্রম্ ॥

(নিশান্ত-লীলা।)

প্রগে শ্রীবাসস্থ দ্বিজকুলরবৈ র্নিস্ফুটবরে।
শ্রুতি-ধ্বান-প্রখ্যৈঃ সপদি গতনিদ্রং পুলকিতম্।
হরেঃ পার্শ্বে রাধাস্থিতিমনুভবন্তং নয়নজৈ-
র্জলৈঃ সংসিক্তাঙ্গং বরকনকগৌরং ভজ মনঃ ॥ ১ ॥

(প্রাতর্লীলা।)

প্রভাতে প্রক্ষাল্য স্ববদনবিধুং কেশব-কথাং
গৃহালিন্দে প্রেমাকুলিত-হৃদয়ং যঃ প্রিয়জনৈঃ।
ক্রুবন্নাস্তে রাধারস-কলন-ফুল্লো বরতনু-
র্ভজ ত্বং তং গৌরং নিরবধি মনঃ প্রেম-বলিতম্ ॥ ২ ॥

(পূর্ব্বাহ্ণ-লীলা।)

হরি-বনগতি-লীলাং ব্যাকুলীভূত-গোষ্ঠাং
স্মৃতিবিষয়-গতাং যঃ কারয়ামাস সাক্ষাৎ।
তদনুকরণকারী ভক্তবৃন্দস্থ মধ্যে
তমহমনুভজামি শ্রীল-গৌরাঙ্গচন্দ্রম্॥ ৩

(মধ্যাহ্ণ-লীলা)

সহালি-শ্রীরাধা-সহিত-হরিলীলাং বহুবিধাং
স্মরন্ মধ্যাহ্ণীয়াং পুলকিত-তনুর্গদ্‌গদবচাঃ।
ব্রুবন্ ব্যক্তং তাঞ্চ স্বজনগণ-মধ্যেঽনুকুরুতে
শচীসূনু র্যস্তং ভজ মম মনস্ত্বং বত সদা॥ ৪॥

(অপরাহ্ণ-লীলা)

পরাবৃত্তিং গোষ্ঠে ব্রজনৃপতিসূনো র্বিপিনতো
মহানন্দাম্ভোধেঃ সপদি জনয়িত্রীং স্বহৃদয়ে।
স্মরন্ শ্রীগৌরাঙ্গো নটতি বলতে নিঃশ্বসিতি চ
ক্ষণং মুহ্যন্ সর্ব্বান্ বিবশয়তি যস্তং ভজ মনঃ॥ ৫॥

(সায়ং-লীলা)

সায়ন্তনীং কৃষ্ণ-মনোজ্ঞ-লীলাং
স্নানাসনাদ্যাং হি মুহুর্ব্বিচিন্ত্য।
স্বভক্ত-মধ্যেঽনুকরোতি নিত্যং
তাং যো মন স্বং ভজ গৌরচন্দ্রম্॥ ৬॥

(প্রদোষ-লীলা)

সমুৎকণ্ঠাসন্নাকলিত-হরিবার্ত্তা বত যথা-
ভিসৃত্যাসৌ রাধা হরিমপি নিকুঞ্জে গতবতী।
তথাত্মানং মত্বা কটিনিহিত-পাণি র্বিশতি চ
স্খলন্ গচ্ছন্ গৌরো নটতি ধৃত-কম্পাশ্রুপুলকঃ ॥ ৭ ॥

(নৈশ-লীলা।)

শ্রীশ্রীবাসগৃহে মুদা পরিবৃতো ভক্তৈঃ স্বনামাবলীং
গায়ন্তি গলদশ্রুকম্পপুলকো গৌরো নটিত্বা প্রভুঃ।
পুষ্পারামগতে সুরত্ন-শয়নে জ্যোৎস্না-যুতায়াং নিশি
বিশ্রান্তঃ স শচীসুতঃ কৃতফলাহারো নিষেব্যো মম ॥ ৮ ॥

শ্রীরূপগোস্বামি-কৃত শ্রীশ্রীমন্মহাপ্রভুর অষ্টকালীয়-লীলা-
স্মরণ-মঙ্গল-স্তোত্রের—

পদ্যানুবাদ।

(শ্রীকৃষ্ণপদদাসবাবাজী মহারাজ কৃত)

শ্রীবাসের কুসুম কাননে। শুয়েছিলা কুসুম শয়নে ॥
শুনি বিহগের কলধ্বনি। জাগিলেন গোরা গুণমণি ॥
কৃষ্ণ-পাশে রাধার শয়ন। স্মরি নীরে ভাসে শ্রীবদন ॥
ভজ মন শ্রীগৌরাঙ্গ-লীলা। নিশি শেষে যাহা আচরিলা ॥১॥

তথা হোতে নিজালয়ে গিয়ে। রাধাভাবে রহিলা শুতিয়ে॥
পরভাতে জাগি রস-ভরে। শ্রীবদন পাখালিয়া নীরে॥
বসিলেন সখাগণ সনে। হরি নিশি রস-আলাপনে॥
ভজ মন শ্রীগৌরাঙ্গ-লীলা। পরভাতে যাহা আচরিলা॥২॥
স্নানাদিক সমাপন করি। ভাবে ভোর হৈলা গৌরহরি॥
শ্রীকৃষ্ণের কাননে গমন। গোপ গোপী বিয়াকুল মন॥
ভাব-অভিনয়ে ভক্তমাঝে। গরগর গৌর বিরাজে॥
ভজ মন শ্রীগৌরাঙ্গ-লীলা। পূর্ব্বাহ্নেতে যাহা আচরিলা॥৩॥
সখীযুক্তা শ্রীরাধা সহিত। হরি-লীলা মধ্যাহ্ন-বিহিত॥
ভাব-ভরে স্মরণ কথন। নিজজন-সহানুকরণ॥
ভজ মন শ্রীগৌরাঙ্গলীলা। মধ্যাহ্নেতে যাহা আচরিলা॥৪॥
বন হতে ব্রজেন্দ্র-নন্দন। আসিছেন ঘরেতে আপন॥
গোপ-গোপী মহাপ্রেমভরে। পুলকিত চাঁদমুখ হেরে॥
স্মরিয়া গৌরাঙ্গ-চাঁদ মোর। শ্রীরাধার ভাবেতে বিভোর॥
নাচে গায় দীর্ঘশ্বাস বহে। ক্ষণে মূর্চ্ছা বাহ্য নাহি রহে॥
ভজ মন শ্রীগৌরাঙ্গ-লীলা। অপরাহ্নে যাহা আচরিলা॥৫॥
সায়াহ্নে কৃষ্ণের স্নানাশন। হৃদয়ে করিয়া বিচিন্তন॥
রাধাবেশে তদনুসরণ। অনুরূপ-লীলা-প্রকটন॥
ভজ মন শ্রীগৌরাঙ্গ-লীলা। সায়াহ্নেতে যাহা আচরিলা॥৬॥

প্রাণেশের সঙ্কেত শুনিয়া। শ্রীরাধার বিয়াকুল হিয়া॥
নিকুঞ্জাভিসার সখীসনে! সেই ভাব উপজিয়া মনে॥
অশ্রুকম্পে, পুলকিত-চিতে। চলে কর ধরিয়া কটিতে॥
রসাবেশে স্খলিত-গমনে। উপনীত শ্রীবাস-ভবনে॥
ভজ মন শ্রীগৌরাঙ্গ-লীলা। প্রদোষেতে যাহা আচরিলা॥৭॥

শ্রীবাস-ভবনে, নিজগণ সনে,
কীর্ত্তন-নটন-বিনোদ-লীলা।
ভকত সহিত, অশ্রু-পুলকিত,
রাসরসে পহুঁ মগন ভেলা॥
সমাপি কীর্ত্তন, ফলাদি ভোজন,
করি গণসহ কুসুম-বনে।
করেন শয়ন, গোরা প্রাণধন,
ভজ মন তাঁর লীলার গণে॥৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি-কৃতং শ্রীমন্মহাপ্রভোরষ্টকালীয়লীলা—স্মরণমঙ্গল-স্তোত্রম্।

শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভোশ্চরণয়ো র্যা কেশশেষাদিভিঃ
সেবাগম্যতয়া স্বভক্ত-বিহিতা সান্যৈর্যয়া লভ্যতে।
তাঃ তন্মানসিকীং স্মৃতিং প্রথয়িতুং ভাব্যাং সদা সত্তমৈ-
র্নৌমি প্রাত্যহিকং তদীয়-চরিতং শ্রীমন্নবদ্বীপজম্॥ ১॥

রাত্র্যন্তে শয়নোত্থিতঃ সুরসরিৎ-স্নাতো বভৌ যঃ প্রগে
পূর্ব্বাহ্ণে স্বগণৈর্সতুপবনে তৈর্ভাতি মধ্যাহ্নকে।
যঃ পুর্য্যামপরাহ্নকে নিজগৃহে সায়ং গৃহেঽথাঙ্গনে
শ্রীবাসস্য নিশামুখে নিশি বসন্ গৌরঃ স নো রক্ষতু ॥ ২॥

রাত্র্যন্তে পিককুক্কুটাদি-নিনদং শ্রুত্বা স্বতল্পোত্থিতঃ
শ্রীবিষ্ণুপ্রিয়য়া সমং রসকথাং সম্ভাষ্য সন্তোষ্য তাম্।
গত্বাঽন্যত্র ধরাসনোপরি বসন্ সদ্ভিঃ সুধৌতাননো
যো মাত্রাদিভিরীক্ষিতোঽতিমুদিতস্তং গৌরমধ্যেম্যহম্ ॥ ৩ ॥

প্রাতঃ স্বঃসরিতি স্বপার্ষদবৃতঃ স্নাত্বা প্রসূনাদিভি-
স্তাং সংপূজ্য গৃহীত-চারুবসনঃ স্রক্‌চন্দনালঙ্কৃতঃ।
কৃত্বা বিষ্ণু-সমর্চ্চনাদি সগণো ভুক্ত্বান্নমাচম্য চ
দ্বিত্রং চান্যগৃহে ক্ষণং স্বপিতি যস্তং গৌরমধ্যেম্যহম্ ॥ ৪ ॥

পূর্ব্বাহ্ণে শয়নোত্থিতঃ সুপয়সা প্রক্ষাল্য বক্ত্রাম্বুজং
ভক্তৈঃ শ্রীহরিনাম-কীর্ত্তনপরৈঃ সার্দ্ধং স্বয়ং কীর্ত্তয়ন্।
ভক্তানাং ভবনেঽপি চ স্বভবনে ক্রীড়ন্নৃণাং বর্দ্ধয়-
ত্যানন্দং পুরবাসিনাং য উরুধা তং গৌরমধ্যেম্যহম্ ॥ ৫ ॥

মধ্যাহ্নে সহ তৈঃ স্বপার্ষদগণৈঃ সঙ্কীর্ত্তয়ন্তির্ভৃশং
সাদ্বৈতেন্দু-গদাধরঃ কিল সহ-শ্রীলাবধূতঃ প্রভুঃ।
আরামে মৃদুমারুতৈঃ শিশিরিতে ভৃঙ্গৈর্দ্বিজৈ নাদিতে
স্বং বৃন্দাবিপিনং স্মরন্ ভ্রমতি যস্তং গৌরমধ্যেম্যহম্ ॥ ৬ ॥

যঃ শ্রীমানপরাহ্নকে সহগণৈ স্তৈ স্তাদৃশৈঃ প্রেমবাং-
স্তাদৃক্ষু স্বয়মপ্যলং ত্রিজগতাং শর্ম্মাণি বিস্তারয়ন্ ।
আরামাত্তত এতি পৌরজনতা-চক্ষুশ্চকোরোড়ুপো
মাত্রা দ্বারি মুদেক্ষিতো নিজগৃহং তং গৌরমধ্যেম্যহম্ ॥ ৭ ॥
যস্ত্রিস্রোতসি সায়মাপ্তনিবহৈঃ স্নাত্বা প্রদীপালিভিঃ
পুষ্পাদ্যৈশ্চ সমর্চ্চিতঃ কলিত-সৎপট্টাম্বরঃ স্রগ্ধরঃ ।
বিষ্ণোস্তৎসময়ার্চ্চনঞ্চ কৃতবান্ দীপালিভিস্তৈঃ সমং
ভুক্ত্বান্নানি সুবীটিকামপি তথা তং গৌরমধ্যেম্যহম্ ॥ ৮ ॥
যঃ শ্রীবাসগৃহে প্রদোষ-সময়ে হ্যদ্বৈতচন্দ্রাদিভিঃ
সর্ব্বৈর্ভক্তগণৈঃ সমং হরিকথা-পীযূষমাস্বাদয়ন্ ।
প্রেমানন্দসমাকুলশ্চটুলধীঃ সঙ্কীর্ত্তনে লম্পটঃ
কর্ত্তুং কীর্ত্তনমুর্দ্ধমুত্থমপরস্তং গৌরমধ্যেম্যহম্ ॥ ৯ ॥
শ্রীবাসাঙ্গন আবৃতো নিজগণৈঃ সার্দ্ধং প্রভুভ্যাং নট-
ন্নুচ্চৈস্তাল-মৃদঙ্গ-বাদনপরৈ র্গায়স্তিরত্যুল্লসন্ ।
ভ্রাম্যন্ শ্রীলগদাধরেণ সহিতো নক্তং বিভাত্যদ্ভুতং
স্বাগারে শয়নালয়ে স্বপিতি যস্তং গৌরমধ্যেম্যহম্ ॥ ১০ ॥
শ্রীগৌরাঙ্গবিধোঃ স্বধামনি নবদ্বীপেঽষ্টকালোদ্ভবাং
ভাব্যাং ভব্যজনেন গোকুলবিধো র্লীলাস্মৃতেরাদিতঃ ।
লীলাং দ্যোতয়দেতদত্র দশকং প্রীত্যান্বিতো যঃ পঠেৎ
তং প্রীণাতি সদৈব যঃ করুণয়া তং গৌরমধ্যেম্যহম্ ॥ ১১ ॥

সিদ্ধ শ্রীকৃষ্ণদাস বাবাজী মহারাজ-কৃত
শ্রীশ্রীমন্মহাপ্রভুর অষ্টকালীয়
লীলা-স্মরণ প্রার্থনা।

পহুঁ মোর নিতাই গৌর সীতানাথ।
নিজগুণে কৃপা করি তব লীলা-মাধুরী
দেখাও রাখিয়া নিজ সাথ॥
অদোষ দরশী দুঁহু নিতাই অদ্বৈত পহুঁ
আত্মনিবেদন করি তাতে।
সব দোষের আকর গুণলেশ নাহি মোর
রাখ নরোত্তমগণ সাথে॥
এ সবার সঙ্গে রৈয়া নিশান্ত কালেতে যাইয়া
দেখিব গৌরাঙ্গ-রসালস।
বিভাব অনুভাব কত হরষ-বিষাদযুত
সভয়-বচন মৃদু-ভাষ॥
শয্যা হইতে উঠি যবে প্রভাতের কৃত্যে যাবে
শ্রীগুরু-আদেশ পাইয়া আমি।
সুবাসিত জলঝারি কর্পূরচূর্ণ আদি করি
সকলি কি যোগাইব আনি॥

জননী আদেশ পাইয়া অলস ত্যজিয়ে তবে
প্রণাম করিয়া শ্রীচরণে।
তবে সবা সঙ্গে মিলি কহিবে রজনী-কেলি
শুনিয়া হরিষ ভক্তগণে॥
জানিয়া ভাবের আবেশ, গাইবেন সবিশেষ
শুনিয়া হইবে হরষিত।
প্রাতঃকৃত্য আদি করি বসিবে চৌকির উপরি
আনিব তৈল সুবাসিত॥
উদ্বর্ত্তন-আদি পরে, যাবে সুরধুনী-তীরে
ভকত লইয়া জলকেলি।
স্নান পরে সূক্ষ্মবাস পরাইবে এই দাস
গৃহে যাবে নিজগণ মেলি॥
আসিয়া আপন ঘরে, বসিবে আসনোপরে
ভূষণ করিব সব অঙ্গে।
প্রিয় গদাধর তবে ভাগবত বিচারিবে
আস্বাদিবে ভাগবত সঙ্গে॥
ভাবের বিকার যত, প্রকট হইবে কত
সম্বরিয়ে কোন পরসঙ্গে।
অন্তঃপুরে তবে যাইয়া শচীমাতার আজ্ঞা লইয়া
জলযোগ করাইব রঙ্গে॥

ভোজনে বসিবে যবে ভকত সহিতে তবে
পূরব ভাবেতে হবে ভোর।
ব্যজন লইয়া হাতে দাণ্ডাইব এক ভিতে
দেখিব সে সুখসিন্ধু ওর॥
আচমন করাইব বদনে তাম্বুল দিব
শয়ন করিবে প্রভু যাইয়া।
রাতুল চরণ দুই চাপিব বসিয়া মুই
সেবানন্দে মগন হইয়া॥
জাগিয়া পূর্ব্বাহ্ন কালে, সকল ভকত মিলে
গোষ্ঠাবেশে ভকত-মন্দিরে।
ভাবান্তর হইয়া পুনঃ কৃষ্ণপঞ্চেন্দ্রিয় গুণ
আস্বাদিয়া হইবে বাহিরে॥
পূজিবে সূর্য্যেরে বলি' উপবনে যাবে চলি
স্ফুর্ত্তি মানি আগে কৃষ্ণ-রূপ।
হর্ষ, লজ্জা, ক্রোধ, বাম্য, বিধুমুখে হাস্য, নর্ম্ম
ভাব যত সব অপরূপ॥
চেয়ে গদাধর পানে আমি কৃষ্ণ হেন মনে
পরিহাস করি নানা রঙ্গে।
কলপ-পাদপ-তলে রতন বেদীর'পরে
বসিবে ভকতগণ সঙ্গে॥

গদাধর করে ধরি ভক্তগণ সঙ্গে করি
উত্থান-ভ্রমণ নানা রঙ্গে।
হোরি হিন্দোলাদি করি মধুপান জলকেলি
হেন লীলা দেখিব নয়নে॥
বিপিনে ভোজন করি আপনার দাস বলি
ইঙ্গিত করিবে প্রভু মোরে।
তবে দাসগণ সঙ্গে সেবন করিব রঙ্গে
সেবামৃত আনন্দ-অন্তরে॥
শয়ন উত্থান করি মাধবী মণ্ডপোপরি
গদাধর সঙ্গে পাশা খেলা।
খেলিয়া আনন্দ ভরে ভ্রমিয়া নদীয়াপুরে
অপরাহ্নে দেখিব সে লীলা॥
আসিয়া আপন ঘরে বসিবে আসনোপরে
সেবন করিব দাসগণে।
গাভীগণ-ধ্বনি শুনি আপনাকে রাধা মানি
অট্টালিকা করি আরোহণে॥
হা হা কাঁহা প্রাণনাথ বলি হবে মূর্চ্ছিত
স্তম্ভ-কম্প-রোমাঞ্চ সহিতে।
আনন্দে পুলক গা দাসগণ করে বা
জাগিয়া প্রলাপ বিপরীতে॥

তবে সম্বরণ করি গৃহান্তরে গৌরহরি
জল খাবে মায়ে সুখ দিতে।
দেব-বন্দনাদি করি মঙ্গল-স্বরূপ হরি
সঙ্কীর্ত্তন ভক্তগণ সাথে॥
সঙ্কীর্ত্তন সম্বরিয়া প্রদোষ সময়ে যাঞা
সভাতে বসিবে ভক্ত লৈয়া।
যত জন আসে যায় প্রেমে হাসে নাচে গায়
কৃষ্ণরূপ-গুণে মত্ত হইয়া॥
সবারে বিদায় দিয়া ভোজনে বসিবে গিয়া
আচমন করি শয্যা'পরে।
বিশ্রাম করিবে যবে পাদ সম্বাহিব তবে
পুনঃ প্রভু উঠিবে সত্বরে॥
মন-অনুরূপ ভক্ত লৈয়া কৃষ্ণরূপামৃত
আস্বাদিয়া অনুরাগ-ভরে।
ভাবাবেশে অভিসারে যাবে শ্রীবাসের ঘরে
বসিবেন হরিষ-অন্তরে॥
নিজভাবে মগ্ন হইয়া পারিষদগণ লইয়া
করিবেন বিপিন-বিহার।
গঙ্গার পুলিনে গিয়া মৃদঙ্গ মন্দিরা লয়্যা
করে সবে রাসের বিহার॥

প্রেমে উনমত্ত হইয়া শ্রীবাস-অঙ্গনে যাইয়া
করে সবে উচ্চ-সঙ্কীর্ত্তন।
কেহ হাসে, কেহ গায়, কেহ নাচি গড়ি যায়,
কেহ উঠি করয়ে ক্রন্দন॥
নৃত্য, গীত, তাল, মান, সব অতি অনুপাম
বিহার করিবে নিজ সুখে।
বিশ্রাম করিবে যবে সে দিন কি মোর হবে
আম্র আনি ধরিব সম্মুখে॥
দেখি আনন্দিত হইয়া ভক্তগণে বাঁটি দিয়া
কৌতুকেতে করিবে ভোজন।
ধরি গদাধর-করে তবে সুরধুনী-তীরে
হাসি হাসি করিবে গমন॥
ভক্তসহ জলকেলি, বন্যভোজন আদি করি
শয়ন করিবে নিজ ঘরে।
চরণ-সেবন-আশ করে দীন কৃষ্ণদাস
কৃপা করি প্রভু দেহ মোরে॥ ৩

এই কৃপা কর মোরে অদ্বৈত নিতাই।
তোমা সহ গৌরাঙ্গের সেবা যেন পাই॥
ভক্ত সহ তোমার এ লীলা-সূত্র যত।
নরোত্তমগণে রহি দেখি অবিরত॥

দাসগণ সহ তোমা সময় উচিতে।
সেবা করি সুখ দিব এই মোর চিতে ॥
এই লীলা-সূত্রগণ শতধারা-রূপে।
এই কৃপা কর যেন দেখি নবদ্বীপে ॥
যদি মুঞি অপরাধী পতিত-প্রধান।
তবু আশা হয় প্রভু শুনি তুয়া নাম ॥
দন্তে তৃণ ধরি কহে দীন কৃষ্ণদাস।
পূর্ণ কর প্রভু মোর এই অভিলাষ ॥

শ্রীরূপগোস্বামিকৃতং শ্রীশ্রীরাধাকৃষ্ণাষ্টকালীয়লীলা—

স্মরণমঙ্গল-স্তোত্রম্।

শ্রীরাধাপ্রাণবন্ধোশ্চরণকমলয়োঃ কেশ-শেষাদ্যগম্যা
যা সাধ্যা প্রেমসেবা ব্রজচরিতপরৈর্গাঢ়লৌল্যৈকলভ্যা।
সা স্যাৎ প্রাপ্তা যয়া তাং প্রথয়িতুমধুনা মানসীমস্য সেবাং
ভাব্যাং রাগাধ্বপান্থৈ র্ব্রজমনুচরিতং নৈত্যিকং তস্য নৌমি ॥
কুঞ্জাদ্‌গোষ্ঠং নিশান্তে প্রবিশতি কুরুতে দোহনান্নাশনাদ্যাং
প্রাতঃ সায়ঞ্চ লীলাং বিহরতি সখিভিঃ সঙ্গবে চারয়ন্ গাঃ।

মধ্যাহ্নে চাথ নক্তং বিলসতি বিপিনে রাধয়াদ্ধাপরাহ্নে
গোষ্ঠং যাতি প্রদোষে রময়তি সুহৃদো যঃ স কৃষ্ণোঽবতান্নঃ॥
রাত্র্যন্তে ত্রস্তবৃন্দেরিত-বহুবি-রবৈর্বোধিতৌ কীরশারী-
পদ্যৈর্হৃদ্যৈরপি সুখশয়নাদুত্থিতৌ তৌ সখীভিঃ।
দৃষ্টৌ হৃষ্টৌ তদাত্বোদিত-রতিললিতৌ কক্খটীগীঃ-সশঙ্কৌ
রাধাকৃষ্ণৌ সতৃষ্ণাবপি নিজনিজধাম্ন্যাপ্ততল্পৌ স্মরামি॥
রাধাং স্নাতবিভূষিতাং ব্রজপয়াহূতাং সখীভিঃ প্রগে
তদ্গেহে বিহিতান্নপাকরচনাং কৃষ্ণাবশেষাশনাম্।
কৃষ্ণং বুদ্ধমবাপ্তধেনুসদনং নির্ব্যূঢ়-গোদোহনং
সুস্নাতং কৃতভোজনং সহচরৈস্তঞ্চাথ তাঞ্চাশ্রয়ে॥
পূর্ব্বাহ্নে ধেনুমিত্রৈ র্বিপিনমনুসৃতং গোষ্ঠলোকানুযাতং
কৃষ্ণং রাধাপ্তিলোলং তদভিসৃতিকৃতে প্রাপ্ততৎকুণ্ডতীরম্।
রাধাঞ্চালোক্য কৃষ্ণং কৃতগৃহগমনামার্য্যয়ার্কার্চ্চনায়ৈ
দিষ্টাং কৃষ্ণপ্রবৃত্ত্যৈ প্রহিতনিজসখীবর্ত্ম নেত্রাং স্মরামি॥
মধ্যাহ্নেঽন্যোন্যসঙ্গোদিত-বিবিধবিকারাদি-ভূষাপ্রমুগ্ধৌ
বাম্যোৎকণ্ঠাতিলোলৌ স্মরমখ-ললিতাদ্যালি-নর্ম্মাপ্তশাতৌ।
দোলারণ্যাম্বু-বংশীহৃতি-রতি-মধুপানার্কপূজাদিলীলৌ
রাধাকৃষ্ণৌ সতৃষ্ণৌ পরিজনঘটয়া সেব্যমানৌ স্মরামি॥
শ্রীরাধাং প্রাপ্তগেহাং নিজরমণকৃতে কৢপ্ত-নানোপহারাং
সুস্নাতাং রম্যবেশাং প্রিয়মুখকমলালোক-পূর্ণপ্রমোদাম্।

কৃষ্ণঞ্চৈবাপরাহ্ণে ব্রজমনুচলিতং ধেনুবৃন্দৈর্বয়স্যৈঃ
শ্রীরাধালোকতৃপ্তং পিতৃমুখমিলিতং মাতৃমৃষ্টং স্মরামি ॥
সায়ং রাধাং স্বসখ্যা নিজরমণকৃতে প্রেষিতানেকভোজ্যাং
সখ্যানীতেশ-শেষাশন-মুদিতহৃদাং তাঞ্চ তঞ্চ ব্রজেন্দুম্।
সুস্নাতং রম্যবেশং গৃহমনু জননী লালিতং প্রাপ্তগোষ্ঠং
নির্ব্যূঢ়োঽস্রালিদোহং স্বগৃহমনু পুনর্ভুক্তবন্তং স্মরামি ॥
রাধাং সালীগণাং তামসিত-সিত-নিশাযোগ্যবেশাং প্রদোষে
দূত্যা বৃন্দোপদেশাদভিস্মৃত-যমুনাতীর-কল্পাগকুঞ্জাম্।
কৃষ্ণং গোপৈঃ সভায়াং বিহিতগুণিকলালোকনং স্নিগ্ধমাত্রা
যত্নাদানীয় সংশায়িতমথ নিভৃতং প্রাপ্তকুঞ্জং স্মরামি ॥
তাবুৎকৌ লব্ধসঙ্গৌ বহুপরিচরণৈর্বৃন্দয়ারাধ্যমানৌ
গানৈর্নর্ম্ম-প্রহেলী-সুলপন-নটনৈঃ রাসলাস্যাদিরঙ্গৈঃ।
প্রেষ্ঠালীভির্লসন্তৌ রতিগত-মনসৌ মৃষ্ট-মাধ্বীকপানৌ
ক্রীড়াচার্য্যৌ নিকুঞ্জে বিবিধ-রতিরণৌদ্ধত্য-বিস্তারিতাস্তৌ ॥
তাম্বূলৈর্গন্ধমাল্যৈর্ব্যজন-হিমপয়ঃ-পাদসংবাহনাদ্যৈঃ
প্রেম্না সংসেব্যমানৌ প্রণয়িসহচরীসঞ্চয়েনাপ্তশান্তৌ।
বাচা কান্তৈরণাভি র্নিভৃতরতিরসৈঃ কুঞ্জসুপ্তালিসঙ্ঘৌ
রাধাকৃষ্ণৌ নিশায়াং সুকুসুমশয়নে প্রাপ্তনিদ্রৌ স্মরামি ॥

ইতি শ্রীরূপগোস্বামিকৃতং শ্রীশ্রীরাধাকৃষ্ণাষ্টকালীয়লীলা-
স্মরণমঙ্গল-স্তোত্রম্।

শ্রীরূপগোস্বামিকৃত শ্রীশ্রীরাধাকৃষ্ণের অষ্টকালীয় লীলা-স্মরণমঙ্গলের

পদ্যানুবাদ।

(শ্রীযদুনন্দন দাস ঠাকুর কৃত)

শ্রীরাধিকা-প্রাণবন্ধু পাদপদ্ম-নখ-ইন্দু,
ব্রহ্মাশিব-শেষ-অগোচর।
প্রেমসেবা সাধ্য যেই গাঢ়লোভে মিলে সেই,
ব্রজবাসি-চরিত-তৎপর ॥
রাগপথে পথি হৈয়া ব্রজভাবে প্রবেশিয়া
লভ্য যেই নৈত্যিক সেবন।
মানসের সেবা যেই, বিস্তার করিয়ে এই,
প্রণমিয়া তাঁহার চরণ ॥ ১ ॥
নিশা অন্তে কুঞ্জ হৈতে, পরবেশ গোষ্ঠে নিতে
গোদোহন-ভোজনাদি লীলা।
প্রাতঃকালে সায়ংকালে, খেলা সব সখা মিলে,
গোচারণ সঙ্গবের বেলা ॥
মধ্যাহ্নে নিশায় যার, রাধাসঙ্গে সুবিহার,
বৃন্দাবনে হয় মহানন্দে।
অপরাহ্নে গোষ্ঠে যান, প্রদোষে সুহৃৎ-স্থান,
রাখু সেই কৃষ্ণরসকন্দে ॥ ২ ॥

রাত্রিশেষে শুকশারী-আদি পক্ষিগণ,
বৃন্দার নিদেশে শব্দ করে বিলক্ষণ।
রাধাকৃষ্ণ জাগিলেন সে ধ্বনি শুনিয়া
রসের আলসে তবু রহিলা শুইয়া।
নানা পদ্যে হৃদ্য আর অহৃদ্য বচনে
তবে শুক শারী জাগাইল দুইজনে।
শয্যায় বসিল উঠি কিশোর কিশোরী
আনন্দে মগন দোঁহে দোঁহা-মুখ হেরি।
এই কালে সখীগণ করিলা প্রবেশ
দরশনে বাঢ়ি গেল আনন্দবিশেষ।
নানা পরিহাস কথা নানা সুচাতুরী
নিমগন হৈলা হেরি সে রস-মাধুরী।
কক্‌খটী কহিল তবে "জটিলা আইলা"
তার বাক্যে রাধাকৃষ্ণ সখী চমকিলা।
তবে দোঁহে গেলা নিজ নিজ গৃহমাঝে,
তৃষিত অন্তরে দোঁহে শুইলেন শেষে ॥ ৩ ॥

রাধা স্নাত-বিভূষণা নানাচিত্র বিলেপনা
ব্রজেশ্বার আজ্ঞার কারণ।
সখীগণে সঙ্গে নিয়া তাঁহার ভবনে গিয়া
প্রাতে তথা করেন রন্ধন ॥

কৃষ্ণচন্দ্র জাগি তথা, গিয়া ধেনুশালা যথা,
করি তাহাঁ গোদোহন কাজ।
তবে সখাসনে মেলা করিয়া কৌতুক খেলা,
ঘরে আসি স্নান বেদী মাঝ॥
তাহাঁ করি স্নান কাম, তবে সঙ্গে সখা, রাম,
ভোজন করেন রসময়।
শয়ন হইলে তবে, দাসগণ পদ সেবে,
বিবিধ কৌতুক তাতে হয়॥
রাই নিজ সখীসনে কৃষ্ণের শেষান্নাশনে,
বহুরঙ্গে করেন ভোজন।
এইরূপ লীলান্বিত, বৃন্দাবনে বিরাজিত,
রাধাশ্যাম আমার শরণ॥ ৪॥

সখাসনে ধেনু নিয়া কাননে গমন
সব গোষ্ঠবাসিগণ করেন দর্শন।
রাই-সঙ্গ লাগি কৃষ্ণ চঞ্চল অন্তরে
গোচারণ ছাড়ি যান রাধাকুণ্ডতীরে।
তাঁর বন-গমন হেরিয়া ভগ্নমন
শ্রীরাধা করেন নিজ নিলয়ে গমন।
সূর্য্য পূজিবারে জটিলার আজ্ঞা পাঞা
বন্ধুর সন্ধানে নিজ সখী পাঠাইয়া।

আকুল নয়নে পথ-পানে নিরীক্ষণ
পূর্ব্বাহ্নের লীলাকারী দোঁহে স্মর মন ॥ ৫ ॥

রাধাকৃষ্ণ তনু মন, উৎকণ্ঠাতে নিমগন,
তাহে ভেল মিলন দোঁহার।
পরস্পর দরশনে, বিবিধ বিকারগণে,
অঙ্গে যেন ভেল অলঙ্কার ॥
বাম্য, হর্ষ, চপলতা, নানা নর্ম্ম, সুখকথা,
অঙ্গভঙ্গী, ভ্রূনেত্র-চালন।
বংশী-হৃতি, ফাগু-খেলা তারপর দোললীলা
তবে মধু-পান লীলাগণ ॥
তবে হয় রতিলীলা, তার পাছে জলখেলা,
অঙ্গ-বেশ, ভোজন, শয়ন।
শুক-পাঠ, পাশাখেলা সূর্য্যপূজা আদিলীলা
আনন্দ-সাগরে নিমগন ॥
রাধাকৃষ্ণ সখীসঙ্গে, তৃপ্ত হন রসরঙ্গে
সেবা করে সব পরিজন।
হৃৎকর্ণ-রসায়ন, এই সূত্র-লীলাগণ
মধ্যাহ্নের মানসী স্মরণ ॥ ৬ ॥

তবে রাই গিয়া ঘরে নিজ রমণের তরে,
নানা উপহার বিরচিয়া।

ভাল করি স্নান কৈলা, রম্যবেশ বানাইলা
সুখী হৈলা কান্তে নিরখিয়া।
অপরাহ্ন কাল হেরি, শ্রীকৃষ্ণও ব্রজপুরী,
চলিল সখা ও ধেনু নিয়া!
শ্রীরাধার মুখ দেখি, আনন্দে ভরিল আঁখি,
অতি তৃপ্ত হইলেক হিয়া॥
পিতা আদি গুরুজন, সবা সহ সুমিলন,
বহু লালিলেন মাতাগণ!
এই অপরাহ্ন লীলা সূত্র করি প্রকাশিলা
সদা এই আমার স্মরণ॥ ৭॥
সায়ংকালে হৈয়া সুখী শ্রীরাধিকা সুধামুখী
আপনার সখীগণ দিয়া।
পরম প্রেমের ভরে, নিজ রমণের তরে,
বহু ভোজ্য দিল পাঠাইয়া॥
কৃষ্ণের ভোজন হ'লে প্রসাদাবশেষ তুলে
তাঁহারা আনিলা রাই-স্থানে।
আহার করিয়া তাই, প্রমোদে পূর্ণিতা রাই,
হইলেন সখীগণ সনে॥
শ্রীগোবিন্দ স্নান করি, অঙ্গে রম্যবেশ ধরি,
লালিত হইয়া মাতৃকরে।

পক্কান্নাদি ও রসালা আনন্দে ভোজন কৈলা,
চলিলেন গোদোহন তরে ॥
করি গোদোহন লীলা, নানা সুকৌতুক খেলা
পুনঃ আসি আপন ভবন।
করি সবে সুখদান, অন্ন-ব্যঞ্জনাদি খান
এই লীলা আমার স্মরণ ॥ ৮ ॥
প্রদোষের আগমনে, সখী সবে হর্ষমনে
অভিসারতরে শ্রীরাধায়।
শুক্লা কৃষ্ণা যামিনীর, যোগ্য বেশ করি স্থির,
সযতনে সেরূপে সাজায় ॥
বৃন্দাদত্ত উপদেশে কৃষ্ণ-বিমোহিনী বেশে,
সখীসহ যমুনার তীরে।
কল্পবৃক্ষ কুঞ্জগণ, যাহা অতি সুশোভন,
তথা যান হরষের ভরে ॥
গোবিন্দ প্রদোষ কালে, গোপগণ সহ মিলে,
গুণি-কলা-কৌতুক দেখিয়া।
সবে করি সুখদান, সভা হৈতে ঘরে যান,
গুণিগণে পুরস্কার দিয়া ॥
মাতা অতি যত্ন করি, ঘরে আনাইয়া হরি
মনোসুখে করান শয়ন।

ক্ষণেক শুতিয়া কৃষ্ণ, অন্তরে হইয়া তৃষ্ণ
সুখে কুঞ্জে করেন গমন ॥
রাধাকৃষ্ণে দরশন, আনন্দে ভরয়ে মন,
নানাভাবে দুঁহু অঙ্গ ভরে।
সখীসঙ্গে পরিহাস, রসময় সুবিলাস,
স্মরি আমি আপন অন্তরে ॥ ৯ ॥

আকুলিত-মনা দুঁহু লব্ধসঙ্গ হৈলা,
বৃন্দাদেবী আরাধিয়া বাহিরে আসিলা ॥
গান, নর্ম্ম, প্রহেলিকা, নৃত্যগীতরঙ্গে।
বন-বিহরণ কৈলা সখীগণ সঙ্গে ॥
নানাবিধ, ক্রীড়া, রাস, জলকেলি আদি।
আচরি অনঙ্গরসে হইলা উন্মাদী ॥
মধুপান, নিকুঞ্জে উদ্দাম-রতি-রণ।
আচরিলা রাই কানু হইয়া মগন ॥
গন্ধমাল্য, তাম্বুল ও সুশীতল বারি।
দিয়া, সেবে সখীগণ ব্যজনাদি করি ॥
শ্রীচরণ-সম্বাহনে মহাসুখ দিয়া।
অলসিত হেরি গেলা বাহিরে চলিয়া ॥
কান্ত-রতি-কেলি অন্তে নিদ্রিত দুজনে।
স্মরি!—সুপ্তা, বচনে রণিতা সখী সনে ॥ ১০-১১ ॥

ইতি শ্রীরূপগোস্বামিচরণ-কৃত শ্রীশ্রীরাধাকৃষ্ণের অষ্টকালীয় লীলা স্মরণমঙ্গলের শ্রীযদুনন্দন দাস ঠাকুর কৃত পদ্যানুবাদ সমাপ্ত।

চারিসম্প্রদায়।

সম্প্রদায়-বিহীনা যে মন্ত্রাস্তে নিস্ফলা মতাঃ।
সাধনৌঘৈ র্ন সিধ্যন্তি কোটিকল্পশতৈরপি ॥
অতঃ কলৌ ভবিষ্যন্তি চত্বারঃ সম্প্রদায়িনঃ।
শ্রী-ব্রহ্ম-রুদ্র-সনকা বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ ॥

(শ্রীপদ্মপুরাণ)

রামানুজং শ্রীঃ স্বীচক্রে মধ্বাচার্য্যং চতুর্ম্মুখঃ।
শ্রীবিষ্ণুস্বামিনং রুদ্রো নিম্বাদিত্যং চতুঃসনঃ ॥

(প্রমেয়রত্নাবলী)

শ্রীমাধ্বাচার্য্য সম্প্রদায়ের গুরু-প্রণালী

শ্রীকৃষ্ণ (নারায়ণ)—ব্রহ্মা—নারদ—ব্যাসদেব—মধ্ব্যাচার্য্য—পদ্মনাভ—নরহরি—মাধব—অক্ষোভ—জয়তীর্থ—জ্ঞানসিন্ধু—দয়ানিধি—বিদ্যানিধি—রাজেন্দ্র—জয়ধর্ম্ম—পুরুষোত্তম—ব্রহ্মণ্য—ব্যাসতীর্থ—লক্ষ্মীপতি—মাধবেন্দ্রপুরী—ঈশ্বরপুরী—

শ্রীকৃষ্ণচৈতন্য।

শ্রীমাধ্বাচার্য্য সম্প্রদায়ের ধামছত্র।

ধর্ম্মশালা—অবন্তিকাপুরী।

ধাম—বদরিকাশ্রম।

সুখবিলাস—নৈমিষারণ্য।

ক্ষেত্র—অঙ্গপাত।

পরিক্রমা—লৌহগড়।

দেবী—মঙ্গলা।

তীর্থ—অলকানন্দা।

ইষ্ট—সাবিত্রী।

উপাস্য—ব্রহ্ম।

গায়ত্রী—বিষ্ণু।

মন্ত্র—বিষ্ণুহংস।

দ্বার—মুখ।

আচার্য্য—ত্রিকাল।

শাখা - অদ্বৈত।

গোত্র—অচ্যুতানন্দ।

বর্ণ—শুক্ল।

আহার—হরিনাম।

ঋষি—পরমহংস।

ভিক্ষা—নিষ্কাম।

দেবতা—নারায়ণ।

পার্ষদ—নন্দ।

বেদ—অথর্ব্ব।

সম্প্রদায়—ব্রহ্ম।

মুক্তি—সালোক্য।

কৃষ্ণগাদী—উরূপী।

আখড়া—বলভদ্রী।

শ্রীশ্রীরাধারমণো জয়তি।

(ভজ) নিতাই গৌর রাধে শ্যাম।

(জপ) হরে কৃষ্ণ হরে রাম॥

ভক্তিকল্পবল্লরী বীজ।

"ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান জীব।
গুরু কৃষ্ণ প্রসাদে পায় ভক্তিলতা বীজ॥
মালী হঞা সেই বীজ করে আরোপণ।
শ্রবণ কীর্ত্তন জলে করয়ে সেচন॥
উপজিয়া বাড়ে লতা ব্রহ্মাণ্ড ভেদি যায়।
বিরজা ব্রহ্মলোক ভেদি পরব্যোম পায়॥
তবে যায় তদুপরি গোলোক বৃন্দাবন।
কৃষ্ণ চরণ কল্প বৃক্ষে করে আরোহণ॥
তাঁহা বিস্তারিত হঞা ফলে প্রেমফল।
ইহাঁ মালী সেঁচে শ্রবণ কীর্ত্তনাদি জল॥
যদি বৈষ্ণব-অপরাধ উঠে হাতীমাতা।
উপাড়ে বা ছিণ্ডে তার শুকি যায় পাতা॥
তারে মালী যত্ন করি করে আবরণ।
অপরাধ হস্তী যৈছে না হয় উদ্গম॥

কিন্তু যদি লতা সঙ্গে উঠে উপশাখা।
ভুক্তি মুক্তি বাঞ্ছা অসংখ্য তার লেখা॥
নিষিদ্ধাচার কুটিনাটি জীব হিংসন।
লাভ পূজা প্রতিষ্ঠাদি উপশাখাগণ॥
সেক জল পাঞা উপশাখা বাড়ি যায়।
স্তব্ধ হ'য়ে মূল শাখা বাড়িতে না পায়॥
প্রথমে উপশাখা করয়ে ছেদন।
তবে মুল শাখা বাড়ি যায় বৃন্দাবন॥
প্রেম ফল পাকি পড়ে মালী আস্বাদয়ে।
লতা অবলম্বি মালী কল্প বৃক্ষ পায়ে॥
তাঁহা সেই কল্পবৃক্ষের করয়ে সেবন।
সুখে প্রেমফল রস করে আস্বাদন॥
এইত পরম ফল পরম পুরুষার্থ।
যার আগে তৃণ তুল্য চারি পুরুষার্থ॥
শুদ্ধাভক্তি হৈতে হয় প্রেমের উৎপন্ন।
অতএব শুদ্ধাভক্তির কহিয়ে লক্ষণ॥
অন্য বাঞ্ছা অন্য পূজা ছাড়ি জ্ঞানকর্ম্ম।
আনুকুল্যে সর্ব্বেন্দ্রিয় কৃষ্ণানুশীলন॥
এই শুদ্ধাভক্তি ইহা হৈতে প্রেম হয়।
পঞ্চ রাত্রে ভাগবতে এই লক্ষণ কয়॥
ভুক্তি মুক্তি আদি বাঞ্ছা যদি মনে হয়।
সাধন করিলে প্রেম উৎপন্ন না হয়॥"

ভক্তি-কল্পবল্লরীর শত্রুগণ।

১। যানে বা পাদুকাসহ শ্রীমন্দিরে গমন।
২। দোল জন্মোৎসবাদি না করণ বা না দর্শন।
৩। শ্রীভগবদগ্রে প্রণাম না করণ।
৪। উচ্ছিষ্ট বা অশৌচাদিতে দর্শনাদি।
৫। এক হস্ত দ্বারা প্রণাম।
৬। শ্রীভগবদগ্রে প্রদক্ষিণ।
৭। শ্রীভগবৎ সম্মুখে পাদ প্রসারণ।
৮। শ্রীভগবদগ্রে পর্য্যঙ্ক বন্ধন।
৯। শ্রীভগবদগ্রে শয়ন।
১০। শ্রীভগবদগ্রে ভোজন।
১১। মিথ্যা ভাষণ।
১২। শ্রীভগবৎ সম্মুখে উচ্চ কথন।
১৩। গ্রাম্যকথা আলাপন।
১৪। মায়ারোদন।
১৫। পরস্পর কলহ করণ।
১৬। শ্রীভগবদগ্রে কাহাকেও পীড়ন।
১৭। শ্রীভগবদগ্রে কাহাকেও অনুগ্রহ করণ।
১৮। অন্যের প্রতি কটূক্তি প্রয়োগ।

১৯। কম্বল গাত্রে সেবার কার্য্য।

২০। পরনিন্দা।

২১। পরস্তুতি।

২২। অশ্লীল কথন।

২৩। শ্রীভগবদগ্রে অধোবায়ু ত্যাগ।

২৪। শক্তি থাকিতেও সামান্য উপচারে অর্চ্চনা।

২৫। অনিবেদিত ভক্ষণ।

২৬। দ্রব্যের অবশিষ্টাংশ নিবেদন।

২৭। শ্রীভগবৎ সম্মুখে অন্যকে প্রণাম।

২৮। ইষ্টদেবকে পিছনে রাখিয়া উপবেশন।

২৯। কালোচিত ফলাদি শ্রীভগবানকে না দেওন।

৩০। শ্রীগুরুদেবের অগ্রে স্তব না করা।

৩১। শ্রীগুরুদেবের অগ্রে শাস্ত্রব্যাখ্যা।

৩২। আত্মশ্লাঘা।

৩৩। অন্য দেবতা নিন্দা।

৩৪। রাজান্ন ভক্ষণ।

৩৫। অন্ধকার গৃহে শ্রীবিগ্রহ স্পর্শ।

৩৬। যথাবিধি শ্রীবিগ্রহ স্পর্শ না করণ।

৩৭। বিনাবাদ্যে শ্রীমন্দির দ্বারমোচন।

৩৮। মৎস্য মাংসাদি নিবেদন।

৩৯। পূজাকালে বাক্যালাপ।

৪০। পূজার সময় মলত্যাগ হেতু গমন।

৪১। গন্ধমাল্য না দিয়া ধূপ দেওন।

৪২। অযোগ্য বা প্রার্থিত পুষ্পে পূজা।

৪৩। শ্রীভগবৎ শাস্ত্র অমর্য্যাদা ও অন্য শাস্ত্র অবলম্বন বা প্রচার করণ।

৪৪। শ্রীভগবদগ্রে তাম্বুল চর্ব্বণ।

৪৫। এরণ্ড পত্রস্থিত পুষ্পে পূজা।

৪৬। আসুরিককালীন অর্চ্চনা।

৪৭। পূজাকরণ হেতু অহঙ্কার।

৪৮। হস্ত, পদ, মুখ না ধুইয়া শ্রীমন্দিরে প্রবেশ।

৪৯। অবৈষ্ণব-পক্ক অন্ন নিবেদন।

৫০। শ্রীগণেশের পূজা না করিয়া শ্রীবিষ্ণু অর্চ্চন।

৫১। নির্ম্মাল্য প্রসাদাদির অমর্য্যাদা।

৫২। শ্রীভগবানের নামে শপথ।

৫৩। দন্তমার্জ্জনাদি না করিয়া, স্ত্রীসম্ভোগ, ঋতুমতী নারী, প্রদীপ, মৃতদেহ স্পর্শ করিয়া, রক্তবর্ণ বা নীলবর্ণ বস্ত্র, অধৌত বস্ত্র, অন্যের বস্ত্র, মলিন বস্ত্র পরিয়া শব দর্শন করিয়া, ক্রোধ করিয়া, শ্মশান ক্রিয়া অবস্থায়, ভুক্ত দ্রব্যের

অজীর্ণাবস্থায়, তিল, খলি, মাংস ও মাদক দ্রব্যাদি সেবন করিয়া, তৈল মর্দ্দন করিয়া শ্রীবিগ্রহ স্পর্শ বা সেবাদি করণ।

৫৪। শ্রীবিগ্রহ স্নানকালে বাম হস্তে শ্রীঅঙ্গ স্পর্শ।

৫৫। নামাপরাধ ঃ—

বিষ্ণু আর শিবে করে পৃথক ঈশ্বর জ্ঞান।
গুরুদেবে মানে যথা মনুষ্য সমান॥
বেদ পুরাণাদি শাস্ত্র আগম নিন্দন।
নামে অর্থবাদ আর কুব্যাখ্যা করণ॥
নাম বলে পাপকর্ম্মে কয়য়ে প্রবৃত্তি।
নাম ন্যূন জ্ঞানে অন্য শুভকর্ম্মে মতি॥
অশ্রদ্ধালু জনে করে নাম উপদেশ।
নামের মাহাত্ম্য শুনি না করে বিশ্বাস॥
বৈষ্ণবের নিন্দা আদি কিঞ্চিৎ করণ।
নামে দশ অপরাধ এই বিবরণ॥

ভক্তিকল্পবল্লরী সংরক্ষণোপায়।

১। শ্রীগুরুপদাশ্রয়।

২। তৎসমীপে দীক্ষা শিক্ষা গ্রহণ।

৩। ভগবদ্বুদ্ধিতে তাঁহার সেবা।

৪। সৎমার্গে গমন।

৫। শ্রীভাগবদ্ধর্ম্ম জিজ্ঞাসা।

৬। শ্রীকৃষ্ণপ্রীতে ভোগ ত্যাগ।

৭। শ্রীকৃষ্ণতীর্থে বাস।

৮। মাত্র দেহরক্ষার উপযোগী আহার।

৯। অন্য অভিলাষ শূন্য।

১০। একাদশী ব্রতাদি পালন।

১১। ধাত্রী, অশ্বত্থ, গো, বিপ্র, বৈষ্ণব মর্য্যাদা।

১২। অবৈষ্ণব সঙ্গ ত্যাগ।

১৩। বহু শিষ্য ত্যাগ (প্রতিবন্ধক স্বরূপ বোধ হইলে)।

১৪। বহুশাস্ত্রাভ্যাস বা ব্যাখ্যা বর্জ্জন।

১৫। ব্যবহারিক লাভ লোকসানে সমভাব।

১৬। অন্য দেব, অন্য শাস্ত্র নিন্দা না করা।

১৭। শোক, মোহ, ক্রোধাদির বশীভূত না হওয়া।

১৮। প্রাণীমাত্রে উদ্বেগ না দেওয়া।

১৯। শ্রবণ (শ্রীগ্রন্থ পাঠাদি)।

২০। কীর্ত্তন।

২১। পূজা।

২২। স্মরণ (লীলাদি)।

২৩। বন্দন।

২৪। পরিচর্য্যা।

২৫। সখ্যতা স্থাপন (স্বীয় ইষ্টে)।

২৬। দাসত্ব অবলম্বন (স্বীয় ইষ্টের)।

২৭। শ্রীভগবৎ সমীপে আত্ম নিবেদন।

২৮। তদগ্রে নৃত্য।

২৯। তদগ্রে গীত (লীলাদি)।

৩০। তদগ্রে সাষ্টাঙ্গ প্রণাম।

৩১। শ্রীমুর্ত্তি দর্শনে উত্থিত হওয়া।

৩২। শ্রীবিগ্রহের অনুগমনাদি করা।

৩৩। শ্রীমন্দিরে গমন।

৩৪। পরিক্রমা।

৩৫। স্তব পাঠ।

৩৬। জপ।

৩৭। সংকীর্ত্তন।

৩৮। ধূপ, মাল্য, গন্ধাদি প্রদান।

৩৯। শ্রীমূর্ত্তি সেবন।

৪০। আরতি করণ বা দর্শন।

৪১। কালোচিত মহোৎসবাদি সাধ্যমত করা॥

৪২। শ্রীবিগ্রহ দর্শন।

৪৩। প্রিয় বস্তু নিবেদন।

৪৪। ধ্যান।

৪৫। শ্রীতুলসী সেবন।

৪৬। শ্রীবৈষ্ণব সেবন ও অথিতি সৎকার।

৪৭। স্বজাতীয় সঙ্গ করা।

৪৮। শ্রীমথুরামণ্ডলে বা শ্রীগৌড়মণ্ডলে বাস॥

৪৯। শ্রীমদ্ভাগবতপাঠ বা শ্রবণ।

৫০। স্বীয় ইষ্টার্থে অখিল চেষ্টা।

৫১। স্বীয় ইষ্টের একান্ত শরণাপন্ন হওয়া।

৫২। স্বীয় ইষ্টদেবের বা ভক্তের নিন্দা না শ্রবণ করা॥

৫৩। শ্রীগ্রন্থের সেবন।

৫৪। শ্রীভগবচ্চরণামৃত সেবন।

৫৫। শ্রীবৈষ্ণব-পদরজ, অধরামৃত সেবন।

৫৬। তিলক, মালাদি ধারণ।

৫৭। শ্রীহরিনামাক্ষর অঙ্গে ধারণ।

৫৮। কার্ত্তিকেয় ব্রতাদি পালন।

৫৯। রসিক ভক্তসহ শ্রীভাগবতার্থ আস্বাদন।

৬০। ধূপ দীপাদির সৌরভ গ্রহণ।

৬১। স্বীয় ইষ্টদেবের কৃপা অবলোকন করিয়া থাকা।

৬২। অলজ্জিতভাবে ভজন প্রণালী যাজন।

৬৩। শ্রীভগবন্নির্ম্মাল্যাদি ধারণ।

৬৪। শ্রীমহাপ্রসাদ সেবন।

নিন্দাশূন্য নম্রভাব সবার স্তবন।
অভ্যাগত আহূত ব্যক্তির চরণ বন্দন॥
সর্ব্বদাই নিজদোষ রাখিবে স্মরণ।
অন্যের দোষ দেখি, না কর নিন্দন॥
মায়া গাঢ় অন্ধকার (লীলা) না দেয় দেখিতে।
নাম নামী সূর্য্য হৃদে জাগাও অগ্রেতে॥
শ্রীমূর্ত্তিতে নিত্যলীলা করি অনুভব।
আবাহন, নিবেদন, নাম, মন্ত্র, স্তব॥
স্পর্শদোষে কৃষ্ণপ্রসাদ নষ্ট নাহি হয়।
নষ্টদোষ ঘটাইলে নিজে নষ্ট হয়॥

ভক্ত ভুক্ত অবশেষ, ভক্তপদ জল।
নিতাই কৃপা পাইবার সাধন সম্বল॥
নিত্যানন্দ ধন অগ্রে সঞ্চয় হইলে।
শ্রীগৌরাঙ্গ পতি তার অনায়াসে মিলে॥
হৃদয়ে গৌরাঙ্গ পতি দিলে আলিঙ্গন।
বৃন্দাবনে কুঞ্জে বাস রাধারমণ প্রাণ॥

শ্রীশ্রীনামসংকীর্ত্তন যজ্ঞের

শুভ অধিবাসের ফর্দ্দ।

গঙ্গাজল ও মৃত্তিকা, চন্দন, তুলসী, পুষ্প, মালা অন্ততঃ (৪০।৫০টী) দূর্ব্বা, ধান্য ৴।০ পোয়া. আতপতণ্ডুল ১ তোলা, পাঁচটী শীষযুক্ত ডাব, পাঁচটী আম্র-পল্লব, পাঁচটী ঘট, কলাগাছ ৪টী, পঞ্চগুঁড়ি, ৬টী অখণ্ড-বৃন্তযুক্ত পান, ৬টী অখণ্ড সুপারী, ৬টী ধাতু খণ্ড (অভাবে মুদ্রা), ৬টী গৌপ্যাঙ্গুরী, ৬টী পৈতা, পঞ্চামৃত, কর্পূর, ধূপ, ধুনা, গুগ্ গুল, বরণডালা. (স্বস্তিক. দর্পণ. শিলাখণ্ড. চন্দন, গঙ্গামৃত্তিকা, ধান্য দূর্ব্বা, পুষ্প একছড়া অখণ্ড কদলী. দধি, ঘৃত, মধু, শঙ্খ, কজ্জল, হরিদ্রা, গোরোচনা, আতপতণ্ডুল, পঞ্চরত্ন [মণি, মুক্তা, প্রবাল, রৌপ্য, ও স্বর্ণ ; এগুলির অভাবে অন্য কোনও মুদ্রা], আলতা, সিঁন্দুরসহ কৌটা হরিদ্রাসূত্র, লৌহ, চামর দীপ, [সগব্যঘৃত], যব, শ্বেতসর্ষপ ও দুগ্ধ সামান্যমাত্র) প্রমান পাড়যুক্ত ধুতি তিনখানি ও তিনখানি চাদর, পাড়বিহীন তিনখানি ধুতি ও চাদর তিনখানি, শ্রীবৃন্দাদেবীর জন্য প্রমাণ শাড়ী একখানি। শ্রীশ্রীখুন্তীর কাপড় (প্রত্যেক খুন্তীর এক একখানি প্রমাণ গামছা) পৃথকভাবে প্রমাণ গামছা ১০খানি, মোট গামছা ১২খানি, মাটীর প্রদীপ মাঝারী দুইটী ও বড় একটী জাগ প্রদীপ জাগ প্রদীপ রাখিবার জন্য মাটীর হাঁড়ী বড় ১টী ও মুখে ঢাকা দিবার সরা একটী, দধিমঙ্গলের জন্য মাঝারী হাঁড়ী একটী. খোলমঙ্গলের ৩ হাত লম্বা ও ঐ চওড়া ২।৩ খানি বস্ত্র আবশ্যকমত, জাগ প্রদীপের জন্য গব্যঘৃত ৴২ সের (দিবারাত্রির মত) ভোগাদির জন্য ফলমিষ্টান্নাদি আবশ্যকমত—এই সংক্ষিপ্ত তালিকা। ৬৪ মহান্তের ভোগ ইত্যাদি বৃহদনুষ্ঠানে কাপড় গামছাদি প্রত্যেক আসনে দিতে হইবে ও অন্যান্য দ্রব্যাদিও সেই অনুসারে দিতে হইবে।

ইতি শ্রীগ্রন্থ সম্পূর্ণ।

বৈষ্ণব গ্রন্থাবলী।

১। সংক্ষিপ্ত নিত্যক্রিয়া ও বৈধীক্রিয়া পদ্ধতি—

মূল্য—॥০

২। শ্রীশ্রীরূপসনাতন স্তোত্র—শ্রীশ্রীগোবর্দ্ধন ভট্ট গোস্বামি প্রণীত (পদ্যানুবাদ সহ) মূল্য—।৵০

——(:*:)——

৩। চরিত সুধা অর্থাৎ শ্রীরাধারমণ চরণ দাস দেবের জীবন চরিত। সমগ্র ছয়খণ্ডে সমাপ্ত।
প্রতি খণ্ডের মূল্য—১৲ একত্র ছয়খণ্ডের

মূল্য - ৫৲

৪। The Life of Love or The True salt of the Earth.
By Narendra Nath Chatterjee.

Price Re 1/8.

৫। The Mystry of Life.

By a graduate

Price Re 1/-

প্রকাশক—শ্রীরামদাস বাবাজী মহাশয়।
শ্রীরাধারমণ বাগ,
শ্রীধাম-নবদ্বীপ।